
আকৃতি	• অগ্ন্যাশয় ১২-১৫ সেন্টিমিটার লম্বা ও ৫ সেন্টিমিটার চওড়া।
আকার	• অনেকটা মরিচের মত।
অবস্থান	• পাকস্থলির নিচে ডিওডেনামের অর্ধবৃত্তাকার কুণ্ডলির মাঝে অবস্থিত।
অংশ	• এটি তিনটি অংশ বিভক্ত- মাথা, দেহ ও লেজ। [চিত্র-০৩, পৃষ্ঠা-II দেখো]
নালি	• অগ্ন্যাশয়ের গ্রন্থিগুলো থেকে ছোট ছোট নালিকা বেরিয়ে একত্রিত হয় এবং উইর্সাং নালি গঠন করে। • উইর্সাং নালি অভিন্ন পিত্তনালির সাথে মিলিত হয়ে অ্যাম্পুলা অব ভ্যাটার-এর মাধ্যমে ডিওডেনামে প্রবেশ করে।

[Ref: গাঙ্গী আজমল স্যার + আবদুল আশীম স্যার]



❖ অগ্ন্যাশয়ের গঠনঃ

- অগ্ন্যাশয় একটি মিশ্র গ্রন্থি হওয়ায় একে বহিঃক্ষরা ও অন্তঃক্ষরা গ্রন্থির সমন্বয়ে গঠিত। যথা -

বহিঃক্ষরা গ্রন্থি	<ul style="list-style-type: none"> • অগ্ন্যাশয়ের গ্রন্থিগুলোর মধ্যে 90% বহিঃক্ষরা। • এনজাইম ক্ষরণকারী নালিযুক্ত গ্রন্থি। • অসংখ্য লোবিউল বা অ্যাসিনাস থাকে। • লোবিউলের কোষ থেকে অগ্ন্যাশয় রস নিঃসৃত হয়। • অগ্ন্যাশয় রসের এনজাইম সমূহ পরিপাকে সাহায্য করে।
অন্তঃক্ষরা গ্রন্থি	<ul style="list-style-type: none"> • এদের আইলেটস অব ল্যাংগারহ্যান্স বা ল্যাংগার হ্যান্সের দ্বীপপুঞ্জ বলে। • অগ্ন্যাশয়ের 10% গ্রন্থিকলা অন্তঃক্ষরা। • হরমোন ক্ষরণকারী অনাল গ্রন্থি নিয়ে গঠিত। • লোবিউলগুলোর ফাঁকে ফাঁকে বহুভুজাকৃতির কিছু কোষ গুচ্ছাকারে অবস্থান করে।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❖ আইলেটস অব ল্যাংগারহ্যান্স এর কোষঃ

কোষ	নিঃসৃত হরমোন	কাজ
(১) আলফা কোষ	গ্লুকাগন	রক্তে গ্লুকোজের পরিমাণ বৃদ্ধি করে।
(২) বিটা কোষ	ইনসুলিন	রক্তের গ্লুকোজের পরিমাণ কমায়।
(৩) ডেল্টা কোষ	সোম্যাটোস্ট্যাটিন	আলফা ও বিটা কোষের ক্ষরণ নিয়ন্ত্রণ করে।
(৪) গামা কোষ / PP কোষ	প্যানক্রিয়েটিক পলিপেপটাইড	অগ্ন্যাশয় রস ক্ষরণে বাধা দেয়।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❖ অগ্ন্যাশয় রসঃ

ক্ষরণ	<ul style="list-style-type: none"> • দু ধরনের- পরিপাক এনজাইম এবং ক্ষারীয় তরল।
উপাদান	<ul style="list-style-type: none"> ক. পানিঃ ৯৮%। খ. জৈব বস্তু (১.৮%) : এনজাইম যথা- ট্রিপসিন, অ্যামাইলেজ, লাইপেজ, কাইমোট্রিপসিন ইত্যাদি। গ. অজৈব বস্তু (০.২%) : সোডিয়াম, পটাশিয়াম, ক্যালসিয়াম, ম্যাগনেসিয়াম ও জিঙ্কের বাইকার্বনেট লবণ ইত্যাদি।
কাজ	<ul style="list-style-type: none"> • বাইকার্বনেট দ্বারা পাকস্থলীয় অম্লীয় রসকে প্রশমিত করে। • অগ্ন্যাশয় রসে বিদ্যমান এনজাইম খাদ্যকে পরিপাক করে। • অম্ল-ক্ষারের ভারসাম্য, পানিসাম্য, দেহতাপ নিয়ন্ত্রণ করে।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❓ বিগত বছরের প্রশ্নসমূহ (অগ্ন্যাশয়)

০১। কোনটি মিশ্র গ্রন্থি? (MAT: 15-16)	(a) প্যারোটিড	(b) অগ্ন্যাশয়
	(c) সোয়েট	(d) অশ্রু
০২। অগ্ন্যাশয়ের আলফা কোষ থেকে নিঃসৃত হয়- (MAT: 14-15)	(a) ইনসুলিন	(b) প্যানক্রিয়াটিক পলিপেপটাইড
	(c) গ্লুকাগন	(d) লাইপেজ
০৩। নিম্নের কোনটি অগ্ন্যাশয় থেকে নিঃসৃত হয় না? (MAT: 11-12)	(a) ট্রিপসিন	(b) অ্যামাইলেজ
	(c) বাইল সল্ট	(d) গ্লুকাগন

- ০৪। অ্যামাইলেজের প্রধান উৎস নিম্নের কোনটি? (MAT : 10-11)
 (a) যকৃত (b) উদ্ভিদকোষ
 (c) অঙ্কুরিত বীজ (d) অগ্ন্যাশয়
- ০৫। উইর্সাং নালী নিম্নের কোথায় অবস্থিত? (DAT. 10-11)
 (a) অগ্ন্যাশয় (b) লালাগ্রন্থি
 (c) যকৃত (d) আন্ত্রিক গ্রন্থি
- ০৬। কোনটি অগ্ন্যাশয়ের রসে থাকে না? (MAT : 05-06)
 (a) পেপসিন (b) লাইপেজ
 (c) ট্রিপসিন (d) অ্যামাইলেজ
- ০৭। অগ্ন্যাশয় থেকে নিঃসৃত পাচক রস হলো- (MAT: 02-03)
 (a) অ্যামাইলেজ (b) টায়ালিন
 (c) ল্যাকটোজ (d) পিত্ত
- ০৮। অগ্ন্যাশয়ের আইলেটস ল্যাক্সারহ্যান্স নিম্নের কোন হরমোন নিঃসৃত করে? (MAT: 01-02)
 (a) এন্টারোগ্যাস্ট্রিন (b) ইন্স্ট্রোজেন
 (c) প্রোজেস্টেরন (d) গ্লুকাগন

উত্তরঃ	০১। b	০২। c	০৩। c	০৪। d
	০৫। a	০৬। a	০৭। a	০৮। d

৩৩ গ্যাস্ট্রিক গ্রন্থি

আকার	• এক ধরনের নলাকার গ্রন্থি।
অবস্থান	• পাকস্থলি প্রাচীরের মিউকোসা স্তরে প্রায় ৩.৫ মিলিয়ন গ্যাস্ট্রিক পিটে অবস্থান করে।
কোষ	• চার ধরনের কোষ নিয়ে গঠিত।

[Ref: গাজী আজমল স্যার]

❖ গ্যাস্ট্রিক গ্রন্থির কোষঃ

কোষ	কাজ
(১) অক্সিনটিক কোষ বা প্যারাইটাল কোষ	হাইড্রোক্লোরিক এসিড তৈরি করে।
(২) মিউকাস কোষ	মিউকাস উৎপন্ন করে।
(৩) আর্জেন্টাফাইন কোষ	গ্যাস্ট্রিক ইনট্রিনসিক ফ্যাক্টর তৈরি করে।
(৪) জাইমোজেনিক কোষ বা পেপটিক বা চীফ কোষ	পেপসিনোজেন উৎপন্ন করে।

[Ref: গাজী আজমল স্যার]

❖ গ্যাস্ট্রিক রসঃ

দৈনিক ক্ষরণ	• একজন পূর্ণ বয়স্ক মানুষ প্রতিদিন প্রায় ২ লিটার গ্যাস্ট্রিক জুস তৈরি করে।
উপাদান	• পানি: ৯৯.৪৫%। • অজৈব পদার্থ: ০.১৫% (HCl, NaCl ইত্যাদি)। • জৈব পদার্থ: ০.৪০% -মিউসিন, ইনট্রিনসিক ফ্যাক্টর, এনজাইম (পেপসিন, রেনিন, লাইপেজ ইত্যাদি)।
কাজ	• HCl পাকস্থলিতে অম্লীয় পরিবেশ সৃষ্টি করে, ব্যাকটেরিয়া ধ্বংস করে এবং নিষ্ক্রিয় এনজাইমকে সক্রিয় করে। • পাকস্থলির প্রাচীরকে সুরক্ষা প্রদান করে। • কিছু বিষাক্ত বস্তু, ভারী ধাতু, অ্যালকালয়েড বস্তু ইত্যাদি গ্যাস্ট্রিক রসের সঙ্গে দেহ থেকে বহিকৃত হয়। • গ্যাস্ট্রিক রসের এনজাইমগুলো প্রোটিন ও লিপিড জাতীয় খাদ্য পরিপাক করে।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আশীম স্যার]

বিগত বছরের প্রশ্নসমূহ (গ্যান্ট্রিক গ্রন্থি)

- ০১। কোন কোষ হতে পাকস্থলিতে HCl তৈরি হয়? (DAT : 16-17)
- (a) চীফ কোষ (b) G কোষ
(c) প্যারাইটাল কোষ (d) বিটা কোষ
- ০২। নিম্নের কোনটি সঠিক নয়? (DAT : 09-10)
- (a) লালারসে টায়ালিন নামক উৎসেচক উপস্থিত থাকে
(b) প্রতিদিন প্রায় 2 লিটার গ্যান্ট্রিক রস নিঃসৃত হয়
(c) মিউসিন HCl-এর ক্ষতিকর ভূমিকা থেকে পাকস্থলি প্রাচীরকে রক্ষা করে
(d) হাইড্রোক্লোরিক এসিডের উপস্থিতি পেপসিনের কার্যক্রমকে বাঁধাগ্রস্ত করে
- ০৩। নিম্নের কোনটি পাকস্থলির প্যারাইটাল কোষ থেকে নিঃসৃত হয়? (MAT : 08-09)
- (a) পেপসিনোজেন (b) হাইড্রোক্লোরিক এসিড
(c) মিউসিন (d) গ্যাসট্রিন
- ০৪। পাকস্থলির পাচক রসে থাকে না কোনটি? (DAT : 06-07)
- (a) পেপসিন (b) অ্যামাইলেজ
(c) লাইপেজ (d) হাইড্রোক্লোরিক এসিড
- ০৫। মানুষের পাকস্থলিতে প্রতিদিন কতটুকু গ্যান্ট্রিক রস নিঃসৃত হয়? (MAT : 04-05)
- (a) প্রায় এক লিটার (b) প্রায় দেড় লিটার
(c) প্রায় দুই লিটার (d) প্রায় আড়াই লিটার
- ০৬। কোনটি পাকস্থলির গ্রন্থি থেকে নিঃসৃত হয় না? (DAT : 04-05)
- (a) পেপসিন (b) HCl এসিড
(c) মিউসিন (d) টায়ালিন

উত্তরঃ	০১। c	০২। d	০৩। b	০৪। b	০৫। c	০৬। d
--------	-------	-------	-------	-------	-------	-------

আন্ত্রিক গ্রন্থি

অন্য নাম	• ক্রিপ্টস অব লিবারকুয়ন।
ধরন	• এককোষী গ্রন্থি।
গ্রন্থিসমূহ	• ব্রাশকোষ, গবলেট কোষ, প্যানেথ কোষ, আরজেন্টাফিন কোষ, লিবারকুয়ন এর গ্রন্থি এবং ক্রনার-এর গ্রন্থি।

❖ আন্ত্রিক রস বা সাক্রাস ইন্টেরিকাসঃ

[Ref: গাজী আজমল স্যার]

উৎস	• আন্ত্রিক গ্রন্থি থেকে নিঃসৃত।
উপাদান	• পানি : ৯৮.৫%। • অজৈব পদার্থ : Na, K, Ca, Mg এর লবণ। • জৈব পদার্থ: ক) সক্রিয়কঃ এন্টারোকাইনেজ; খ) এনজাইমঃ ট্রিপসিনোজেন, পেপটাইডেজ, অ্যামাইলেজ, মল্টেজ, ল্যাক্টেজ, সুক্রোজ, লাইপেজ প্রভৃতি।
কাজ	• অস্ত্রের প্রাচীরকে বিভিন্ন এনজাইমের ক্রিয়া থেকে রক্ষা করে। • এন্টারোকাইনেজ নিষ্ক্রিয় ট্রিপসিনোজেনকে সক্রিয় ট্রিপসিনে পরিণত করে। • এতে বিদ্যমান এনজাইমসমূহ শর্করা, আমিষ ও স্নেহ খাদ্য পরিপাক করে।


[Ref: গাজী আজমল স্যার + আবদুল আশীম স্যার]



Unmesh Special

কিভাবে ভুলে যাই তোমায়...

- ❖ আন্ত্রিক গ্রন্থির কোষঃ ব্রনাইতে ব্রাশফায়ারে আরলি (Early) প্রাণ গেল।



৩৩৩ মানুষের খাদ্য পরিপাক প্রণালী

- ❖ খাদ্য উপাদান, পরিপাককারী এনজাইম ও উৎপন্ন দ্রব্যঃ

খাদ্যের উপাদান	প্রধান এনজাইম	উৎপন্ন দ্রব্য
শর্করা (ভাত, রুটি, চিনি, শাক-সবজি)	অ্যামাইলোলাইটিক এনজাইম	গ্লুকোজ
আমিষ (মাছ, মাংস, ডাল)	প্রোটিনোলাইটিক এনজাইম	অ্যামিনো এসিড
স্নেহদ্রব্য (ভোজ্যতেল, ঘি, মাখন, প্রাণিজ চর্বি)	লাইপোলাইটিক এনজাইম	ফ্যাটি এসিড ও গ্লিসারিন

[Ref: গাজী আজমল স্যার]

- ❖ পৌষ্টিকনালির বিভিন্ন অঞ্চলে খাদ্যের যান্ত্রিক পরিপাকঃ

মুখগহ্বর	<ul style="list-style-type: none"> • মুখগহ্বরের লালা, দাঁত এবং জিহ্বার যান্ত্রিক পরিপাক সম্পন্ন হয়। • যান্ত্রিক পরিপাকের সময় খাদ্যমন্ড নিষ্পেষিত হয়ে নরম খাদ্যমন্ড (bolus) এ পরিণত। • কোমল তালু (soft palate) খাদ্যবস্তুর নাসাচ্ছিন্নপথে প্রবেশ বাঁধা দেয়। • আলজিহ্বা (epiglottis) খাদ্যবস্তুর শ্বাসনালিতে প্রবেশ বাঁধা দেয়।
পাকস্থলি	<ul style="list-style-type: none"> • পেশিস্তর পাকস্থলি প্রাচীর নানাদিকে সঞ্চালিত হয়ে মুখগহ্বর থেকে আসা অর্ধচূর্ণ খাদ্যকে পিষে পেট্ট এ পরিণত করে। • খাদ্যবস্তুর পাকস্থলিতে প্রবেশের পর প্রতি ১৫-২০ সেকেন্ড পর পর পাকস্থলির প্রাচীরে একটি পেরিস্ট্যালটিক সঞ্চালন প্রবাহিত হয়। • গ্যাস্ট্রিক জুস খাদ্যের সঙ্গে মিশে সুপের মতো মিশ্রণে পরিণত হয়। এ অবস্থা কাইম বা পাকমন্ড নামে পরিচিত। • মুখ থেকে চর্বি খাদ্য অন্ননালিপথে পাকস্থলিতে এসে ২-৬ ঘন্টাকাল অবস্থান করে।
ক্ষুদ্রান্ত্র	<ul style="list-style-type: none"> • সব ধরনের খাদ্যের চূড়ান্ত পরিপাক ক্ষুদ্রান্ত্রেই সংঘটিত হয়। • ক্ষুদ্রান্ত্রে খাদ্যের উপর ৩ ধরনের রস ক্রিয়া করে। যেমন: পিত্তরস, আন্ত্রিক রস, অগ্ন্যাশয় রস। • ক্ষুদ্রান্ত্রে খাদ্যের দু'ধরনের যান্ত্রিক প্রক্রিয়া সাধিত হয়। প্রথমত সেগমেন্টেশন এবং দ্বিতীয়ত পেরিস্ট্যালটিক সঞ্চারণ। • পিত্তলবণের প্রভাবে স্নেহদ্রব্যের ক্ষুদ্রক্ষুদ্র কণায় পরিণত হওয়ার প্রক্রিয়াকে অবদ্রবণ বা ইমালসিফিকেশন বলে। • খাদ্য ক্ষুদ্রান্ত্রের তিন থেকে পাঁচ ঘন্টা পর্যন্ত অবস্থান করে। • কাইম প্রতি মিনিটে এক সেন্টিমিটার গতিতে সঞ্চালিত হয়।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❖ পৌষ্টিকনালির বিভিন্ন অঞ্চলে খাদ্যের রাসায়নিক পরিপাকঃ

পরিপাকস্থল	পরিপাকগ্রন্থি ও পরিপাকরস	পরিপাকরসের এনজাইম	প্রভাবিত খাদ্যের নাম	সরলীকৃত উপাদান
মুখবিবর	লালাগ্রন্থি নিঃসৃত লালারস	কার্বোহাইড্রেট পরিপাককারী ১. টায়ালিন ২. মল্টেজ (অল্পমাত্রায়)	১. স্টার্চ ও গ্লাইকোজেন ২. মল্টোজ	১. মল্টোজ ২. গ্লুকোজ
পাকস্থলি	গ্যাস্ট্রিক গ্রন্থি নিঃসৃত পাচকরস	প্রোটিন পরিপাককারী ১. পেপসিন ২. জিলেটিনেজ ৩. রেনিন	১. প্রোটিন ২. জিলেটিন ৩. দুগ্ধ কেসিন	১. প্রোটিওজ ও পেপটোন ২. পেপটোন ও পলিপেপটাইড ৩. প্যারাকেসিন
		লিপিড পরিপাককারী ১. লাইপেজ	১. লিপিড	১. ফ্যাটি এসিড ও গ্লিসারল
ক্ষুদ্রান্ত্র	অগ্ন্যাশয় নিঃসৃত অগ্ন্যাশয় রস	প্রোটিন পরিপাককারী ১. ট্রিপসিন ২. কাইমোট্রিপসিন ৩. কার্বোক্সিপেপটাইডেজ ৪. অ্যামিনোপেপটাইডেজ ৫. ট্রাইপেপটাইডেজ ৬. ডাইপেপটাইডেজ ৭. কোলাজিনেজ	১. প্রোটিওজ ও পেপটোন ২. প্রোটিওজ ও পেপটোন ৩. পলিপেপটাইডের প্রাণীয় লিঙ্গেজ ৪. পলিপেপটাইড ৫. ট্রাইপেপটাইড ৬. ডাইপেপটাইড ৭. কোলাজেন	১. পলিপেপটাইড ২. পলিপেপটাইড ৩. সরল পেপটাইড ও অ্যামিনো এসিড ৪. অ্যামিনো এসিড ৫. অ্যামিনো এসিড ৬. অ্যামিনো এসিড ৮. সরল পেপটাইড
		শর্করা পরিপাককারী ১. অ্যামাইলেজ ২. মল্টেজ	১. স্টার্চ ও গ্লাইকোজেন ২. মল্টোজ	১. মল্টোজ ২. গ্লুকোজ
		লিপিড পরিপাককারী ১. লাইপেজ ২. ফসফোলাইপেজ ৩. কোলেস্টেরল এস্টারেজ	১. চর্বি (লিপিড) ২. ফসফোলিপিড ৩. কোলেস্টেরল এস্টার	১. ফ্যাটি এসিড ও গ্লিসারল ২. ফ্যাটি এসিড ৩. ফ্যাটি এসিড
	আন্ত্রিক গ্রন্থি নিঃসৃত এনজাইমসমূহ (মেমব্রেন এনজাইম)	প্রোটিন পরিপাককারী ১. অ্যামিনোপেপটাইডেজ	১. পেপটাইড অণু	১. অ্যামিনো এসিড
		লিপিড পরিপাককারী ১. লাইপেজ ২. অ্যালকলাইন ফসফেটেজ	১. ট্রাইগ্লিসারাইড ও ডাইগ্লিসারাইড ২. ফসফোলিপিড	১. মনোগ্লিসারাইড ও ফ্যাটি এসিড ২. গ্লিসারল, ফ্যাটি এসিড, ফসফোরিক এসিড এবং এদের বেস (যেমন- কোলিন)
		কার্বোহাইড্রেট পরিপাককারী ১. ল্যাক্টেজ ২. মল্টেজ ৩. সুফ্রেজ ৪. অ্যামাইলেজ	১. ল্যাক্টোজ ২. মল্টোজ ৩. সুফ্রোজ ৪. স্টার্চ ও ডেক্সট্রিন	১. গ্লুকোজ ও গ্যালাক্টোজ ২. গ্লুকোজ ৩. গ্লুকোজ ও ফ্রুক্টোজ ৪. সরল শর্করা
		নিউক্লিক এসিড পরিপাককারী ১. নিউক্লিয়েডেস ২. নিউক্লিওটাইডেজ ৩. নিউক্লিওসাইডেজ	১. নিউক্লিক এসিড ২. নিউক্লিওটাইড ৩. নিউক্লিওসাইড	১. মনোনিউক্লিওটাইড ২. নিউক্লিওসাইড ও ফসফেট গ্রুপ ৩. পেপ্টোজ সুগার ও নাইট্রোজেন বেস

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আদীম স্যার]

Unmesh Special

ভুলবো না কখনোও...

❖ অগ্ন্যাশয় রসের এনজাইমসমূহঃ আনিস কাকা লাইকস টু ট্রাই কোলাব্যাঙ ফ্রাই।

আনিস ↓ অ্যামিনোপেপটাইডেজ অ্যামাইলেজ	কাকা ↓ কার্বোপ্পিপেপটাইডেজ কাইমোট্রিপসিন	লাইকস ↓ লাইপেজ	টু ট্রাই ↓ ট্রিপসিন ট্রাইপেপটাইডেজ	কোলাব্যাঙ ↓ কোলাজিনেজ কোলেস্টেরল এষ্টারেজ	ফ্রাই ↓ ফসফোলাইপেজ
--	---	----------------------	---	--	--------------------------



জানা না অজানা ?

পাকস্থলির প্রাচীর নিজেই এনজাইম দ্বারা পরিপাক হয়ে যায় না কেন? কারণ-

- এনজাইমগুলো নিষ্ক্রিয় অবস্থায় ক্ষরিত হয়।
- পাকস্থলি প্রাচীরের কোষ মিউকাস উৎপাদন করে এবং গাত্র মিউকাসের আবরণে আবৃত থাকে।
- কোষের এন্টিএনজাইম পাকস্থলির প্রাচীরস্থ কোষের উপর ক্রিয়া করতে দেয় না।

❖ এনজাইমের নিষ্ক্রিয় ও সক্রিয় রূপঃ

নিষ্ক্রিয় এনজাইম	সক্রিয়ক	সক্রিয় রূপ
ট্রিপসিনোজেন	এন্টারোকাইনেজ	ট্রিপসিন
কাইমোট্রিপসিনোজেন	ট্রিপসিন	কাইমোট্রিপসিন
প্রোরেনিন	HCl	রেনিন
পেপসিনোজেন	HCl	পেপসিন

[Ref: গাজী আজমল স্যার]



বিগত বছরের প্রশ্নসমূহ (খাদ্য পরিপাক প্রণালি)

০১। আমিষ পরিপাককারী এনজাইম কোনটি? (DAT: 17-18)

- (a) মল্টেজ (b) সুক্রোজ
(c) ট্রিপসিন (d) লাইপেজ

০২। প্রোটিন পরিপাককারী এনজাইম নয় কোনটি? (DAT: 16-17)

- (a) ট্রিপসিন (b) অ্যামাইনোপেপটাইডেজ
(c) কাইমোট্রিপসিন (d) অ্যামাইলেজ

০৩। পেপসিনের ক্ষেত্রে কোনটি সত্য নয়? (MAT: 15-16)

- (a) ইহা পাকস্থলি থেকে নিঃসৃত হয়
(b) ইহা আমিষ পরিপাক শুরু করে
(c) পরিপাকের জন্য ইহা অম্লীয় পরিবেশ সৃষ্টি করে।
(d) ইহা অগ্ন্যাশয় থেকে নিঃসৃত হয়

০৪। পরিপাক সম্পর্কিত নিম্নের কোন তথ্যটি সঠিক নয়? (MAT: 11-12)

- (a) মুখগহ্বরে কোন এনজাইম নিঃসৃত হয় না
 (b) চর্বি জাতীয় খাদ্যের জন্য পিত্তরসের বিশেষ লবণ প্রয়োজন হয়
 (c) বৃহদন্ত্রে কোন প্রকার খাদ্য উপাদান পরিপাক হয় না
 (d) ক্ষুদ্রান্ত্রে pH ক্ষারীয় মাত্রায় থাকে

০৫। নিম্নের কোনটি আমিষ জাতীয় উপাদান কিন্তু এনজাইম নয়? (MAT: 11-12)

- (a) টায়ালিন (b) গামা গ্লোবিউলিন
 (c) ট্রিপোনিন (d) লাইপেজ

০৬। নিচের কোন বিক্রিয়াটি সঠিক? (DAT: 10-11)

- (a) ডেক্সট্রিন $\xrightarrow{\text{অ্যামাইলেজ}}$ গ্লুকোজ + গ্যালাক্টোজ
 (b) তৈল + চর্বি $\xrightarrow{\text{এস্টারেজ}}$ ফ্যাটি এসিড + গ্লিসারিন
 (c) সেনুলোজ $\xrightarrow{\text{সেলুলেজ}}$ গ্লুকোজ + গ্লুকোজ
 (d) প্রোটিন $\xrightarrow{\text{ট্রিপসিন}}$ অ্যামাইনো এসিড

০৭। নিম্নের কোনটি শ্বেতসার পরিপাকে সাহায্যকারী উৎসেচক নয়? (MAT: 09-10)

- (a) মল্টেজ (b) টায়ালিন
 (c) অ্যামাইলেজ (d) লাইসোজাইম

০৮। কোনটি লাইপেজ এনজাইম নয়? (MAT: 06-07)

- (a) এস্টারেজ (b) কোলেস্টারেজ
 (c) লেসিথিনেজ (d) ইনুলিনেজ

০৯। মানবদেহের পরিপাকের জন্য কোনটি সঠিক এনজাইমের উদাহরণ নয়? (DAT: 06-07)

- (a) প্রোটিন পরিপাকে সাহায্যকারী পাকস্থলীয় এনজাইম, অ্যামাইনো পেপটাইডেজ, ট্রাইপেপটাইডেজ, প্রোলিডেজ প্রভৃতি
 (b) কার্বোহাইড্রেট পরিপাকের সাহায্যকারী অগ্ন্যাশয়ের রসের এনজাইম অ্যামাইলেজ ও মল্টেজ
 (c) প্রোটিন পরিপাকে সাহায্যকারী অগ্ন্যাশয়ের রসের এনজাইম, নিষ্ক্রিয় ট্রিপসিনোজেন, কার্বোক্সিপেপটাইডেজ-এ এবং বি, ইলাস্টেজ, কোলাজিনেজ প্রভৃতি
 (d) লিপিড পরিপাকে সাহায্যকারী আন্ত্রিক রসের এনজাইম, ফসফোলাইপেজ ও কোলেস্টেরল এস্টারেজ

১০। শোষিত খাদ্যবস্তুর প্রোটোপ্লাজমে রূপান্তরকে বলে- (MAT: 02-03)

- (a) পরিপাক (b) শোষণ
 (c) আন্তীকরণ (d) অভিশোষণ


উত্তরঃ	০১। c	০২। d	০৩। d	০৪। a	০৫। b	০৬। d
	০৭। d	০৮। d	০৯। a	১০। c		

খাদ্যবস্তুর শোষণ

শোষণের স্থান	<ul style="list-style-type: none"> ক্ষুদ্রান্ত্রের ইলিয়াম (৯০%) বৃহদন্ত্র ও পাকস্থলি (১০%)
শোষণের অঙ্গ	<ul style="list-style-type: none"> ক্ষুদ্রান্ত্রের অন্তঃপ্রাচীরের ক্ষুদ্র অভিক্ষেপ বা ভিলাই। মানুষের অন্ত্রে প্রায় ৫০,০০০ ভিলাই থাকে।
ল্যাকটিয়োল	<ul style="list-style-type: none"> কাইলোমাইক্রন প্রবেশ করলে লসিকা সাদা বর্ণ ধারণ করে। একে ল্যাকটিয়োল বলে।

[Ref: গাজী আজমল স্যার]

❖ বিভিন্ন খাদ্যবস্তুর শোষণঃ



[Ref: গাজী আজমল স্যার]

❖ পরিপাক ও শোষণের মধ্যে পার্থক্যঃ

পার্থক্যের বিষয়	পরিপাক	শোষণ
কী ঘটে?	বৃহদাকৃতির জটিল খাদ্য যান্ত্রিক ও রাসায়নিক ক্রিয়ায় ভেঙ্গে সরল ও শোষণ উপযোগী খাদ্যসারে পরিণত হয়।	সরল খাদ্যসার পরিপাক নালি হতে রক্তে প্রবেশ করে।
সংঘটন স্থান	মুখবিবর, পাকস্থলি ও অন্ত্রের গহ্বর।	অন্ত্রের ইলিয়াম ও জেজুনােমের ভিলাই।
এনজাইম	প্রয়োজন হয়।	প্রয়োজন হয় না।
জৈব শক্তি	প্রয়োজন হয়।	প্রয়োজন হয় না।
ধরন	সক্রিয় প্রক্রিয়া।	নিষ্ক্রিয় ব্যাপন প্রক্রিয়া।
যান্ত্রিক ও রাসায়নিক পরিবর্তন	ঘটে।	ঘটে না।
রক্তের প্রত্যক্ষ সংশ্লিষ্টতা	নেই।	আছে।

[Ref: আবদুল আশীম স্যার]

৩ পরিপাকের স্নায়ুতন্ত্র ও হরমোনের ভূমিকা

❖ লালান্ধরণঃ

- দু ধরনের প্রতিবর্ত ক্রিয়া মুখগহ্বরের লালান্ধরণ নিয়ন্ত্রণ করে। যথা-

(ক) অনপেক্ষ প্রতিবর্ত ক্রিয়া	<ul style="list-style-type: none"> • খাদ্য মুখগহ্বরের প্রবেশের সঙ্গে সঙ্গে অনপেক্ষ প্রতিবর্ত ক্রিয়া শুরু হয়ে যায়। • জিভের স্বাদ কুঁড়ির রিসেপ্টর খাদ্যের স্বাদে উদ্দীপ্ত হয়। • যে প্রতিবর্ত ক্রিয়া মস্তিষ্ক হয়ে অতিক্রম করে তাকে করোটিক প্রতিবর্ত বলে।
(খ) সাপেক্ষ প্রতিবর্ত ক্রিয়া	<ul style="list-style-type: none"> • খাবার দেখে, গন্ধ শুঁকে, চিন্তা ভাবনা শেষে সিদ্ধান্ত গ্রহণ করা এ প্রতিবর্তের অন্তর্ভুক্ত।

[Tips: মস্তিষ্কের হাইপোথ্যালামাসে অবস্থিত ক্ষুধা কেন্দ্র মানুষের ক্ষুধা ও খাদ্যগ্রহণ নিয়ন্ত্রণ করে।]

[Ref: গাজী আজমল স্যার]


❖ গ্যাস্ট্রিক জুস (পাচক রস) ক্ষরণঃ

- গ্যাস্ট্রিক জুসের ক্ষরণ হয় ৩টি ধাপে। যথা-

(i) স্নায়বিক বা সেফালিক ধাপ	<ul style="list-style-type: none"> • পাকস্থলিতে খাদ্য পৌঁছার আগেই শুরু হয়। • এক ঘণ্টাকাল স্থায়ী হয়। • স্নায়ু উদ্দীপনা মস্তিষ্ক থেকে ভ্যাগাস স্নায়ুর মাধ্যমে পাকস্থলিতে পৌঁছায়।
(ii) গ্যাস্ট্রিক ধাপ	<ul style="list-style-type: none"> • পাকস্থলিতে সংঘটিত হয়। • গ্যাস্ট্রিক জুস ক্ষরণ প্রায় ৪ ঘণ্টা স্থায়ী হয়।
(iii) আন্ত্রিক ধাপ	<ul style="list-style-type: none"> • ক্ষুদ্রান্ত্রে সংঘটিত হয়। • ডিওডেনামের মিউকোসা দুধরনের হরমোন ক্ষরণ করে। যথা- ক. সিক্রেটিন (এসিড বিরোধী হরমোন) পাকস্থলিতে গ্যাস্ট্রিক জুস ক্ষরণে বাঁধা দেয়। খ. কোলেসিস্টোকাইনিন (CCK) পাইলোরিক স্ফিংকটারের পেশিকে সংকুচিত করে পাকস্থলি শুন্য হতে বাঁধা দেয়।

[Ref: গাজী আজমল স্যার]

❖ পরিপাকে স্নায়ুতন্ত্রের ভূমিকাঃ



[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❖ পরিপাকে হরমোনের ভূমিকাঃ

হরমোনের নাম	উৎস	কাজ
(i) গ্যাস্ট্রিন	পাকস্থলির জি-কোষ	<ul style="list-style-type: none"> • গ্যাস্ট্রিক জুস নিঃসরণ নিয়ন্ত্রণ করে। • HCl ক্ষরণ নিয়ন্ত্রণ করে।
(ii) সিক্রেটিন	অন্ত্রের ডিওডেনাম	<ul style="list-style-type: none"> • অগ্ন্যাশয় রস নিঃসরণ নিয়ন্ত্রণ করে। • যকৃতকে পিত্তরস ক্ষরণে উদ্দীপিত করে। • পাকস্থলির প্রাচীরকে পেপসিন এনজাইম ক্ষরণে সাহায্য করে। • পাকস্থলিতে গ্যাস্ট্রিক জুস ক্ষরণে বাঁধা দেয়।
(iii) কোলেসিস্টোকাইনিন বা প্যানক্রিওজাইমিন	ক্ষুদ্রান্ত্রের প্রাচীর	<ul style="list-style-type: none"> • পিত্তরসের নিঃসরণ নিয়ন্ত্রণ করে। • অগ্ন্যাশয়ের বৃদ্ধি ও বিকাশ। • অগ্ন্যাশয় রস ক্ষরণ।
(iv) সোম্যাটোস্ট্যাটিন	পাকস্থলি ও অন্ত্রের ডি কোষ	<ul style="list-style-type: none"> • গ্যাস্ট্রিনের ক্ষরণ নিবারণ ও পাকস্থলি রসের ক্ষরণ হ্রাস। • অগ্ন্যাশয় রসের ক্ষরণ হ্রাস।
(v) এন্টেরোকাইনিন	ইলিয়ামের প্রাচীর	<ul style="list-style-type: none"> • আন্ত্রিক গ্রন্থি থেকে মল্টেজ, সুফ্রেজ, ইনভারটেজ ও ল্যাকটেজ এনজাইম নিঃসৃত হয়।
(vi) পেপটাইড YY	ইলিয়ামের প্রাচীর	<ul style="list-style-type: none"> • অন্ত্রে খাদ্যের গতি মন্থর করে।
(vii) এন্টারোগ্যাস্ট্রোন বা GIP	ডিওডেনাম প্রাচীর	<ul style="list-style-type: none"> • পাকস্থলির বিচলন ও গ্যাস্ট্রিক জুস নিঃসরণে বাঁধা সৃষ্টি করে। • গ্যাস্ট্রিক সংকোচন হ্রাস করার জন্য একে গ্যাস্ট্রিক ইনহিবিটরি পেপটাইড বলা হয়।
(viii) এন্টারোক্রাইনিন	ডিওডেনাম প্রাচীর	<ul style="list-style-type: none"> • লিবারকুন গ্রন্থীকে উদ্দীপিত করে আন্ত্রিক রসে এনজাইম ও মিউকাস ক্ষরণ করে।
(ix) ডিওক্রাইনিন	ডিওডেনাম প্রাচীর	<ul style="list-style-type: none"> • ক্রনারের গ্রন্থীকে উদ্দীপিত করে আন্ত্রিক রসে এনজাইম ও মিউকাস ক্ষরণ করে।
(x) প্যানক্রিয়েটিক পলিপেপটাইড	আইলেটস অব ল্যান্সারহ্যান্স	<ul style="list-style-type: none"> • অগ্ন্যাশয় রস ক্ষরণে বাঁধা দেয়।
(xi) ভিলিকাইনিন	ক্ষুদ্রান্ত্রের প্রাচীর	<ul style="list-style-type: none"> • ভিলাই এর কার্যকারিতা বৃদ্ধি করে।
(xii) ভেসোঅ্যাকটিভ ইনটেস্টিনাল পলিপেপটাইড	ক্ষুদ্রান্ত্রের প্রাচীর	<ul style="list-style-type: none"> • অন্ত্রপ্রাচীরের রক্ত জালিকাগুলোকে প্রসারিত করে। • গ্যাস্ট্রিক এসিড নিঃসরণ বন্ধ করে।

[Ref: গাঙ্গী আজমল স্যার + আবদুল আদীম স্যার]

Unmesh Special পরিপাকের হরমোন.....

❖ খাদ্য পরিপাক নিয়ন্ত্রণকারী হরমোনঃ গ্যাসেই SPEED

গ্যাসেই	S	P	E	E	E	D
↓	↓	↓	↓	↓	↓	↓
Gastrin	Secretin	Pancreozymin	Enterokinin	Enterogastone	Enterocrinin	Deocrinin
	Somatostatin	/Cholecystokinin				



❖ এনজাইম ও হরমোনের মধ্যে পার্থক্যঃ

পার্থক্যের বিষয়	এনজাইম	হরমোন
নিঃসরণ	সনাল গ্রন্থি থেকে কিংবা কোষাভ্যন্তরে।	অনাল গ্রন্থি থেকে।
ক্রিয়াস্থল	উৎসের নিকটবর্তী স্থানে।	উৎস থেকে দূরবর্তী স্থানে।
কাজ	বিক্রিয়ার গতিককে ত্বরান্বিত করে।	রাসায়নিক বিক্রিয়াকে উদ্দীপিত করে এবং বিক্রিয়া শেষে ধ্বংসপ্রাপ্ত হয়।
কাজের গতি	দ্রুত ও ফলাফল তাৎক্ষণিক।	মন্দ্র ও ফলাফল সুদূরপ্রসারী।
রাসায়নিক বিক্রিয়া	উভমুখী।	একমুখী।
পরিবহন মাধ্যম	নালি।	রক্ত।
কোষ আবরণী দিয়ে ব্যাপন	ঘটে না।	ঘটে।
উদাহরণ	ট্রিপসিন, অ্যামাইলেজ, লাইপেজ ইত্যাদি।	গ্রোথ হরমোন, থাইরক্সিন, ইনসুলিন ইত্যাদি।

[Ref: আবদুল আলীম স্যার]

❓ বিগত বছরের প্রশ্নসমূহ (পরিপাকে স্নায়ুতন্ত্র ও হরমোনের ভূমিকা)

০১। নিচের কোন হরমোনটি পাকস্থলির হাইড্রোক্লোরিক এসিড নিঃসরণ নিয়ন্ত্রণ করে? (MAT: 17-18)

(a) এস্টেরোকাইনি (b) সিক্রেটিন
(c) সোম্যাটোস্ট্যাটিন (d) গ্যাস্ট্রিন

০২। নিচের কোন জোড়াটি লোকাল হরমোনের উদাহরণ? (DAT: 17-18)

(a) ইনসুলিন ও অ্যাড্রেনালিন
(b) থাইরক্সিন ও সিক্রেটিন
(c) সিক্রেটিন ও এন্টারোগ্যাস্ট্রিন
(d) ইস্ট্রোজেন ও প্রোজেস্টেরন

০৩। নিম্নের বামদিকের কোনটি ডানদিকের কোনটি সঙ্গে সামঞ্জস্যপূর্ণ? (DAT: 09-10)

(a) গ্যাস্ট্রিন-আন্ত্রিক রস নিঃসরণ নিয়ন্ত্রণ করে
(b) কোলেসিস্টোকাইনি-লালারস নিঃসরণ নিয়ন্ত্রণ করে
(c) সিক্রেটিন-অগ্ন্যাশয় রস নিঃসরণ নিয়ন্ত্রণ করে
(d) প্যানক্রিওজাইমিন-পাচক রস নিঃসরণ নিয়ন্ত্রণ করে।

উত্তরঃ	০১। d	০২। c	০৩। c
--------	-------	-------	-------

পরিপাকতন্ত্রের বিভিন্ন অংশের শনাক্তকারী অংশ

যকৃত	<ul style="list-style-type: none"> কতকগুলো ক্ষুদ্র খন্ড বা লোবিওল এ বিভক্ত। প্রতিটি হেপাটিক লোবিউল গ্লিসনস ক্যাপসুল নামক পাতলা পর্দায় আবৃত। প্রত্যেক লোবিওল অসংখ্য বহুভূজাকার যকৃত বা হেপাটিক কোষ এ গঠিত। লোবিওলের মাঝে মাঝে সাইনুসয়েড নামক ফাঁকা স্থান থাকে। প্রত্যেক লোবিওলের কেন্দ্রে একটি কেন্দ্রীয় শিরা অবস্থিত। সাইনুসয়েড গুলো Kupffer's Cell দ্বারা আবৃত থাকে।
অগ্ন্যাশয়	<ul style="list-style-type: none"> কেন্দ্রীয় গহ্বরযুক্ত লোবিওল বা অ্যাসিনাস উপস্থিত। লোবিওল এর ফাঁকে ফাঁকে আইলেটস অব ল্যান্গারহ্যানস নামক কোষপুঞ্জ উপস্থিত।

www.bdnioyog.com

পাকস্থলি	<ul style="list-style-type: none"> • প্রাচীর পাঁচটি পর্যায়ক্রমিক স্তরে বিভক্ত। যথা- সেরোসা, পেশিস্তর, সাবমিউকোসা, মাসকিউলারিস মিউকোসা এবং মিউকোসা। • পেশিস্তর বহিঃস্থ অনূর্ধ্বা ও অন্তঃস্থ বৃত্তাকার পেশিতে গঠিত। • মিউকোসা স্তর থেকে রুগী নামক কতকগুলো ছোট ছোট অভিক্ষেপ বের হয়েছে। • মিউকোসায় গ্যাস্ট্রিক গ্রন্থি দেখা যায়।
কুদ্রা	<ul style="list-style-type: none"> • প্রাচীর পাঁচটি পর্যায়ক্রমিক স্তরে বিভক্ত। যথা- সেরোসা, পেশিস্তর, সাবমিউকোসা, মাসকিউলারিস মিউকোসা এবং মিউকোসা। • মিউকোসা থেকে ভিলাই নামের আঙ্গুলের মতো কতগুলো অভিক্ষেপ বের হয়। • মিউকোসাতে গবলেট ও শোষণকম কোষ থাকে।

[Ref: গাজী আজমল সার + আবদুল আশীম সার]

০০ স্থূলতা

সংজ্ঞা	<ul style="list-style-type: none"> • আদর্শ দৈনিক ওজনের ২০% বা তারও বেশি পরিমাণ মেদ দেহে সঞ্চিত হলে তাকে স্থূলতা বলে। • চিকিৎসা বিজ্ঞানের যে শাখায় স্থূলতার কারণ, প্রতিরোধ, চিকিৎসা ও অস্ত্রোপচার সম্বন্ধে আলোচনা করা হয় তাকে বেরিয়াট্রিকস বলে।
মানদণ্ড	<ul style="list-style-type: none"> • দেহের ওজন সূচক Body Mass Index/BMI 30 kg/m^2 এর অধিক হয় তারা স্থূল প্রকৃতির বলে বিবেচনা করা হয়।
পরিসংখ্যান	<ul style="list-style-type: none"> • এশিয়ান মানুষের স্থূল হওয়ার প্রবণতা ইউরোপিয়ানদের চেয়ে কম। • গড়ে স্থূলতার কারণে মানুষের গড় আয়ু ৭-৮ বছর কমে যায়। • অতিমাত্রায় স্থূলতার (স্থূলতার ৩য় স্তর) কারণে মানুষের গড় আয়ু ১০ বছর কমে যায়। • ডায়াবেটিস রোগীদের মধ্যে ৬৪% পুরুষ এবং ৭৭% মহিলার ক্ষেত্রে ডায়াবেটিস স্থূলতার সাথে সম্পর্কিত।

[Ref: গাজী আজমল সার + আবদুল আশীম সার]

❖ স্থূলতার কারণ, প্রতিরোধ ও স্থূলতার কারণে সৃষ্ট রোগঃ

কারণ	<ul style="list-style-type: none"> • জিনগতঃ স্থূলকায় বাবা-মায়ের সন্তান প্রায় ৮০ ভাগ ক্ষেত্রে স্থূলকায় হয়। • পারিবারিক জীবনযাত্রা • আবেগ • কর্মক্ষেত্র • মানসিক আঘাত • বিশ্রাম অভাব • লিঙ্গভেদঃ নারীতে মেদ জমার সম্ভাবনা বেশি থাকে। • গর্ভাবস্থাঃ প্রতিবার গর্ভধারণে অধিকাংশ ক্ষেত্রে নারীদেহে ৪-৬ পাউন্ড ওজন বেড়ে যায়। • নিদ্রাহীনতাঃ রাতে ৬ ঘন্টার কম ঘুমালে স্থূলতা বেড়ে যায়। • শিক্ষার অভাব • অসুখঃ পলিসিস্টিক ওভারি সিনড্রোম হলে নারীদেহে, কুসিং সিনড্রোম, হাইপোথাইরয়েডিজম প্রভৃতি। • ওষুধঃ কর্টিকোস্টেরয়েড, অ্যান্টিডিপ্রেসেন্টস, জন্মনিরোধক বডি, ইনসুলিন প্রভৃতি।
------	--

প্রতিরোধ	<ul style="list-style-type: none"> • নিয়মিত ব্যায়ামঃ সপ্তাহে অন্তত ১৫০-২৫০ মিনিট দ্রুত হাঁটা বা সাঁতার কাটা। • স্বাস্থ্যসম্মত খাদ্যাগ্রহণ • খাদ্য নিয়ন্ত্রণ • লোভনীয় খাবার পরিহার • দেহের ওজন নিয়মিত পর্যবেক্ষণ করা • চিকিৎসাঃ Orlistat, Lorcaserin, Phentermine প্রভৃতি। • গ্যাস্ট্রিক বেগুন ব্যবহার • বেরিয়াট্রিক সার্জারি 		
সৃষ্ট রোগ	<ul style="list-style-type: none"> • করোনারি হৃদরোগ • স্ট্রোক • যকৃত ও পিত্তথলির অসুখ 	<ul style="list-style-type: none"> • উচ্চ রক্তচাপ • টাইপ-২ ডায়াবেটিস • ক্যান্সার (স্তন, কোশন) 	<ul style="list-style-type: none"> • স্লিপ অ্যাপনিয়া • অস্টিও-আর্থ্রাইটিস • বক্ষ্যাত্ত্ব ইত্যাদি।

[Ref: গাজী আজমল সার + আবদুল আশীম সার]

❖ বডি মাস ইনডেক্স (Body Mass Index/BMI):

বিএমআই (BMI)	মানুষের শ্রেণি
< 18.5 Kg/m ²	শরীরের ওজন কম
18.5 – 24.9Kg/m ²	স্বাভাবিক ওজন
25.0 – 29.9Kg/m ²	অতিরিক্ত ওজন

বিএমআই (BMI)	মানুষের শ্রেণি
30.0 – 34.9Kg/m ²	ভুলতার ১ম স্তর
35.0 – 39.9Kg/m ²	ভুলতার ২য় স্তর
> 40.0 Kg/m ²	ভুলতার ৩য় স্তর

[Ref: গাজী আজমল সার]



জানা না অজানা ?

BMI এর মান ১৮.৫ এর নিচে হলে তাকে নিম্ন মাত্রার ওজন বলে। তবে মাত্রা যদি ৫০-১০০ হয়, তবে এই ভুলতাকে মরবিড ভুলতা (morbid obesity) বা ব্যাধিগ্রস্ত বিভৎস ভুলতা বলে।



বিগত বছরের প্রশ্নসমূহ (ভুলতা)

- ০১। ভুলতার সাথে নিচের কোন রোগটি সম্পর্ক যুক্ত নয়? (DAT : 18-19)
- (a) স্ট্রোক (b) টাইপ-১ ডায়াবেটিস মেলাইটিস
(c) উচ্চ রক্তচাপ (d) ক্যানসার
- ০২। স্বাভাবিক ওজনের মানুষের বডিমাস ইনডেক্স (BMI) কত? (DAT : 17-18)
- (a) 25 – 29.9 kg/m² (b) 18.5 – 24.9 kg/m²
(c) 30 – 34.9 kg/m² (d) 35 – 39.9 kg/m²
- ০৩। নিচের কোন BMI (Body Mass Index) অতিরিক্ত ওজন নির্দেশ করে? (MAT: 16-17)
- (a) 18.5 – 24.9kg/m² (b) 25.0 – 29.9kg/m²
(c) 30.0 – 34.9kg/m² (d) 35 – 39.9kg/m²
- ০৪। ভুলতার সহিত সম্পর্কযুক্ত রোগ কোনটি? (MAT: 14-15)
- (a) করোনারি হার্ট ডিজিজ (b) রক্তশূন্যতা
(c) রেনাল ফেইলিওর (d) হাঁপানি

উত্তরঃ

০১। b

০২। b

০৩। b

০৪। a



উন্মেষ Quick Review

❖ একত্রে সব গুরুত্বপূর্ণ সংখ্যাঃ

বিষয়	সংখ্যামূলক তথ্য
পৌষ্টিকনালি	<ul style="list-style-type: none"> • মুখ থেকে চর্বিত খাদ্য অন্ননালি পথে পাকস্থলিতে এসে ২-৬ ঘণ্টাকাল অবস্থান করে। • দৈনিক প্রায় ৩৫০ গ্রাম তরল মন্ড বৃহদন্ত্রে প্রবেশ করে। • মলাশয় ও সিকামে বিভিন্ন ধরনের ব্যাকটেরিয়া (প্রায় ৫০০ প্রজাতির) মিথোজীবী হিসেবে বাস করে।
পৌষ্টিকগ্রন্থি	<ul style="list-style-type: none"> • একজন প্রাপ্ত বয়স্ক মানুষে দিনে প্রায় দুই লিটার গ্যাস্ট্রিক জুস উৎপন্ন হয়। • একজন সুস্থ মানুষ প্রতিদিন ১২০০-১৫০০ মিলিলিটার লালা ক্ষরণ করে।
যকৃত	<ul style="list-style-type: none"> • মানবদেহের সবচেয়ে বড় গ্রন্থি হচ্ছে যকৃত যা দেহের ওজনের প্রায় ৩ - ৫%। • যকৃত প্রায় ১৫০০ ঘন সে.মি. পর্যন্ত রক্ত সঞ্চয় করে রাখতে পারে। • শর্করা বিপাকে যকৃতই দেহে গ্লুকোজ লেভেল প্রতি ১০০ ঘন সেন্টিমিটারে ৯০ মিলিগ্রাম গ্লুকোজ হিসেবে নিয়ন্ত্রণ করে।
পরিপাকে স্নায়ুতন্ত্রের ভূমিকা	<ul style="list-style-type: none"> • পাকস্থলির গ্যাস্ট্রিক জুসের ক্ষরণে স্নায়বিক/ সেফালিক পর্যায় এক ঘণ্টাকাল স্থায়ী হয়। • পাকস্থলির গ্যাস্ট্রিক জুস ক্ষরণ প্রায় ৪ ঘণ্টা স্থায়ী হয়।
শোষণ	<ul style="list-style-type: none"> • মানুষের অন্ত্রে প্রায় ৫০,০০০ (পঞ্চাশ হাজার) ভিলাই থাকে।
স্থূলতা	<ul style="list-style-type: none"> • যদি কারও BMI ২৫ কেজি/ বর্গমিটার থেকে ৩০ কেজি/ বর্গ মিটারের মধ্যে থাকে তখন তাকে স্থূলকায় বা মোটা বলা যায়।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আশীম স্যার]

❖ একত্রে পৌষ্টিক নালির বিভিন্ন অংশের দৈর্ঘ্যঃ

নাম	দৈর্ঘ্য
পৌষ্টিক নালি	৮-১০ মিটার
গলবিজ	১২.৫ সে.মি.
অন্ননালি	২৫ সে.মি.
পাকস্থলি	২৫ সে.মি.

নাম	দৈর্ঘ্য
ক্ষুদ্রান্ত্র	৬-৭ মিটার
ডিওডেনাম	২৫-৩০ সে.মি
বৃহদান্ত্র	১.৫ মিটার

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আশীম স্যার]

❖ একত্রে সব বিশেষ নামঃ

নাম	বিশেষ নাম/অপর নাম
টায়ালিন	স্যালিভারি অ্যামাইলেজ
অগ্ন্যাশয় নালি	উইর্সাং নালি
আন্ত্রিক রস	সাক্সাস ইন্টেরিকাস
আন্ত্রিক গ্রন্থি	ক্রিপ্ট অব লিবাবক্যান
অক্সিনটিক কোষ	প্যারাইটাল কোষ

নাম	বিশেষ নাম/অপর নাম
জাইমোজেনিক কোষ	পেপটিক বা চীফ কোষ
স্নায়বিক পর্যায়	সেফালিক পর্যায়
কোলেসিস্টোকাইনিন	প্যানক্রিওজাইমিন
এন্টারোগ্যাস্ট্রোন	গ্যাস্ট্রিক ইনহিবিটরি পেপটাইড

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আশীম স্যার]

অধ্যায়-০৪ : মানব শরীরতত্ত্বঃ রক্ত ও সংবলন

❖ মেডিকেল ও ডেন্টাল ভর্তি পরীক্ষার জন্য এই অধ্যায়ের গুরুত্বপূর্ণ টপিকসমূহঃ

গুরুত্ব	টপিক	ভর্তি পরীক্ষায় যে বছর প্রশ্ন এসেছে
☺☺☺	রক্ত	MAT: 15-16, 14-15, 12-13, 09-10; DAT: 00-01
☺☺☺	রক্তকণিকা	MAT: 18-19, 17-18, 16-17, 15-16, 11-12, 09-10, 02-03; DAT: 18-19, 17-18, 16-17, 09-10, 08-09, 06-07, 02-03
☺☺☺	রক্ততঞ্চন	MAT: 16-17, 09-10, 08-09, 07-08; DAT: 17-18, 16-17, 07-08
☺☺	লসিকাতন্ত্র	MAT: 08-09, 03-04, 00-01; DAT: 05-06, 03-04
☺☺☺	হৃৎপিণ্ড	MAT: 18-19, 13-14, 09-10, 07-08; DAT: 09-10
☺☺☺	কার্ডিয়াক চক্র	MAT: 10-11, 09-10, 07-08, 04-05; DAT: 17-18, 16-17, 09-10, 08-09, 07-08
☺☺	রক্তচাপ নিয়ন্ত্রণে ব্যারোরিসেপ্টরের ভূমিকা	MAT: 18-19, 09-10; DAT: 09-10, 05-06, 02-03
☺☺☺	রক্তসংবহনতন্ত্র	MAT: 15-16, 08-09, 05-06, 01-02; DAT: 10-11, 08-09, 07-08, 04-05, 02-03
☺	হৃদরোগের বিভিন্ন অবস্থা	MAT: 08-09
☺☺	হৃদরোগের চিকিৎসার ধারণা	MAT: 17-18, 16-17; DAT: 16-17

সংবহনতন্ত্র

❖ বিশেষ তথ্যঃ

উপাদান	• প্রধান দুটি উপাদান নিয়ে গঠিত। যথা- রক্তসংবহনতন্ত্র ও লসিকাতন্ত্র।
রক্তসংবহনতন্ত্র	• হৃৎপিণ্ড, রক্ত ও রক্তবাহিকা নিয়ে গঠিত।
লসিকাতন্ত্র	• লসিকা, লসিকা গ্রন্থি ও লসিকানালি নিয়ে গঠিত।

[Ref: আবদুল আলীম সাদ]

❖ রক্ত সংবহনতন্ত্রের মাইলফলকঃ

বিজ্ঞানীর নাম	অবদান
উইলিয়াম হার্ভে	• সর্বপ্রথম মানবদেহের রক্ত সংবহনের বর্ণনা দেন।
রেমন্ড ডি ভিউসেপ	• প্রথম হৃৎপিণ্ডের প্রকোষ্ঠ ও নালিকা সম্পর্কে বিবরণ দেন।
শ্টিফেন হেলস	• প্রথম রক্তচাপ পরিমাপ করেন।
রেন লিনেক	• স্টেথোস্কোপ আবিষ্কার করেন।
জন লুইস	• প্রথম সফল ওপেন হার্ট সার্জারি করেন।
ক্রিস্টিয়ান বার্নার্ড	• সফল হৃৎপিণ্ড প্রতিস্থাপন করেন।
রবার্ট জারভিক	• প্রথম কৃত্রিম হৃৎপিণ্ড তৈরি করেন।
উইলেম ডি ক্রিস	• কৃত্রিম হৃৎপিণ্ড মানবদেহে সংস্থাপন করেন।


[Ref: আবদুল আলীম সাদ]

*** রক্ত

প্রকৃতি	• তরল যোজক টিস্যু।
পরিমাণ	• একজন পূর্ণবয়স্ক সুস্থ পুরুষের দেহে প্রায় ৫-৬ লিটার এবং মহিলার দেহে ৪.৫-৫.৫ লিটার রক্ত থাকে। • দেহের মোট ওজনের ৮%।
ধর্ম	• রক্ত সামান্য ক্ষারীয়। • তাপমাত্রা ৩৬-৩৮° সেলসিয়াস। • রক্তের pH মাত্রা ৭.৩৫-৭.৪৫। • আপেক্ষিক গুরুত্ব ১.০৬৫।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]


❖ রক্তের উপাদানঃ



[Ref: গাজী আজমল স্যার]

Unmesh Special কিভাবে ভুলে যাই তোমায়...

❖ প্লাজমা প্রোটিনঃ আগে গেলে ফুল পাবে।



❖ রক্তরস বা প্লাজমাঃ

পরিমাণ	<ul style="list-style-type: none"> একজন পূর্ণ বয়স্ক সুস্থ মানুষের দেহে প্রায় ৩ লিটার। দেহের মোট ওজনের 5%।
ধর্ম	<ul style="list-style-type: none"> রক্তরসের pH - 7.4 এবং ঘনত্ব 1.025g/ml.
কাজ	<ul style="list-style-type: none"> রক্তের তরলতা রক্ষা করে এবং ভাসমান রক্ত কণিকাসহ দ্রবীভূত পদার্থ দেহের সর্বত্র পরিবাহিত হয়। পরিপাককৃত খাদ্যসার বিভিন্ন টিস্যু ও অঙ্গে বহন। টিস্যু থেকে বর্জ্য পদার্থ রেচনের জন্য বৃক্ষে পরিবহন। অধিকাংশ CO₂ এবং অল্প পরিমাণে O₂ পরিবহন। হরমোন, এনজাইম, লিপিড, অ্যান্টিবডি প্রভৃতি বিভিন্ন অঙ্গে বহন। রক্তের অম্ল-ক্ষারের ভারসাম্য রক্ষা। দেহের তাপ সাম্যতা রক্ষা। রক্ত জমাট বাঁধার প্রয়োজনীয় উপাদানগুলো পরিবহন।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

? ✓ বিগত বছরের প্রশ্নসমূহ (রক্ত)

- ০১। মানুষের রক্তের pH এর মান কত? (MAT : 15-16, 14-15)
- (a) 6.5 (b) 7.0
(c) 7.4 (d) 7.8
- ০২। রক্তের pH নির্ভর করে যার উপর-(MAT : 12-13)
- (a) অ্যান্টিজেন (b) ব্যাকার
(c) রক্তের গ্রুপ (d) এন্টিবডি
- ০৩। নিম্নের কোনটি প্লাজমা প্রোটিন নয়? (MAT: 09-10)
- (a) টাইরোসিন (b) ফিব্রিনোজেন
(c) প্রোথ্রোম্বিন (d) অ্যালবুমিন
- ০৪। রক্তরসে যে সকল জৈব পদার্থ বিদ্যমান তার মধ্যে কিছু অপ্রোটিন N₂ যুক্ত দ্রব্যও আছে, নিচের কোনটি সঠিক নয়? (DAT : 00-01)
- (a) ক্রিয়েটিনিন (b) লেসিথিন
(c) জ্যানথিন (d) ক্রিয়েটিন

উত্তরঃ	০১। c	০২। b	০৩। a	০৪। b
--------	-------	-------	-------	-------

০০০ রক্তকণিকা

সংজ্ঞা	<ul style="list-style-type: none"> রক্তকণিকা স্ববিভাজিত হয় না তাই এদেরকে কোষ না বলে কণিকা বলে।
প্রকারভেদ	<ul style="list-style-type: none"> রক্তকণিকা প্রধানত ৩ ধরনের। যথা - ক. লোহিত রক্তকণিকা বা এরিথ্রোসাইট খ. শ্বেত রক্তকণিকা বা লিউকোসাইটঃ <ul style="list-style-type: none"> i) দানাবিহীন বা অ্যাগ্র্যানুলোসাইটঃ লিম্ফোসাইট ও মনোসাইট। ii) দানাদার বা গ্র্যানুলোসাইটঃ নিউট্রোফিল, ইওসিনোফিল ও বেসোফিল। গ. অণুচক্রিকা বা থ্রম্বোসাইট।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❖ লোহিত রক্তকণিকা বা এরিথ্রোসাইটঃ

বৈশিষ্ট্য	<ul style="list-style-type: none"> গোল, দ্বিঅবতল, নমনীয়, স্থিতিস্থাপক, নিউক্লিয়াসবিহীন চাকতির মতো ও লাল বর্ণের। [চিত্র-০৫(ঘ), পৃষ্ঠা-iii দেখো]
সংখ্যা	<ul style="list-style-type: none"> প্রতি ঘন মিলিমিটার রক্তে জুগ দেহে ৮০ - ৯০ লাখ, শিশুর দেহে ৬০ - ৭০ লাখ, পূর্ণ বয়স্ক পুরুষে ৫০ লাখ, পূর্ণ বয়স্ক স্ত্রীদেহে ৪৫ লাখ লোহিত কণিকা থাকে। ৫০ লাখের চেয়ে ২৫% কম হলে রক্তাল্পতা (Anemia) দেখা দেয়। ৬৫ লাখের বেশি হলে তাকে পলিসাইথেমিয়া বলে।
উৎপত্তি ও ধ্বংস	<ul style="list-style-type: none"> অস্থিমজ্জায় অবস্থিত স্টেম কোষ বা হিমোসাইটোব্লাস্ট নামক বড় জুগীয় কোষ থেকে এরিথ্রোসাইটের সৃষ্টি হয়। জুগাবস্থায় ও জীবনের প্রথম পর্যায়ে কুসুম থলি, যকৃত ও প্লীহাতেও তৈরি হয়। গড় আয়ু বা জীবনকাল প্রায় ৪ মাস বা ১২০ দিন। জীবনকালে ১১০০ কি.মি. অতিক্রম করে। প্রতি সেকেন্ডে ২০ লক্ষের অধিক লোহিত রক্তকণিকার মৃত্যু হয়। কণিকাগুলো যকৃত ও প্লীহাতে ধ্বংসপ্রাপ্ত হয়।
উপাদান	<ul style="list-style-type: none"> কঠিন পদার্থের মধ্যে ৯০% হিমোগ্লোবিন। প্রতি ১০০ মিলিলিটার রক্তে প্রায় ১৬ গ্রাম হিমোগ্লোবিনের থাকে। লোহিত রক্তকণিকায় বিদ্যমান লৌহের সামগ্রিক পরিমাণ প্রায় ২.৫ গ্রাম যা মোট লৌহের প্রায় ৬৫%। একটি RBC তে ২৯ পিকোগ্রাম হিমোগ্লোবিন অণু থাকে।
হেমাটোক্রিট	<ul style="list-style-type: none"> রক্তে লোহিত কণিকার আয়তন পরিমাপের শতকরা হিসাবকে হেমাটোক্রিট বলে। পুরুষের রক্তে ৪৫% এবং স্ত্রীদের রক্তে ৪০%।
কাজ	<ul style="list-style-type: none"> O₂ ও CO₂ পরিবহন করে। রক্তের ঘনত্ব ও সান্দ্রতা রক্ষা করে। বাফার হিসেবে অম্ল-ক্ষারের ভারসাম্য রক্ষা করে। প্লাজমা ঝিল্লিতে উপস্থিত অ্যান্টিজেন ব্লাড গ্রুপিংয়ের জন্য দায়ী। রক্তে বিলিরুবিন ও বিলিভার্ডিন নামক বর্ণকণিকা উৎপন্ন করে।
বিশেষ তথ্য	<ul style="list-style-type: none"> মানবদেহে লোহিত রক্তকণিকা প্রতি ৬০ সেকেন্ড বা ১ মিনিটে একবার সমগ্র দেহ পরিভ্রমণ করে। স্তন্যপায়ী প্রাণীদের মধ্যে কেবল উটের লোহিত কণিকায় নিউক্লিয়াস থাকে। নিউক্লিয়াস, RNA, গলগি বডি, এন্ডোপ্লাজমিক রেটিকুলাম এবং মাইটোকন্ড্রিয়া থাকে না। অস্থিমজ্জায় নিউক্লিয়াসযুক্ত লোহিত কণিকাকে ইরাইথ্রোব্লাস্ট বলে।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার + আবুল হাসান স্যার]


❖ শ্বেত রক্তকণিকা বা লিউকোসাইটঃ

অন্যান্য	<ul style="list-style-type: none"> দেহের ড্রাম্যামান প্রতিরক্ষাকারী একক।
উৎস	<ul style="list-style-type: none"> অস্থিমজ্জার হিম্যাটোপয়টিক মাতৃকোষ ও প্লীহা থেকে লিউকোসাইট উৎপন্ন হয়।
বৈশিষ্ট্য	<ul style="list-style-type: none"> পরিণত শ্বেত কণিকা হিমোগ্লোবিনবিহীন, অনিয়তাকার ও নিউক্লিয়াসযুক্ত বড় কোষ। গড় আয়ু ১-১৫ দিন।
সংখ্যা	<ul style="list-style-type: none"> মানবদেহে প্রতি ঘন মিলিমিটার রক্তে ৪-১১ হাজার (গড়ে ৭,৫০০) শ্বেত রক্তকণিকা থাকে। লোহিত কণিকা ও শ্বেত কণিকার সংখ্যার অনুপাত ৭০০: ১।
স্বাভাবিকতা	<ul style="list-style-type: none"> রক্তে শ্বেত রক্তকণিকার সংখ্যা স্বাভাবিকের চেয়ে অধিক থাকলে তাকে লিউকোসাইটোসিস বলে। রক্তে শ্বেত রক্তকণিকার সংখ্যা স্বাভাবিকের চেয়ে কম থাকলে তাকে লিউকোপেনিয়া বলে। শ্বেত রক্তকণিকার ক্যানসারকে লিউকেমিয়া বলে।

কাজ	<ul style="list-style-type: none"> • মনোসাইট ও নিউট্রোফিল ফ্যাগোসাইটোসিস প্রক্রিয়ায় জীবাণু ভক্ষণ করে। • লিম্ফোসাইট অ্যান্টিবডি সৃষ্টি করে রোগ প্রতিরোধ করে। তাই এদেরকে দেহের আণুবীক্ষণিক সৈনিক বলে। • বেসোফিল হেপারিন তৈরি করে যা রক্তনালির ভিতরে রক্তজমাট রোধ করে এবং হিস্টামিন ক্ষরণ করে দেহের রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে। • নিউট্রোফিলের বিষাক্ত দানা জীবাণু ধ্বংস করে। • ইওসিনোফিল রক্তে প্রবেশকৃত কুমির লার্ভা এবং এলার্জিক এন্টিবডি ধ্বংস করে।
-----	---

[Ref: গাজী আজমল স্যার]

❖ শ্বেত রক্তকণিকার প্রকারভেদঃ [চিত্র-০৫(ক,খ,গ,ঙ ও চ), পৃষ্ঠা-iii দেখো]



[Ref: গাজী আজমল স্যার]

[Tips: দানা বা গ্র্যানিউল দিয়ে যে কণিকাগুলো ফিল (Fill) বা পূর্ণ থাকে তাদের নামের শেষে ফিল থাকে। যেমন- নিউট্রোফিল, ইওসিনোফিল ও বেসোফিল। এগুলো গ্র্যানুলোসাইট বা দানাময় লিম্ফোসাইট]

❖ অণুচক্রিকা বা প্রমোসাইটঃ

উৎপত্তি	• লাল অস্থিমজ্জার বড় মেগাক্যারিওসাইট থেকে এদের উৎপত্তি।
বৈশিষ্ট্য	<ul style="list-style-type: none"> • ক্ষুদ্রতম রক্ত কণিকা, দেখতে গোল, ডিম্বাকার বা রঙের মত, দানাদার কিন্তু নিউক্লিয়াসবিহীন। [চিত্র-০৫(ঘ), পৃষ্ঠা-iii দেখো] • গড় আয়ু ৫-১০ দিন।
সংখ্যা	• প্রতি ঘন মিলিমিটার রক্তের এদের সংখ্যা ২.৫-৫ লক্ষ।
উপাদান	• প্রধান রাসায়নিক উপাদান প্রোটিন ও সেফালিন নামক ফসফোলিপিড।
কাজ	<ul style="list-style-type: none"> • ক্ষতস্থান রক্ততঞ্চন ঘটায় এবং হিমোস্ট্যাটিক প্লাগ গঠন করে রক্তক্ষরণ বন্ধ করে। • রক্তনালির ক্ষতিগ্রস্ত এন্ডোথেলিয়াল আবরণ পুনর্গঠন করে। • সেরোটোনিন ক্ষরণ করে যা রক্তনালির সংকোচন ঘটায় রক্তপাত হ্রাস করে। • ফ্যাগোসাইটোসিস পদ্ধতিতে কার্বন কণা, ইমিউন কমপ্লেক্স ও ভাইরাসকে ভক্ষণ করে। • হিস্টামিন ও 5-Hydroxytryptamine (5HT বা সেরোটোনিন) সঞ্চয় করে।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আশীম স্যার]

এক মজরে রক্তকণিকাসমূহঃ

রক্তকণিকা	সংখ্যা	গঠন বৈশিষ্ট্য	কাজ	আয়ুষ্কাল
লোহিত কণিকা	৫০ লক্ষ	গোলাকার, দ্বি-অবতল, পূর্ণাঙ্গ অবস্থায় নিউক্লিয়াসবিহীন।	অম্ল-ক্ষারের সমতা O_2 ও CO_2 বহন	১২০ দিন
নিউট্রোফিল	৩-৫ হাজার	সাইটোপ্লাজম দানাময় নিউক্লিয়াস ২-৩ খন্ড বিশিষ্ট।	ফ্যাগোসাইটোসিস	২-৪ দিন
ইওসিনোফিল	১৫০-৪০০	সাইটোপ্লাজম দানাময়, নিউক্লিয়াস ২-৭ খণ্ডবিশিষ্ট।	অ্যালার্জি প্রতিরোধ	৮-১২ দিন
বেসোফিল	০-১০০	দানায়ুক্ত সাইটোপ্লাজম, নিউক্লিয়াস বৃক্কাকার।	হেপারিন ও হিস্টামিন ক্ষরণ	১২-১৫ দিন
লিম্ফোসাইট	১৫০০-২৭০০	দানাবিহীন সাইটোপ্লাজম, প্রায় গোলাকার, বৃহদাকার নিউক্লিয়াস।	অ্যান্টিবডি উৎপাদন	কয়েক ঘন্টা-১ দিন
মনোসাইট	৩৫০-৮০০	দানাবিহীন সাইটোপ্লাজম, বৃক্কাকার নিউক্লিয়াস।	ফ্যাগোসাইটোসিস	জানা নেই
অণুচক্রিকা	২.৫-৫ লক্ষ	গোল, ডিম্বাকার বা রডের মতো, দানাময় কিন্তু নিউক্লিয়াসবিহীন।	রক্ততঞ্চন	৫-১০ দিন

[Ref: গাঙ্গী আজমল সার]

লোহিত রক্তকণিকা, শ্বেত রক্তকণিকা এবং অণুচক্রিকার মধ্যে পার্থক্যঃ

তুলনীয় বিষয়	লোহিত রক্তকণিকা	শ্বেত রক্তকণিকা	অণুচক্রিকা
সংখ্যা	প্রতি কিউবিক মিলিমিটার রক্তে প্রায় ৫০ লক্ষ।	প্রতি কিউবিক মিলিমিটার রক্তে ৫-৮ হাজার।	প্রতি কিউবিক মিলিমিটার রক্তে ২.৫ লক্ষ থেকে ৫ লক্ষ।
নিউক্লিয়াস	প্রাথমিকভাবে নিউক্লিয়াস থাকলেও হিমোগ্লোবিন সঞ্চিত হবার পর নিউক্লিয়াস বিনষ্ট হয়ে যায়।	সব সময় নিউক্লিয়াস থাকে।	কোনো সময়ই নিউক্লিয়াস থাকে না।
বর্ণ	লাল।	বর্ণহীন।	বর্ণহীন।
আয়ু	১২০ দিন।	১-১৫ দিন।	৫-১০ দিন।
আকৃতি	দ্বি-অবতল, চাকতির মতো।	গোলাকার বা অনিয়ত।	অনিয়ত আকৃতির।
কাজ	O_2 পরিবহন।	রোগ প্রতিরোধ।	রক্ত তঞ্চন।

[Ref: গাঙ্গী আজমল সার]

বিগত বছরের প্রশ্নসমূহ (রক্তকণিকা)

০১। হেপারিন তৈরি ও নিঃসরণ করা কোন কোষের কাজ? (MAT : 18-19)

(a) Lymphocyte (b) Basophil
(c) Monocyte (d) Neutrophil

০২। মানবদেহে শ্বেত রক্ত কণিকার পরিমাণ 4000/dl এর চেয়ে কমে গেলে সেই অবস্থাকে কী বলে? (DAT : 18-19)

(a) Lukopenia (b) Leukaemia
(c) Thrombocytopenia (d) Polycythemia

০৩। নিচের কোনটি তৈরির প্রক্রিয়াকে এরিথ্রোপোয়েসিস বলে? (MAT: 17-18)

(a) লোহিত রক্তকণিকা (b) অণুচক্রিকা
(c) প্লাজমা (d) শ্বেত রক্তকণিকা



- ০৪। অ্যাথ্রানুলোসাইট কোনটি? (DAT:17-18)
- (a) নিউট্রোফিল (b) মনোসাইট
(c) ইওসিনোফিল (d) বেসোফিল
- ০৫। নিউক্লিয়াস বিহীন কোষ হলো - (MAT: 16-17)
- (a) হৃদকোষ (b) স্নায়ুকোষ
(c) শ্বেত রক্তকণিকা (d) লোহিত রক্ত কণিকা
- ০৬। কোনটি অদানাদার শ্বেত কণিকা? (MAT: 15-16)
- (a) ইউসিনোফিল (b) নিউট্রোফিল
(c) বেসোফিল (d) মনোসাইট
- ০৭। নিম্নের কোন অঙ্গে লোহিত কণিকা ধ্বংস হয়? (MAT: 11-12)
- (a) প্লীহা (b) যকৃত
(c) পাকস্থলি (d) বৃক্ক
- ০৮। নিম্নের কোনটি শরীরে অণুপ্রবেশকারী জীবাণুকে ধ্বংস করার প্রক্রিয়া? (MAT: 09-10)
- (a) অটোফ্যাগি (b) অটোলাইসিস
(c) ফ্যাগোসাইটোসিস (d) পিনোসাইটোসিস
- ০৯। বিশ্বব্যাপী রক্তশূন্যতার প্রধানতম কারণ কী? (DAT: 16-17)
- (a) ভিটামিন সি ঘাটতি জনিত (b) লৌহ ঘাটতি জনিত
(c) জন্মগত রক্তশূন্যতা (d) ভিটামিন বি-১২ ঘাটতি জনিত
- ১০। নিম্নের কোন কোষটি হেপারিন নিঃসরণ করে? (DAT:09-10)
- (a) নিউট্রোফিল (b) বেসোফিল
(c) ইউসিনোফিল (d) লিম্ফোসাইট
- ১১। নিম্নের কোন শ্বেতকণিকার নিউক্লিয়াসটি দুই লোব বিশিষ্ট? (DAT:09-10)
- (a) নিউট্রোফিল (b) ইউসিনোফিল
(c) মনোসাইট (d) লিম্ফোসাইট
- ১২। নিম্নের কোনটি মানুষের রক্তের বৈশিষ্ট্য নয়? (DAT : 08-09)
- (a) বিভিন্ন ধরনের অনিয়মিত আকৃতির শ্বেত কণিকা আছে
(b) লোহিত কণিকাগুলো দ্বি-অবতল এবং গোলাকৃতি
(c) রক্তে প্লাজমা এবং রক্তকণিকা বিদ্যমান
(d) রক্তে নিউক্লিয়াস সহজিত অণুচক্রিকা থাকে
- ১৩। কোনটি মানবদেহের রক্ত ও রক্তসংবহনতন্ত্রের জন্য সঠিক নয়? (DAT : 06-07)
- (a) ইউসিনোফিলের দানাগুলো ক্ষারসক্ত হয়ে নীল বর্ণ ধারণ করে
(b) রক্তরসে পানির পরিমাণ 90-92%
(c) কলার অধিকাংশ কার্বন ডাইঅক্সাইড রক্তরসে বাইকার্বনেট রূপে দ্রবীভূত থাকে
(d) রক্ত পরিপাককৃত খাদ্যসার অন্ত্র থেকে কলা কোষে পরিবহন করে
- ১৪। শিশুদের রক্তে লিম্ফোসাইটের সংখ্যা বয়স্কদের তুলনায়- (MAT: 02-03)
- (a) কম (b) বেশি
(c) সমান (d) অর্ধেক
- ১৫। নিচের কোনটি সঠিক? (DAT : 02-03)
- (a) লোহিত রক্তকণিকার ভেতরের হিমোগ্লোবিন শরীরের সবখানে O_2 বহন করে
(b) রক্তরস কলা থেকে বর্জ্য দ্রব্য বের করে রেচনের জন্য যকৃতে নিয়ে যায়
(c) পূর্ণ বয়স্ক পুরুষের দেহে প্রতি ঘনমিলিমিটার রক্তে লোহিত রক্তকণিকার সংখ্যা হচ্ছে 70 লক্ষ
(d) মনোসাইট অ্যান্টিবডি উৎপন্ন করে

উত্তরঃ	০১। b	০২। a	০৩। a	০৪। b	০৫। d	০৬। d	০৭। a, b	০৮। c
	০৯। b	১০। b	১১। b	১২। d	১৩। a	১৪। b	১৫। a	

০০০ রক্ততঞ্চন

রক্ততঞ্চনের সময়	• মানুষের রক্তজমাটের স্বাভাবিক সময় ৪-৫ মিনিট।
হেপারিন	• রক্তনালিকার অভ্যন্তরে রক্ত জমাট বাঁধতে দেয় না।
সিরাম	• জমাট বাঁধা রক্ত থেকে যে হালকা হলুদ বর্ণের তরল জলীয় অংশ বেরিয়ে আসে তাকে সিরাম বলে। • সিরাম বস্তুতপক্ষে রক্তরস, তবে এতে ফাইব্রিনোজেন ও তঞ্চন ফ্যাক্টর II, V, VIII থাকে না।
সেরোলজি	• সিরাম নিয়ে অধ্যয়নের বিষয়কে Serology বলা হয়।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❖ ক্রটিং ফ্যাক্টরঃ

ফ্যাক্টর	নাম
Factor I	ফাইব্রিনোজেন
Factor II	প্রোথ্রম্বিন
Factor III	থ্রম্বোপ্লাস্টিন
Factor VI	ক্যালসিয়াম
Factor V	ল্যাবাইল ফ্যাক্টর বা প্রোঅ্যাকসেলারিন
Factor VI	অ্যাকসেলারিন (Does not exist)
Factor VII	স্টেবল ফ্যাক্টর বা প্রোকনভারটিন


ফ্যাক্টর	নাম
Factor VIII	অ্যান্টিহিমোফিলিক ফ্যাক্টর A
Factor IX	ক্রিস্টমাস ফ্যাক্টর
Factor X	স্টুয়ার্ট ফ্যাক্টর বা অ্যান্টিহিমোফিলিক ফ্যাক্টর B
Factor XI	প্রাজমা থ্রম্বোপ্লাস্টিন অ্যান্টিসিডেন্ট বা অ্যান্টিহিমোফিলিক ফ্যাক্টর C
Factor XII	হ্যাগমান ফ্যাক্টর
Factor XIII	ফাইব্রিন স্টেবিলাইজিং ফ্যাক্টর

(এই মোট ১৩টি ফ্যাক্টর বা উপাদান প্রয়োজন।)

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

Unmesh Special ক্রিভাবে ভুলে যাই তোমায়...

❖ গুরুত্বপূর্ণ ৪ টি ক্রটিং ফ্যাক্টরঃ ফুল পড়ে টুপ করে।



❖ রক্ত জমাট বাঁধার কৌশলঃ



[Ref: গাজী আজমল স্যার]

www.bdnuyog.com



জানা না অজানা? রক্ত প্রবাহের সময় দেহাত্মকরে রক্ত জমাট বাঁধে না কেন?

- হেপারিন এর উপস্থিতি।
- রক্তের দ্রুতগতির প্রবাহ।
- রক্তনালির অভ্যন্তরে পাত্রের মসৃণতা।
- অ্যাণ্টিকোয়াগুলেন্ট ফ্যাক্টরগুলোর উপস্থিতি।
- সক্রিয়ক প্রোকোয়াগুলেন্ট ফ্যাক্টরগুলো যুক্ত কর্তৃক সর্বদা অপসারিত হওয়া।

বিগত বছরের প্রশ্নসমূহ (রক্ততত্ত্ব)

- ০১। মানুষের রক্ত জমাট বাঁধার মূল উপাদান নয় কোনটি? (DAT: 17-18)
- (a) ক্যালসিয়াম আয়ন (b) লসিকা রস
(c) ফাইব্রিনোজেন (d) প্রোথ্রম্বিন
- ০২। মানুষের স্বাভাবিক রক্ত ক্ষরণকাল- (MAT: 16-17)
- (a) ৫ - ৭ মিনিট (b) ১২ - ১৪ মিনিট
(c) ১ - ৪ মিনিট (d) ৪৫ - ৫৫ সেকেন্ড
- ০৩। কোনটি মানব দেহের রক্ত জমাট বাঁধার কাজে সহযোগিতা করে না? (DAT: 16-17)
- (a) ফাইব্রিনোজেন (b) প্রোথ্রম্বিন
(c) থ্রম্বোপ্লাস্টিন (d) ইওসিনোফিল
- ০৪। রক্ত প্রবাহের সময় রক্ত জমাট না বাঁধার কারণ নিম্নের কোনটি? (MAT: 09-10)
- (a) চলাচলের স্রুথগতি (b) পানির উপস্থিতি
(c) নালির অমসৃণ গাত্র (d) হেপারিনের উপস্থিতি
- ০৫। নিম্নের কোন তথ্যটি সঠিক নয়? (MAT : 09-10)
- (a) রক্তে থ্রম্বোপ্লাস্টিন থেকে থ্রম্বিন তৈরি হয়
(b) রক্তনালির অভ্যন্তর গাত্র মসৃণ
(c) রক্ত এসিড ও ক্ষারের সমতা নিয়ন্ত্রণ করে
(d) 'O' গ্রুপ রক্তে 'A' অথবা 'B' কোনও অ্যান্টিজেন থাকে না
- ০৬। নিম্নের কোনটি রক্ত জমাট বাঁধার মূল উপাদান নয়? (MAT: 08-09)
- (a) ফিব্রিনোজেন (b) প্রোথ্রম্বিন
(c) অ্যালবুমিন (d) Ca⁺⁺
- ০৭। কোনটি রক্ত জমাট বাঁধতে দেয় না? (MAT : 07-08)
- (a) হেপারিন (b) অ্যাড্রেনালিন
(c) ইনসুলিন (d) বিলিরুবিন
- ০৮। জমাটবদ্ধ রক্তের জলীয় অংশকে কী বলে? (MAT : 02-03)
- (a) রক্ত রস (b) শ্বেত রক্তকণিকা
(c) মৃত রক্তকণিকা (d) রক্তের সিরাম
- ০৯। নিম্নে উল্লিখিত কয়টি ফ্যাক্টর রক্ত জমাট বাঁধার প্রক্রিয়ায় অংশগ্রহণ করে? (DAT : 07-08)
- (a) 10 (b) 11
(c) 12 (d) 13

উত্তরঃ	০১। b	০২। c	০৩। d	০৪। d	০৫। a
	০৬। c	০৭। a	০৮। d	০৯। d	

০০ লসিকাতন্ত্র

সর্বপ্রথম বর্ণনাকারী	• ডেনিস বিজ্ঞানী Olaus Rudbeck এবং Thomas Bartholin.
গঠন	• লসিকা, লসিকা গ্রন্থি ও লসিকা নালির সমন্বয়ে গঠিত।
বিশেষ তথ্য	• অল্পের প্রাচীরে সুবিকশিত লসিকানালিদের ল্যাকটয়েল বলে। • বেশি চর্বিযুক্ত খাবারের কারণে সূত্র দুধের মতো সাদা লসিকাকে কাইল বলে।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❖ লসিকা বা লিম্ফ:

বৈশিষ্ট্য	<ul style="list-style-type: none"> • স্বচ্ছ, ঈষৎ হলুদ, ক্ষারীয় পরিবর্তিত টিস্যুরস। • আপেক্ষিক গুরুত্ব ১.০১ – ১.০১৬। • pH মান ৭.৪-৯। • পাতলা প্রাচীরবিশিষ্ট লসিকাবাহী নালির মাধ্যমে একমুখী প্রবাহে প্রবাহিত হয়।
পরিমাণ	• প্রায় রক্তের দ্বিগুণ; ১০ – ১২ লিটার।
উপাদান	<ul style="list-style-type: none"> • কোষ উপাদানঃ প্রতি ঘন মি.মি.লসিকায় প্রায় ৫০০ – ৭৫০০০ লিম্ফোসাইট থাকে। কিছু অপুচক্রিকাও থাকে। • কোষবিহীন উপাদানঃ ক. পানি: ৯৪%। খ. কঠিন পদার্থ: ৬%। প্রোটিন, লিপিড, শর্করা, ইউরিয়া, ইউরিক এসিড, ক্রিয়েটিনিন, অ্যান্টিবডি ইত্যাদি। এছাড়াও অ্যালবিউমিন, গ্লোবিউলিন, ফাইব্রিনোজেন, সামান্য প্রোট্রথমিন জাতীয় প্রোটিন থাকে।
কাজ	<ul style="list-style-type: none"> • লসিকা দেহে একটি মধ্যস্থতাকারী তরল হিসেবে কাজ করে। • আন্তঃকোষীয় উন্মুক্ত স্থানের প্রোটিনকে রক্তে পরিবহন করে। • যেসব লিপিড কণা, প্লাজমা প্রোটিন ও হরমোন অপু কৈশিকনালিকার সুক্ষ্ম ছিদ্র অতিক্রম করতে পারে না, তাদেরকে রক্তে পৌঁছে দেয়। • যেসব টিস্যুতে রক্ত পৌঁছাতে পারে না লসিকার মাধ্যমে সেসব টিস্যুতে পুষ্টি ও অক্সিজেন পরিবাহিত হয়। • লসিকাহিত শ্বেত কণিকা দেহের প্রতিরক্ষায় অবদান রাখে।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❖ লসিকানালি:

প্রকার	<ul style="list-style-type: none"> • মানুষের দেহের সকল লসিকানালি প্রধানত দুটি নালিতে মিলিত হয়। যথা- ক. ডান লসিকানালি বা ডান লিম্ফটিক ডাঙ্ক: মস্তক, গলার ডান পার্শ্ব, ডান হাত, ফুসফুস, হৃদপিণ্ডের ডান পার্শ্ব এবং যকৃতের ডান পার্শ্ব থেকে লসিকা বহন করে। খ. বাম লসিকানালি বা বাম লিম্ফটিক ডাঙ্ক: দেহের নিচের অংশ ও আনুষঙ্গিক অঙ্গাদি থেকে লসিকা বহন করে।
লসিকা-হৃদপিণ্ড	• সংকোচন ও প্রসারণ ক্ষমতা সম্পন্ন লসিকানালিকে লসিকা হৃদপিণ্ড বলে।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল হামিদ স্যার]

❖ লসিকাগ্রন্থি বা লসিকাপর্ব বা লসিকাগণ্ডঃ

সংখ্যা	• ৪০০ - ৭০০।
কোথায় বেশি থাকে	• মানব দেহে ঘাড়, বগলে ও কুঁচকিতে অধিক সংখ্যক লসিকাগ্রন্থি থাকে।
উদাহরণ	• প্লীহা, টনসিল, অ্যাডেনয়েড ইত্যাদি।
প্লীহা	• মানবদেহের সবচেয়ে বড় লসিকাগ্রন্থি। • রক্তের রিজার্ভার বা ব্লাড ব্যাংক বলা হয়। • অধিকাংশ লোহিত কণিকা এখানে ধ্বংস হয় বলে একে লোহিত রক্তকণিকার কবরস্থান বলা হয়।
টনসিল	• গলার ভেতরে ডান ও বাম দিকে ছোট বলের মতো গঠন। • জীবাণু আক্রমণের বিরুদ্ধে প্রথম সারির প্রতিরোধ গড়ে তোলে।
রোগ	• টনসিলাইটিস: ভাইরাস বা ব্যাকটেরিয়া দ্বারা টনসিলের প্রদাহ। • ফাইলেরিয়া বা গোদরোগ বা এলিফ্যানটিয়াসিস: ফাইলেরিয়া কৃমি (<i>Wuchereria bancrofti</i>) দ্বারা আক্রমণের ফলে লসিকানালি ও গ্রন্থিগুলোর অস্বাভাবিকভাবে ফুলে যাওয়া।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❖ রক্ত ও লসিকার মধ্যে পার্থক্যঃ

পার্থক্যের বিষয়	রক্ত	লসিকা
বর্ণ	লাল।	সামান্য হলুদ বা সাদা।
প্রবাহ	সুনির্দিষ্ট চাপে প্রবাহিত হয়।	চাপহীন প্রবাহিত হয়।
উপাদান	প্লাজমা, লোহিত কণিকা, শ্বেত কণিকা ও অণুচক্রিকা।	প্লাজমা ও শ্বেত কণিকা, সামান্য অণুচক্রিকা।
হিমোগ্লোবিন	উপস্থিত।	অনুপস্থিত।
প্রোটিন, ক্যালসিয়াম ও ফসফরাস	বেশি।	কম।
পরিবাহিত পদার্থ	শ্বসন গ্যাস ও খাদ্যকণা (শর্করা ও আমিষ)।	বর্জ্য পদার্থ ও খাদ্যকণা (চর্বি)।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❓✓ বিগত বছরের প্রশ্নসমূহ (লসিকাতন্ত্র)

০১। নিম্নের কোন তথ্যটি লসিকাতন্ত্র সম্পর্কে সত্য নয়? (MAT: 08 - 09)

- (a) প্রকৃতপক্ষে এক ধরনের পরিবর্তিত কলারস
- (b) কলা থেকে কলারসের প্রায় ১০% লসিকা দ্বারা অপসৃত হয়
- (c) লসিকায় অনেক অণুচক্রিকা থাকে
- (d) লসিকাগ্রন্থি অ্যান্টিবডি তৈরি করে

০২। লসিকা সম্বন্ধে কোনটি সঠিক নয়? (DAT: 05 - 06)

- (a) লোহিত কণিকা থাকে না
- (b) লসিকা নালিতে চলাচল করে
- (c) লসিকা স্বচ্ছ
- (d) লসিকাতে অণুচক্রিকা আছে

০৩। লসিকার আপেক্ষিক গুরুত্ব - (MAT: 03 - 04)

- (a) ১.০২২
- (b) ১.০১৩
- (c) ১.০১৪
- (d) ১.০১৫

০৪। লসিকা নিম্নোক্ত কোন কঠিন পদার্থ থাকে না? (DAT: 03 - 04)

- (a) ফসফরাস (b) নাইট্রোজেনযুক্ত পদার্থ
(c) ম্যাগনেসিয়াম (d) প্রোটিন

০৫। যেটি সত্য? (MAT : 00-01)


- (a) অস্ত্রের ভিলাইয়ে অবস্থিত ক্ষুদ্র লসিকা নালিকে ল্যাকটিয়াল বলে
(b) যে লসিকা নালি লসিকাগ্রন্থি থেকে লসিকা বহন করে তাকে অন্তর্মুখী লসিকা নালি বলে
(c) যে লসিকা নালি লসিকাকে লসিকাগ্রন্থির দিকে বহন করে তাকে বহির্মুখী লসিকা নালি বলে
(d) ডান লসিকা নালি দেহের নিচের অংশে ও প্রত্যঙ্গের কিছু অংশে অবস্থিত লসিকা নালি দিয়ে গঠিত হয়

উত্তরঃ	০১। c	০২। d	০৩। d	০৪। c	০৫। a
--------	-------	-------	-------	-------	-------

০০০ হৃৎপিণ্ড

অবস্থান	<ul style="list-style-type: none"> বক্ষ গহ্বরে (বক্ষ কশেরুকা T5-T8 বরাবর) মধ্যচ্ছদার উপরে ও দুই ফুসফুসের মাঝ-বরাবর বাম দিকে একটু বেশি বাঁকা হয়ে অবস্থিত। সূচালো শীর্ষদেশ নিচের দিকে পঞ্চম পাঁজরের ফাঁকে অবস্থান করে।
আকার ও আকৃতি	<ul style="list-style-type: none"> এটি লালচে খয়েরী বর্ণের ত্রিকোণা মোচার মতো। দৈর্ঘ্য ১২ সেমি. ও প্রস্থ ৯ সেমি.।
ওজন	<ul style="list-style-type: none"> হৃৎপিণ্ডের ওজন প্রায় ৩০০ গ্রাম। স্ত্রীলোকে তা পুরুষের চেয়ে এক-তৃতীয়াংশ কম।
রক্তসঞ্চালন	<ul style="list-style-type: none"> একজন সুস্থ মানুষের জীবদশায় গড়ে ২৬০০ মিলিয়ন বার স্পন্দিত হয়ে প্রতি ভেন্ট্রিকল থেকে ১৫৫ মিলিয়ন লিটার বা দেড় লক্ষ টন রক্ত নির্গত করে।
আবরণী	<ul style="list-style-type: none"> হৃৎপিণ্ড পেরিকার্ডিয়াম নামক দ্বিস্তরী আবরণী দ্বারা বেষ্টিত। এর বাইরের দিক তন্তুময় পেরিকার্ডিয়াম এবং ভিতরের দিক সেরাস পেরিকার্ডিয়াম নামে পরিচিত। সেরাস পেরিকার্ডিয়াম দুই স্তরে বিভক্ত- বাইরের দিকে প্যারাইটাল স্তর ও ভিতরের দিকে ভিসেরাল স্তর। এই দুই স্তরের মাঝখানে পেরিকার্ডিয়াল ফ্লুইড থাকে। এই তরল হৃৎপিণ্ডকে চাপ, তাপ, ঘর্ষণ জনিত আঘাত হতে রক্ষা করে হৃৎপিণ্ডের সংকোচনকে সহজসাধ্য ও নিয়ন্ত্রণে সাহায্য করে।
প্রাচীর	<ul style="list-style-type: none"> হৃৎপিণ্ডের প্রাচীর ৩ স্তর বিশিষ্ট। যথা- (i) এপিকার্ডিয়াম (বহিঃস্থ স্তর, বিক্ষিপ্তভাবে চর্বিযুক্ত)। (ii) মায়োকার্ডিয়াম (মাঝের স্তর, সংকোচন-প্রসারণে সক্রিয় ভূমিকা রাখে)। (iii) এন্ডোকার্ডিয়াম (অন্তঃস্থ স্তর, প্রকোষ্ঠগুলোর অন্তঃপ্রাচীর গঠন করে এবং কপাটিকাগুলো ঢেকে রাখে)।

[Ref: গাজী আজমল সার + আবদুল আশীম স্যার]




- ❖ হৃৎপিণ্ডের প্রকোষ্ঠসমূহঃ
- হৃৎপিণ্ড চার প্রকোষ্ঠবিশিষ্ট। উপরের দুটিকে অলিন্দ বা অ্যাট্রিয়াম এবং নিচের দুটিকে নিলয় বা ভেন্ট্রিকল বলে।

[চিত্র-০৪, পৃষ্ঠা-iii দেখুন]

অ্যাট্রিয়াম বা অলিন্দ	<ul style="list-style-type: none"> • অপেক্ষাকৃত পাতলা প্রাচীরযুক্ত। • আন্তঃঅ্যাট্রিয়াল পর্দা দ্বারা অ্যাট্রিয়াম দুটি পরস্পর পৃথক থাকে। • ডান অ্যাট্রিয়ামে সুপিরিয়র ও ইনফিরিয়র ভেনাক্যাবা পৃথক পৃথক ছিদ্র পথে উন্মুক্ত হয়। • বাম অ্যাট্রিয়ামে প্রতি ফুসফুস থেকে আগ দুটি করে ফুসফুসীয় বা পালমোনারি শিরা উন্মুক্ত হয়।
ভেন্ট্রিকল বা নিলয়	<ul style="list-style-type: none"> • আন্তঃভেন্ট্রিকুলার পর্দা দ্বারা ভেন্ট্রিকল দুটি পরস্পর পৃথক থাকে। • ভেন্ট্রিকলের প্রাচীর অ্যাট্রিয়ামের প্রাচীর অপেক্ষা পুরু। • বাম ভেন্ট্রিকলের প্রাচীর ডান ভেন্ট্রিকলের প্রাচীর অপেক্ষা প্রায় তিনগুণ বেশি পুরু থাকে। • বাম ভেন্ট্রিকলের সম্মুখভাগ থেকে অ্যাওর্টা বা মহাধমনি সৃষ্টি হয়। • ডান ভেন্ট্রিকলের সম্মুখভাগ থেকে পালমোনারি ধমনি সৃষ্টি হয়। • ট্রাইকাসপিড ও বাইকাসপিড কপাটিকাগুলি ভেন্ট্রিকল প্রাচীরের মাংসল অভিক্ষেপের সাথে টেন্ডন তন্তু দিয়ে যুক্ত থাকে। • ভেন্ট্রিকল প্রাচীরের মাংসল অভিক্ষেপগুলোকে প্যাপিলারি পেশি এবং টেন্ডন তন্তুগুলিকে কর্ডি টেন্ডিনি বলে।

[Ref: গাজী আজমল স্যার]



চিত্রঃ হৃৎপিণ্ডের প্রকোষ্ঠসমূহ

- ❖ হৃৎপিণ্ডের কপাটিকাসমূহঃ

কপাটিকা	অবস্থান
(i) বাইকাসপিড বা মাইট্রাল কপাটিকা	বাম অলিন্দ ও বাম নিলয়ের সংযোগস্থলে।
(ii) ট্রাইকাসপিড কপাটিকা	ডান অলিন্দ ও ডান নিলয়ের সংযোগস্থলে।
(iii) ইউস্টেশিয়ান কপাটিকা	ইনফিরিয়র ভেনাক্যাবা ও ডান অলিন্দের সংযোগস্থলে।
(iv) থিবেসিয়ান কপাটিকা	করোনারি সাইনাস ও ডান অলিন্দের সংযোগস্থলে।
(v) পালমোনারি (সেমিলুনার) কপাটিকা	পালমোনারি ধমনি ও ডান নিলয়ের সংযোগস্থলে।
(vi) অ্যাওর্টিক (সেমিলুনার) কপাটিকা	অ্যাওর্টা (মহাধমনি) ও বাম নিলয়ের সংযোগস্থলে।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আশীম স্যার]

❖ হৃৎপেশি বা কার্ডিয়াক পেশিঃ

ধরন	• গঠন অনুসারে ঐচ্ছিক পেশির মতো এবং কাজ অনুসারে অনৈচ্ছিক পেশির মতো।
বৈশিষ্ট্য	• ছন্দময় সংকোচন প্রসারণশীলতা সম্পূর্ণ অনৈচ্ছিক। • প্রতিকোষে সাধারণত একটি নিউক্লিয়াস থাকে। • কার্যগতভাবে সিনসাইসিয়াম থাকে। • অনুপ্রস্থ ইন্টার ক্যালেটেড ডিস্ক থাকে। • মাইটোকন্ড্রিয়ার আধিক্যতা দেখা যায়।
ধর্ম	• এ পেশি সংকোচন প্রসারণশীলতা, উদ্দীপনা গ্রহণ, পরিবহন, ছন্দশীলতা ইত্যাদি কাজ করে।

[Ref: আবদুল আলীম স্যার + আবুল হাসান স্যার]

❖ রুই মাছ এবং মানুষের হৃৎপিণ্ডের মধ্যে পার্থক্য

পার্থক্যের বিষয়	রুই মাছের হৃৎপিণ্ড	মানুষের হৃৎপিণ্ড
প্রকোষ্ঠ	দুইটি। ১টি অ্যাট্রিয়াম ও ১টি ভেন্ট্রিকল।	চারটি। দুটি অ্যাট্রিয়া ও দুটি ভেন্ট্রিকল।
উপপ্রকোষ্ঠ	সাইনাস-ভেনোসাস।	নেই।
পরিবাহিত রক্ত	কেবল CO ₂ -সমৃদ্ধ।	O ₂ -সমৃদ্ধ ও CO ₂ -সমৃদ্ধ উভয় ধরনের।
রক্তসংবহন	একচক্রী।	দ্বিচক্রী।

[Ref: আবদুল আলীম স্যার]



বিগত বছরের প্রশ্নসমূহ (হৃৎপিণ্ড)

- ০১। হৃৎপিণ্ডের কোন কপাটিকায় তিনটি কাম্প (Cusp) থাকে না? (MAT : 18-19)
- (a) ডান এট্রিওভেন্ট্রিকুলার কপাটিকা (b) বাম এট্রিওভেন্ট্রিকুলার কপাটিকা
(c) অ্যাওর্টিক কপাটিকা (d) পালমোনারি কপাটিকা
- ০২। হৃৎপিণ্ডের ডান অলিন্দ ও ডান নিলয়ের সংযোগস্থলের কপাটিকার নাম- (MAT: 13- 14)
- (a) মাইট্রাল কপাটিকা (b) ট্রাইকাসপিড কপাটিকা
(c) পালমোনারি কপাটিকা (d) অ্যাওর্টিক কপাটিকা
- ০৩। ফোসা ওভালিস হৃৎপিণ্ডের কোথায় থাকে? (DAT: 09-10)
- (a) ডান হৃৎপিণ্ডের আন্তঃঅলিন্দ পর্দার গায়ে (b) হৃৎপিণ্ডের আন্তঃনিলয় পর্দার গায়ে
(c) অলিন্দ-নিলয় পর্দার গায়ে (d) ডান নিলয়ের অভ্যন্তর গায়ে
- ০৪। নিম্নের কোনটি হৃৎপিণ্ডকে বিভিন্ন প্রকোষ্ঠে বিভক্ত করে? (DAT: 09-10)
- (a) এপিকার্ডিয়াম (b) পেরিকার্ডিয়াম
(c) এন্ডোকার্ডিয়াম (d) মায়োকার্ডিয়াম
- ০৫। মাইট্রাল কপাটিকা নিয়ে উল্লেখিত কোথায় অবস্থিত? (MAT: 09-10)
- (a) ডান ও বাম নিলয়ের গোড়ায় (b) ডান অলিন্দ-নিলয় ছিদ্র মুখে
(c) বাম অলিন্দ-নিলয় ছিদ্রমুখে (d) এওর্টার ছিদ্র মুখে
- ০৬। নিম্নের কোন উক্তিটি সঠিক নয়? (MAT: 07-08)
- (a) অলিন্দে আগত শিরাগুলির প্রবেশ পথ কপাটিকাবিহীন
(b) ডান নিলয় থেকে পালমোনারি ধমনি শুরু হয়
(c) মাইট্রাল কপাটিকা ডান অলিন্দ ও ডান নিলয়ের সংযোগস্থলে থাকে
(d) সাইনো-অ্যাট্রিয়াল নোড (SAN) ডান অলিন্দের প্রাচীরে থাকে।

উত্তরঃ

০১। b

০২। b

০৩। a

০৪। c

০৫। c

০৬। c

০০০ কার্ডিয়াক চক্র

❖ বিশেষ তথ্যঃ

হৃদস্পন্দন	<ul style="list-style-type: none"> • হৃৎপিণ্ডের প্রকোষ্ঠগুলোর সংকোচনকে সিস্টোল ও প্রসারণকে ডায়াস্টোল বলে। • হৃৎপিণ্ডের একবার সংকোচন ও একবার প্রসারণকে হার্টবিট বা হৃদস্পন্দন বলে। • প্রাপ্তবয়স্ক সুস্থ ব্যক্তির হৃৎস্পন্দনের হার প্রতি মিনিটে ৭০-৮০ বার। গড়ে ৭৫ বার।
কার্ডিয়াক চক্র	<ul style="list-style-type: none"> • প্রতি হৃদস্পন্দন সম্পন্ন করতে সিস্টোল ও ডায়াস্টোলের চক্রাকার ঘটনাবলিকে কার্ডিয়াক চক্র বলে। • কার্ডিয়াক চক্রের (অ্যাট্রিয়াল চক্র ও ভেন্ট্রিকুলার চক্র উভয়েরই) সময়কাল ০.৮ সেকেন্ড।

[Ref: গাজী আজমল স্যার]

❖ কার্ডিয়াক চক্রের বিভিন্ন দশাঃ


- কার্ডিয়াক চক্র চারটি ধাপে সম্পন্ন হয়। যথা-

দশা	সময়কাল	ঘটনাবলি
(i) অ্যাট্রিয়ামের ডায়াস্টোল	০.৭ সেকেন্ড	<ul style="list-style-type: none"> • ট্রাইকাসপিড ও বাইকাসপিড কপাটিকা বন্ধ হয়। • সুপিরিয়র ভেনাক্যাভা এবং ইনফিরিয়র ভেনাক্যাভা দিয়ে CO₂- সমৃদ্ধ রক্ত ডান অ্যাট্রিয়ামে ও পালমোনারি শিরা দিয়ে O₂ সমৃদ্ধ রক্ত বাম অ্যাট্রিয়ামে প্রবেশ করে। • হৃৎপিণ্ডের পেশি থেকেও CO₂- সমৃদ্ধ রক্ত করোনারি সাইনাসের মাধ্যমে ডান অ্যাট্রিয়ামে আসে।
(ii) অ্যাট্রিয়ামের সিস্টোল	০.১ সেকেন্ড	<ul style="list-style-type: none"> • অ্যাট্রিয়াম দুটি রক্ত পূর্ণ হলে অ্যাট্রিয়ামের সিস্টোল ঘটে। • ডান অ্যাট্রিয়ামের সাইনো-অ্যাট্রিয়াল নোড থেকে সংকোচনের সূত্রপাত ঘটে। • ট্রাইকাসপিড ও বাইকাসপিড কপাটিকা খুলে যায়। • প্রথমার্ধে (প্রথম ০.০৫ সেকেন্ড) সংকোচন সর্বোচ্চ মাত্রায় থাকে → ডায়নামিক পর্যায় • দ্বিতীয়ার্ধে (পরবর্তী ০.০৫ সেকেন্ড) সংকোচন ক্ষীণতর হতে হবে প্রশমিত হয় → অ্যাডায়নামিক পর্যায়
(iii) ভেন্ট্রিকলের সিস্টোল	০.৩ সেকেন্ড	<ul style="list-style-type: none"> • ট্রাইকাসপিড ও বাইকাসপিড কপাটিকা সজোরে বন্ধ হয় এবং সেমিলুনার কপাটিকা খুলে যায়। • "লাব (Lub)" সদৃশ প্রথম শব্দের সৃষ্টি হয়। • ডান ভেন্ট্রিকল থেকে CO₂- সমৃদ্ধ রক্ত পালমোনারি ধমনিতে এবং বাম ভেন্ট্রিকল থেকে O₂- সমৃদ্ধ রক্ত অ্যাওর্টায় প্রবেশ করে।
(iv) ভেন্ট্রিকলের ডায়াস্টোল	০.৫ সেকেন্ড	<ul style="list-style-type: none"> • সেমিলুনার কপাটিকা সজোরে বন্ধ হওয়ার "ডাব (Dub)" সদৃশ দ্বিতীয় শব্দের সৃষ্টি হয়। • ট্রাইকাসপিড ও বাইকাসপিড কপাটিকা খুলে যায়।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আশীম স্যার]

❖ সংযোগী টিস্যু বা জাংশনাল টিস্যুঃ

(i) সাইনো-অ্যাট্রিয়াল নোড	<ul style="list-style-type: none"> • মার্টিন ফ্রাঙ্ক এটি আবিষ্কার করেন। • ডান অ্যাট্রিয়ামের প্রাচীরে, ডান অ্যাট্রিয়াম ও সুপিরিয়র ভেনাক্যাভার ছিদ্রের সংযোগস্থলে অবস্থিত। • একে পেসমেকার বা প্রাকৃতিক পেসমেকার বলা হয়।
(ii) অ্যাট্রিও-ভেন্ট্রিকুলার নোড	<ul style="list-style-type: none"> • ডান অ্যাট্রিয়াম-ভেন্ট্রিকুলের প্রাচীরে অবস্থিত। • এর মাধ্যমে হৃৎউদ্দীপনার ঢেউ অ্যাট্রিয়াম থেকে ভেন্ট্রিকুলে প্রবাহিত হয়। • SAN থেকে AVN এ উদ্দীপনার ঢেউ পরিবহনে ০.১৫ সেকেন্ড দেয়। • একে সংরক্ষিত পেসমেকার বলে।
(iii) বান্ডল অব হিজ	<ul style="list-style-type: none"> • উইলহেলম হিজ এটি আবিষ্কার করেন। • আন্তঃনিলয় প্রাচীরের পশ্চাৎভাগ পর্যন্ত বিস্তৃত এবং ডান ও বাম শাখায় বিভক্ত।
(iv) পারকিনজি তন্তু	<ul style="list-style-type: none"> • জন ইডানজেলিস্টা পারকিনজি এটি আবিষ্কার করেন। • বান্ডল অব হিজ থেকে উৎপন্ন হয়ে ভেন্ট্রিকুলের প্রাচীরে জালক সৃষ্টি করে।



[Ref: গাজী আজমল স্যার + আবদুল আদীম স্যার]

❖ বিগত বছরের প্রশ্নসমূহ (কার্ডিয়াক চক্র)

- ০১। পেসমেকারের অবস্থান হৃৎপিণ্ডের কোথায়? (DAT : 17-18,08-09)

(a) বাম অলিন্দ	(b) বাম নিলয়
(c) ডান অলিন্দ	(d) ডান নিলয়
- ০২। একটি হৃৎপিণ্ডে প্রতি মিনিটে ৮০ বার হৃৎকম্পন হয়, তাহলে হৃৎ চক্রের স্থায়িত্ব কত? (DAT: 16-17)

(a) ০.৬০ সেকেন্ড	(b) ০.৭৫ সেকেন্ড
(c) ৭.৫০ সেকেন্ড	(d) ০.৮০ সেকেন্ড
- ০৩। অলিন্দের ডায়াস্টোল দশার সময়কাল কোনটি? (MAT: 10-11,07-08)

(a) ০.৩ সেকেন্ড	(b) ০.৭ সেকেন্ড
(c) ০.১ সেকেন্ড	(d) ০.৫ সেকেন্ড
- ০৪। নিলয়ের ডায়াস্টোলের সময় নিল্লের কত সেকেন্ড? (MAT: 09-10)

(a) ০.৭ সেকেন্ড	(b) ০.৫ সেকেন্ড
(c) ০.৩ সেকেন্ড	(d) ০.১ সেকেন্ড
- ০৫। ডান অলিন্দ প্রসারিত হলে অগ্রদেশীয় মহাশিরার মাধ্যমে দেহের সামনে অঞ্চল থেকে কার্বন-ডাইঅক্সাইড সমৃদ্ধ নিল্লের কোন অলিন্দে ফিরে আসে? (MAT: 09-10)

(a) ডান নিলয়	(b) ডান অলিন্দ
(c) বাম নিলয়	(d) বাম অলিন্দ
- ০৬। নিল্লের কোনটি সঠিক নয়? (MAT: 09-10)

(a) শিরায় রক্তচাপ কম থাকে
(b) লসিকা দেহের কিছু কিছু স্থানে রক্তের পরিবর্তন হিসাবে কাজ করে
(c) কৈশিক জালক থেকে শিরার উৎপত্তি
(d) কার্ডিয়াক চক্রের সময়কাল, হৃৎপিণ্ডের স্পন্দনের সমানুপাতিক

- ০৭। নিম্নের কোনটি হৃৎপিণ্ডের সংবহনতন্ত্রের অংশ নয়? (DAT: 09-10)
- (a) পেস মেকার (b) মায়োকার্ডিয়াম
(c) বান্ডেল অব হিজ (d) পারিকিনজি তন্তু
- ০৮। নিম্নের কোনটি হৃৎপিণ্ডের নিলয়ের সিন্টালের সময়কাল? (DAT : 07-08)
- (a) 0.1 s (b) 0.3 s
(c) 0.5 s (d) 0.7 s
- ০৯। হৃৎপিণ্ডের অলিদের সিন্টালের সময়কাল কত? (MAT: 04-05)
- (a) ০.৭ সেকেন্ড (b) ০.৮ সেকেন্ড
(c) ০.৩ সেকেন্ড (d) ০.১ সেকেন্ড

উত্তরঃ	০১। c	০২। b	০৩। b	০৪। b	০৫। b
	০৬। d	০৭। b	০৮। b	০৯। d	

০০ রক্তচাপ নিয়ন্ত্রণে ব্যারোরিসেপ্টরের ভূমিকা

❖ রক্তচাপ বা ব্লাড প্রেসারঃ

প্রকারভেদ	<ul style="list-style-type: none"> • রক্তচাপ দুই ধরনের। যথা- ক. সিন্টোলিক চাপ: একজন সুস্থ প্রাপ্তবয়স্ক মানুষের স্বাভাবিক সিন্টোলিক চাপ হচ্ছে ১১০-১২০ mmHg. খ. ডায়াস্টোলিক চাপ: একজন সুস্থ প্রাপ্তবয়স্ক মানুষের স্বাভাবিক ডায়াস্টোলিক চাপ হচ্ছে ৭০-৮০ mmHg.
পরিমাপক যন্ত্র	• স্ফিগমোম্যানোমিটার।
জটিলতা	<ul style="list-style-type: none"> • উচ্চ রক্তচাপ বা হাইপারটেনশন: 140/90 mmHg এর বেশি হলে উচ্চ রক্তচাপ বা হাইপারটেনশন বলে। • নিম্ন রক্তচাপ বা হাইপোটেনশন: নিম্ন রক্তচাপজনিত জটিলতাকে সিনকপ (Syncope) বলে।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার + আবুল হাসান স্যার]

❖ উচ্চ রক্তচাপজনিত জটিলতাসমূহঃ

(i) কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের জটিলতা	ক) স্ট্রোক, খ) হাইপারটেনসিভ এনসেফালোপ্যাথি, গ) সাব অ্যারাকনয়েড হেমোরাজ ও ঘ) লেফট ভেন্ট্রিকুলার ফেইলিওর।
(ii) হৃদযন্ত্রের জটিলতা	ক) এনজাইনা পেকটোরিস, খ) মায়োকার্ডিয়াল ইনফার্কশন ও গ) আনস্টেবল এনজাইনা। (এই তিনটি করোনারি হার্ট ডিজিজ বা ইস্কেমিক হার্ট ডিজিজের আওতাভুক্ত।)
(iii) রেচনতন্ত্রের জটিলতা	ক) রেনাল ফেইলিওর ও খ) রেনাল ড্যামেজ।
(iv) চোখের রেটিনায় জটিলতা	ক) প্যাপিলিওডিমা, খ) দৃষ্টিক্রটি ও গ) অন্ধত্ব।


[Ref: আবুল হাসান স্যার]

❖ ব্যারোরিসেপ্টরঃ

- ব্যারোরিসেপ্টর হল মানুষের রক্ত বাহিকায় চাপ-সংবেদী স্নায়ু প্রান্ত। ব্যারোরিসেপ্টর ২ প্রকার। যথা-

ক) উচ্চচাপ ব্যারোরিসেপ্টর	<ul style="list-style-type: none"> • অনুপ্রস্থ অ্যাওটিক আর্চ এবং ডান ও বাম অন্তঃস্থ ক্যারোটিড ধমনির ক্যারোটিড সাইনাসে অবস্থিত। • রক্তচাপ পড়ে গেলে ক্যারোটিড ও অ্যাওটিক ব্যারোরিসেপ্টর থেকে সংকেত যথাক্রমে গ্লসোফ্যারিঞ্জিয়াল ও ভেগাস স্নায়ুর মাধ্যমে মেডুলা অবলংগাটায় প্রেরিত হয়।
খ) নিম্নচাপ বা আয়তন ব্যারোরিসেপ্টর	<ul style="list-style-type: none"> • বড় বড় সিস্টেমিক শিরা, পালমোনারি রক্তবাহিকা এবং ডান অ্যাট্রিয়াম ও ভেন্ট্রিকলের প্রাচীরে অবস্থিত। • এরা রক্তের আয়তন নিয়ন্ত্রণের মাধ্যমে রক্তচাপ স্বাভাবিক রাখে। • আয়তন রিসেপ্টরের প্রভাব রয়েছে রক্ত সংবহন ও রেচন উভয় তন্ত্রে।

[Ref: গাজী আজমল স্যার]



বিগত বছরের প্রশ্নসমূহ (রক্তচাপ নিয়ন্ত্রণে ব্যারোরিসেপ্টরের ভূমিকা)

- ০১। কোন জাতীয় ব্যারোরিসেপ্টর রক্তের আয়তন নিয়ন্ত্রণে ভূমিকা রাখে? (MAT : 18-19)
- (a) উচ্চচাপ ব্যারোরিসেপ্টর (b) ক্যারোটিড ব্যারোরিসেপ্টর
(c) নিম্নচাপ ব্যারোরিসেপ্টর (d) অ্যাট্রিয়াল ব্যারোরিসেপ্টর
- ০২। সিস্টোলিক এবং ডায়াস্টোলিক প্রেসারের পার্থক্যকে বলা হয়- (MAT: 09-10)
- (a) পরিম্রাবণ প্রেসার (b) বেসাল প্রেসার
(c) মিন প্রেসার (d) পালস প্রেসার
- ০৩। শূন্যস্থানের জন্য নিম্নের কোনটি প্রযোজ্য? অ্যাড্রেনালিন হৃদস্পন্দনের হারকে _____। (DAT : 09-10)
- (a) স্বাভাবিক রাখে (b) বাড়ায়
(c) কমায় (d) প্রভাবিত করে না
- ০৪। নিম্নের কোনটি সঠিক? (DAT : 05-06)
- (a) স্ট্রোক হচ্ছে রক্তচাপজনিত কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের জটিলতা
(b) বেসোফিল অ্যান্টিবডি উৎপাদন করে
(c) রক্তের প্রায় ৪৫% তরল প্লাজমা
(d) লোহিত রক্তকণিকা রক্তের তরলতা রক্ষা করে
- ০৫। কোন ব্যক্তির রক্তচাপ যদি সিস্টোলিক এবং ডায়াস্টোলিক সবসময় পারদন্ততে নিম্নের কোনটির চেয়ে বেশি হয় তবে তার উচ্চ রক্তচাপ আছে বলা যায়? (DAT : 02-03)
- (a) 160/90 mm(Hg) (b) 145/90 mm (Hg)
(c) 140/70 mm (Hg) (d) 180/50 mm (Hg)

উত্তর:

০১। c

০২। d

০৩। b

০৪। a

০৫। b

০০০ রক্ত সংবহনতন্ত্র

❖ রক্তনালিসমূহের প্রকারভেদঃ

- রক্তনালি ৩ ধরনের। যথা-

(১) ধমনি [চিত্র-০৬(ক), পৃষ্ঠা-iv দেখো]	<ul style="list-style-type: none"> • রক্ত হৃৎপিণ্ড থেকে দেহের বিভিন্ন অংশে নিয়ে যায়। • ধমনি প্রাচীর পুরু এবং তিনটি স্তর নিয়ে গঠিত। যথা – ক. টিউনিকা এল্ভটার্না বা টিউনিকা অ্যাডভেনটিশিয়া, খ. টিউনিকা মিডিয়া (পেশি নির্মিত) ও গ. টিউনিকা ইন্টার্না।
(২) শিরা [চিত্র-০৬(গ), পৃষ্ঠা-iv দেখো]	<ul style="list-style-type: none"> • রক্ত দেহের বিভিন্ন অংশ থেকে হৃৎপিণ্ডে নিয়ে আসে। • শিরা প্রাচীর ৩ স্তর বিশিষ্ট। যথা – ক. টিউনিকা এল্ভটার্না বা টিউনিকা অ্যাডভেনটিশিয়া, খ. টিউনিকা মিডিয়া (ধমনির চেয়ে পাতলা) ও গ. টিউনিকা ইন্টার্না। • শিরার লুমেন অপেক্ষাকৃত বড়।
(৩) কৈশিক নালিকা বা রক্তজালিকা [চিত্র-০৬(খ), পৃষ্ঠা-iv দেখো]	<ul style="list-style-type: none"> • ধমনি ও শিরার মধ্যে সংযোগ স্থাপনকারী অতি সূক্ষ্ম রক্তনালিকা। • রক্তজালিকা নালির প্রাচীর শুধুমাত্র টিউনিকা ইন্টার্না দ্বারা গঠিত। • গহ্বর কপাটিকাবিহীন।

[Ref: আবুল হাসান মাহ]


❖ ধমনিতন্ত্রঃ

- মানুষের ধমনিতন্ত্র প্রধানত দুটি অংশ নিয়ে গঠিত। যথা-

ক) পালমোনারি ধমনিতন্ত্র	<ul style="list-style-type: none"> • হৃৎপিণ্ডের ডান ভেন্ট্রিকল থেকে উৎপন্ন হয়। • কার্বন ডাইঅক্সাইড সমৃদ্ধ রক্ত ফুসফুসদ্বয়ে বহন করে।
খ) সিস্টেমিক ধমনিতন্ত্র	<ul style="list-style-type: none"> • বাম নিলয়ের উপরিভাগ থেকে সিস্টেমিক মহাধমনি উৎপন্ন হয়। • সিস্টেমিক মহাধমনি প্রধান ৩টি অংশে বিভক্ত। (নিচে দেখো)

[Ref: আবুল হাসান মাহ]

❖ সিস্টেমিক মহাধমনির অংশসমূহঃ



[Ref: আবুল হাসান মাহ]



প্রতিদিনের চাকুরীর মার্কুলার পেতে [এখানে ক্লিক করুন](#)

প্রতি মাসের কারেন্ট অ্যাফেয়ার্স পিডিএফ [এখানে ক্লিক করুন](#)

চাকুরীর প্রয়োজনীয় মকল পিডিএফ বই [এখানে ক্লিক করুন](#)

বিমিএম এর প্রয়োজনীয় পিডিএফ বই [এখানে ক্লিক করুন](#)

প্রতি মাস্তাহের চাকুরী পত্রিকা ডাউনলোড [এখানে ক্লিক করুন](#)

মকল নিয়োগ পরীক্ষার প্রশ্ন সমাধান [এখানে ক্লিক করুন](#)

বিডিনিয়োগ.কম দেশের মেরা পিডিএফ কালেকশন

SSC এর প্রয়োজনীয় মকল পিডিএফ বই [এখানে ক্লিক করুন](#)

HSC এর প্রয়োজনীয় মকল পিডিএফ বই [এখানে ক্লিক করুন](#)

বিশ্ববিদ্যালয় ভর্তির মকল পিডিএফ বই [এখানে ক্লিক করুন](#)

মকল ধরনের **মাজেশন** ডাউনলোড [এখানে ক্লিক করুন](#)



কিভাবে ভুলে যাই তোমায়...

❖ আর্চ অব অ্যাওর্টার শাখাঃ B C S

B
↓

Brachiocephalic Artery
(ব্র্যাকিওসেফালিক ধমনি)

C
↓

Left Common Carotid Artery
(বাম সাধারণ ক্যারোটিড ধমনি)

S
↓

Left Subclavian Artery
(বাম সাবক্লেভিয়ান ধমনি)

❖ এবডোমিনাল মহাধমনির শাখাসমূহঃ

শাখা	সরবরাহকৃত অঙ্গ
(i) সুপ্রারেনাল	• সুপ্রারেনাল নামক অন্তঃক্ষরা গ্রন্থি।
(ii) বৃক্কীয় ধমনি	• বৃক্ক।
(iii) অন্তঃস্থ স্পামার্টিক ধমনি	• জননাস্র।
(iv) সিলিয়াক ধমনি	• এ ধমনি ৩ টি প্রধান শাখায় বিভক্ত; যথাঃ ক. বাম গ্যাস্ট্রিক ধমনিঃ পাকস্থলি। খ. স্প্লিনিক ধমনিঃ প্লীহা। গ. হিপাটিক ধমনিঃ যকৃত।
(v) সুপিরিয়র বা অগ্রস্থ মেসেন্টেরিক ধমনি	• এপেনডিক্স, কোলন, ডিওডেনাম, জেজুনা, ইলিয়াম ইত্যাদি।
(vi) ইনফেরিয়র বা পশ্চাৎ মেসেন্টেরিক ধমনি	• ডিসেনডিং কোলন, সিগময়েড কোলন এবং রেকটামের উপরের অংশ।
(vii) সাধারণ ইলিয়াক ধমনি	• দুটি শাখায় বিভক্ত হয়। যথাঃ ক. বহিঃস্থ ইলিয়াক ধমনিঃ পায়ের বিভিন্ন অঙ্গুলের ত্বক, পেশি এবং অস্থি। খ. অন্তঃস্থ ইলিয়াক ধমনিঃ প্রোগি অঙ্গুলের পেশি, মলাশয়ের প্রাচীর, মূত্রনালি, প্রোস্টেট গ্রন্থি, জননাস্র ইত্যাদি।

[Ref: আবুল হাসান স্যার]

❖ শিরাতন্ত্রঃ

• শিরাতন্ত্র তিন ভাগে বিভক্ত। যথা-

(১) পালমোনারি বা ফুসফুসীয় শিরাতন্ত্র	• ডান ও বাম উভয় ফুসফুস থেকে দুটি করে পালমোনারি শিরা উৎপন্ন হয়। • হৃৎপিণ্ডের বাম অলিন্দে অক্সিজেন সমৃদ্ধ রক্ত পরিবহন করে।
(২) সিস্টেমিক শিরাতন্ত্র	• দুটি প্রধান মহাশিরা নিয়ে গঠিত। যথা- ক. অগ্রদেশীয় মহাশিরা বা উর্ধ্ব মহাশিরা : এ মহাশিরা দেহের সামনের তথা উপরের অংশের বিভিন্ন অঙ্গ থেকে কার্বন-ডাইঅক্সাইড সমৃদ্ধ রক্ত হৃৎপিণ্ডে নিয়ে আসে। খ. পশ্চাৎ দেশীয় মহাশিরা বা নিম্ন মহাশিরা: এ মহাশিরা দেহের নিম্নাংশের ডান ও বাম সাধারণ ইলিয়াক শিরার সমন্বয়ে গঠিত হয়।
(৩) পোর্টাল শিরাতন্ত্র	• কৈশিক নালি থেকে উৎপন্ন হয়ে হৃৎপিণ্ডে যাবার পথে যে সকল শিরা অন্য কোনো অঙ্গে প্রবেশ করে আবার কৈশিক নালিতে পরিণত হয়, তাদের পোর্টাল শিরা বলে। • মানুষের প্রধানতম যকৃত পোর্টালতন্ত্র থাকে।

[Ref: আবুল হাসান স্যার]

❖ ধমনি ও শিরার পার্থক্যঃ

বিষয়	ধমনি	শিরা
উৎপত্তি ও সমাপ্তি	উৎপত্তি-হৃৎপিণ্ডে; সমাপ্তি- কৈশিকনালিতে।	উৎপত্তি-কৈশিকনালি থেকে; সমাপ্তি- হৃৎপিণ্ডে।
রক্ত প্রবাহের দিক	হৃৎপিণ্ড থেকে দেহের দিকে পরিবহন করে।	দেহ থেকে হৃৎপিণ্ডের দিকে পরিবহন করে।
রক্তের প্রকৃতি	পালমোনারি ধমনি ছাড়া অন্য ধমনিগুলো O ₂ সমৃদ্ধ রক্ত পরিবহন করে। রক্ত উজ্জ্বল লাল বর্ণের।	পালমোনারী শিরা ছাড়া অন্য শিরাগুলো CO ₂ সমৃদ্ধ রক্ত পরিবহন করে। রক্ত কালচে বর্ণের।
প্রাচীর	বেশ পুরু ও স্থিতিস্থাপক।	কম পুরু ও অস্থিতিস্থাপক।
লুমেন (গহ্বর)	ছোট।	বেশ বড়।
কপাটিকা	কপাটিকা থাকে না।	সেমিলুনার কপাটিকার মতো কপাটিকা থাকে।
অবস্থান	প্রধানত দেহের গভীর অংশে বিস্তৃত থাকে।	দেহের পরিধি অংশে বিস্তৃত থাকে।
রক্ত চাপ	উচ্চ রক্ত চাপে রক্ত পরিবহন করে।	কম চাপে রক্ত পরিবহন করে।
স্পন্দন	আছে।	নাই।

❖ রক্তসংবহন প্রক্রিয়াঃ

- মানুষের রক্ত সংবহনতন্ত্র বদ্ধ ধরনের এবং দ্বি-চক্রীয়। চার প্রক্রিয়ায় রক্ত সংবহন হয়। যথা-

(i) সিস্টেমিক সংবহন	<ul style="list-style-type: none"> • সব সিস্টেমিক ধমনির উদ্ভব হয় অ্যাওর্টা বা মহাধমনি থেকে এবং অ্যাওর্টার উদ্ভব ঘটে বাম ভেন্ট্রিকল থেকে। • হৃৎপিণ্ড থেকে রক্ত প্রবাহিত হয় পুনরায় হৃৎপিণ্ডে ফিরে আসতে সিস্টেমিক সংবহনের সময় লাগে ২৫-৩০ সেকেন্ড। • গতিপথ: বাম নিলয় → মহাধমনি → অঙ্গ তন্ত্র → মহাশিরা → ডান অলিন্দ → ডান নিলয়।
(ii) পালমোনারি সংবহন	<ul style="list-style-type: none"> • পালমোনারি সংবহনের শুরু হয় পালমোনারি ধমনি থেকে, আর পালমোনারি ধমনির উদ্ভব ঘটে ডান ভেন্ট্রিকল থেকে। • প্রতি ফুসফুস থেকে ২টি মোট ৪টি পালমোনারি শিরার মাধ্যমে বাম অ্যাট্রিয়ামে রক্ত ফিরে আসে। • গতিপথ: ডান নিলয় → পালমোনারি ধমনি → ফুসফুস → পালমোনারি শিরা → বাম অলিন্দ → বাম নিলয়।
(iii) পোর্টাল সংবহন	<ul style="list-style-type: none"> • মেরুদণ্ডী প্রাণিতে সাধারণত যকৃত বা হেপাটিক এবং বৃক্কীয় বা রেনাল দুধরনের পোর্টাল সংবহন দেখা যায়। • মানুষসহ বিভিন্ন স্তন্যপায়ী প্রাণিতে শুধুমাত্র যকৃত পোর্টাল সংবহন দেখা যায়। • গতিপথ: পৌষ্টিক অঙ্গাদি → হেপাটিক পোর্টাল শিরা → যকৃত → হেপাটিক শিরা → নিম্নমহাশিরা → হৃৎপিণ্ড।
(iv) করোনারি সংবহন	<ul style="list-style-type: none"> • হৃৎপিণ্ডের হৃৎপেশিতে রক্ত সঞ্চালকারি সংবহন। • হৃৎপিণ্ডের প্রাচীরে সিস্টেমিক ধমনির গোড়া হতে সৃষ্ট করোনারি ধমনির মাধ্যমে রক্ত সংবাহিত হয়। • গতিপথ: সিস্টেমিক ধমনি → করোনারি ধমনি → হৃদপ্রাচীর → করোনারি শিরা → ডান অলিন্দ।

[Ref: গাজী আজমল সাদিক]

বিগত বছরের প্রশ্নসমূহ (রক্ত সংবহনতন্ত্র)

- ০১। নিম্নের কোনটি পালমোনারি সংবহনের অংশ নয়? (MAT:15-16)
 (a) ফুসফুস (b) ডান নিলয়
 (c) মহাধমনি (d) বাম অলিন্দ
- ০২। স্যাফেনা পার্ভা শিরা নিম্নের কোন শিরায় উন্মুক্ত? (DAT : 10-11)
 (a) রেনাল (b) হেপাটিক
 (c) পপলিটিয়াল (d) সুপ্রারেনাল
- ০৩। নিম্নের কোন তথ্যটি সঠিক নয়? (MAT: 08-09)
 (a) হৃৎপিণ্ডের বাম অলিন্দ থেকে পালমোনারি ধমনি উৎপন্ন হয়
 (b) পালমোনারি ধমনির প্রবেশ মুখে একটা অর্ধচন্দ্রাকৃতি কপাটিকা থাকে
 (c) পালমোনারি শিরা ফুসফুস থেকে অক্সিজেনযুক্ত রক্ত নিয়ে হৃৎপিণ্ডে ফিরে আসে
 (d) মানুষের রক্তসংবহনতন্ত্রে দ্বিচক্রীয় সংবহন দেখা যায়
- ০৪। সিলিয়াক ধমনি নিম্নের কোন অঙ্গে রক্ত সরবরাহ করে না? (MAT: 08-09)
 (a) পাকস্থলি (b) বৃক্ক
 (c) প্লীহা (d) যকৃত
- ০৫। মানব শিরাতন্ত্রে নিম্নের কোনটি অনুপস্থিত? (DAT : 08-09)
 (a) পোর্টাল (b) করোনারি
 (c) পালমোনারি (d) সিন্টেমিক
- ০৬। নিম্ন প্রদত্ত কোন ধমনিটির উৎপত্তি এ্যাওর্টার বাঁক থেকে হয় না? (DAT : 08-09)
 (a) বাম সাবক্লেভিয়ান (b) ইনোমিনেট
 (c) বাম সাধারণ ক্যারোটিড (d) ডান সাধারণ ক্যারোটিড
- ০৭। নিম্নের কোন তথ্যটি শিরার ক্ষেত্রে সঠিক নয়? (DAT : 07-08)
 (a) দেহ থেকে হৃৎপিণ্ডের দিকে রক্ত পরিবহন করে
 (b) পালমোনারি শিরা CO₂ সমৃদ্ধ রক্ত পরিবহন করে
 (c) কপাটিকা থাকে
 (d) প্রাচীর কম পুরু এবং অস্থিতিস্থাপক
- ০৮। শিরার জন্য কোন তথ্যটি সঠিক নয়? (MAT: 05-06)
 (a) লুমেন বড়
 (b) সাধারণত কার্বন ডাই সমৃদ্ধ রক্ত দেহের বিভিন্ন অংশ থেকে হৃদপিণ্ডে বহন করে নিয়ে আসে
 (c) শিরাপ্রাচীর তিন স্তরে গঠিত
 (d) প্রাচীর স্থিতিস্থাপক
- ০৯। আর্চ অব এ্যাওর্টা থেকে বের হয় না কোন ধমনি? (DAT: 04-05)
 (a) ইনোমিনেট বা ব্র্যাকিওসেফালিক (b) ব্র্যাকিয়াল ধমনি
 (c) বাম সাধারণ ক্যারোটিড ধমনি (d) বাম সাবক্লেভিয়ান ধমনি
- ১০। ধমনি ক্ষেত্রে নিচের কোনটি প্রযোজ্য? (DAT: 02-03)
 (a) উৎসস্থল কৈশিক জালিকা
 (b) সমাপ্তিস্থল হৃৎপিণ্ড
 (c) কপাটিকা আছে
 (d) রক্ত সাধারণত হৃৎপিণ্ড থেকে দেহের বিভিন্ন অংশে পরিবাহিত হয়
- ১১। যে দুটো শিরা মিলিত হয়ে "ইনোমিনেট শিরা" গঠিত হয় তার মধ্যে একটি হলো- (MAT: 01-02)
 (a) এক্সিল্যারি শিরা (b) সাবক্লেভিয়ান শিরা
 (c) সেফালিক শিরা (d) এজাইগাস শিরা

উত্তরঃ	০১। c	০২। c	০৩। a	০৪। b	০৫। b	০৬। d
	০৭। b	০৮। d	০৯। b	১০। d	১১। b	

৩ হৃদরোগের বিভিন্ন অবস্থা

বিশেষ তথ্য	<ul style="list-style-type: none"> বর্তমান পৃথিবীতে মোট মৃত্যুর 30% হয়ে থাকে হৃদরোগ জনিত কারণে। তাই একে বিশ্বের এক নম্বর ঘাতক ব্যাধি বলা হয়।
------------	--

❖ বুকে ব্যথা বা অ্যানজাইনাঃ

বিশেষ তথ্য	<ul style="list-style-type: none"> এটি হৃদপিণ্ডজনিত বুক ব্যথা। অ্যানজাইনাকে সাধারণত হার্ট অ্যাটাকের পূর্বসূরী মনে করা হয়। ব্যায়াম বা অন্য শারীরিক কাজে, মানসিক চাপ, অতিরিক্ত ভোজন, শীতকাল বা আতঙ্কে বুকে ব্যথা হতে পারে। ব্যথা 5 – 30 মিনিট স্থায়ী হয়।
লক্ষণ	<ul style="list-style-type: none"> উরঃফলক বা স্টার্নামের পেছনে বুকে ব্যথা হওয়া। অ্যানজাইনা গলা, কাঁধ, চোয়াল, বাহু, পিঠ এমনকি দাঁতেও ছড়াতে পারে। বুকে জ্বালাপোড়া, চাপ, নিঃস্পেষণ বা আড়াষ্ট ভাব সৃষ্টি হয়ে অস্বস্তির প্রকাশ ঘটায়। হজমে গন্ডগোল ও বমি বমি ভাব। ঘন ঘন শ্বাস-প্রশ্বাস নেওয়া কিংবা দম ফুরিয়ে হাঁপানো দেখা দিতে পারে। ঘাম হওয়া, মাথা বিমবিম করা, শরীর ফ্যাকাশে হয়ে যায়।
প্রকার	<ul style="list-style-type: none"> সাধারণত তিন ধরনের অ্যানজাইনা হয়ে থাকে, যথা- <ul style="list-style-type: none"> ক) স্থিতি অ্যানজাইনা (Stable angina): বিশ্রাম নিলে এ ব্যথা চলে যায়। খ) অস্থি অ্যানজাইনা (Unstable angina): হার্ট অ্যাটাকের পূর্ব লক্ষণ। গ) প্রিনজমেটাল অ্যানজাইনা (Prinzmetal angina)

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❖ হার্ট অ্যাটাক বা মায়োকার্ডিয়াল ইনফার্কশনঃ

সংজ্ঞা	পর্যাপ্ত অক্সিজেন সমৃদ্ধ রক্ত সরবরাহের অভাবে কার্ডিয়াক পেশী ধ্বংস হওয়া বা মরে যাওয়াকে হার্ট অ্যাটাক বলে।
কারণ	<ul style="list-style-type: none"> প্রধান ৫টি কারণ হলো – ধূমপান, উচ্চ রক্তচাপ, ডায়াবেটিস, রক্তে চর্বিবির আধিক্য ও পজিটিভ ফেমিলি হিস্ট্রি।
লক্ষণ	<ul style="list-style-type: none"> বুকে অস্বস্তি: বুকের ঠিক মাঝখানে অস্বস্তি হওয়া যা কয়েক মিনিট থাকে, চলে যায় আবার ফিরে আসে। বুকে অসহ্য চাপ, মোচড়ান, আছড়ান বা ব্যথা অনুভূত হয়। উর্ধ্বাঙ্গের অন্যান্য অংশে অস্বস্তি: এক বা উভয় বাহু, পিঠ, গলা, চোয়াল বা পাকস্থলীর উপরের অংশে অস্বস্তি বা ব্যথা অনুভব। ঘন ঘন নিঃশ্বাস-প্রশ্বাস। বমি বমি ভাব: পাকস্থলিতে অস্বস্তির সঙ্গে বমি-বমি ভাব, বমি হওয়া, হঠাৎ মাথা-বিমবিম করা অথবা ঠাণ্ডা ঘাম বেরিয়ে যাওয়া। ঘুমে ব্যাঘাত প্রভৃতি।
প্রতিকার	<ul style="list-style-type: none"> চিকিৎসার প্রথম পছন্দ হলো অ্যানজিওপ্লাস্টি। প্লম্বোলাইটিক থেরাপি: বুকে ব্যথা অনুভূত হওয়ার ৩ ঘণ্টার মধ্যে ওষুধ সেবন। অনেক ক্ষেত্রে বাইপাস ওপেন হার্ট সার্জারির প্রয়োজন হয়।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

হাট ফেইলিউর:

সংজ্ঞা	<ul style="list-style-type: none"> হৃৎপিণ্ড যখন দেহের চাহিদা অনুযায়ী পর্যাপ্ত রক্তের যোগান দিতে পারে না।
কারণ	<ul style="list-style-type: none"> স্থূলতা ও উচ্চ রক্তচাপ, অতিরিক্ত ধূমপান ও মদ্যপান, হৃৎপিণ্ডের কপাটিকার রোগ, ইশকেমিক হাট ডিজিস, হৃৎপিণ্ডের ছন্দপতন, অতিমাত্রার রক্ত শূন্যতা প্রভৃতি।
লক্ষণ	<ul style="list-style-type: none"> সক্রিয়, নিষ্ক্রিয় এমনকি ঘুমের মধ্যেও শ্বাসকষ্টে ভোগা এবং ঘুমের সময় মাথার নিচে দুটি বালিশ না দিলে শ্বাসকষ্ট বেড়ে যায়। সাদা বা গোলাপি রঙের রক্তমাখানো মিউকাসসহ স্থায়ী কাশি বা ফোঁস ফোঁস করে শ্বাস-প্রশ্বাস। শরীরের বিভিন্ন জায়গার টিস্যুতে তরল জমে ফুলে উঠে। পা, গোড়ালি, পায়ের পাতা, উদর ও যকৃত স্ফীত হয়ে যায়। প্রতিদিন সব কাজে সবসময় ক্লান্তিভাব। পাকস্থলি সব সব সময় ভরা মনে হয় কিংবা বমি ভাব থাকে। হৃদস্পন্দন দ্রুত হয়। কাজ-কর্ম, চলনে অসামঞ্জস্য এবং স্মৃতিহীনতা প্রকাশ পায়।
প্রতিকার	<ul style="list-style-type: none"> অ্যাসপাইরিন, ডাইগোক্সিন, নাইট্রোগ্লিসেরিন, বিটা ব্লকারস, ACE ইনহেবিটর, ভাইইউরেটস, ওয়ারফরিন ইত্যাদি ওষুধ।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

<p>বিগত বছরের প্রশ্নসমূহ (হৃদরোগের বিভিন্ন অবস্থা)</p> <p>০১। নিম্নের কোনটি কারোনারি হাট ডিজিজের অন্তর্ভুক্ত নয়? (MAT: 08-09)</p> <p>(a) এনজাইনা পেকটোরিস (b) মায়োকার্ডিয়াল ইনফার্কশন</p> <p>(c) আনস্টেবল এনজাইনা (d) স্ট্রোক</p>
--

উত্তর: ০১। d

০০ হৃদরোগের চিকিৎসার ধারণা

হৃদরোগ নির্ণয়:

পরীক্ষার নাম	প্রয়োগ
বুকের X-ray	<ul style="list-style-type: none"> হৃৎপিণ্ডের অবস্থা জানা
ECG (Electrocardiogram)	<ul style="list-style-type: none"> হৃদপিণ্ডের প্রাথমিকভাবে রোগ নির্ণয়ে
ETT (Exercise tolerance test)	<ul style="list-style-type: none"> হৃৎপিণ্ডের অবস্থা জানা
রক্তের BNP (Brain Natriuretic peptide)	<ul style="list-style-type: none"> হাট ফেইলিউর সম্পর্কে নিশ্চিত হওয়া।
কারোনারি এনজিওগ্রাম	<ul style="list-style-type: none"> হৃদপিণ্ডের রক্তনালিতে কোন ব্লক আছে কিনা তা নির্ণয়ের জন্য।
MRI (Magnetic resonance imaging)	<ul style="list-style-type: none"> হৃৎপিণ্ডের পেশি অবস্থা জানা
রক্তে শর্করা ও চর্বি পরিমাণ নির্ণয়	-

[Ref: আবদুল আলীম স্যার]

www.bdnyog.com

❖ যান্ত্রিক পেসমেকারঃ [চিত্র-০৭(ক), পৃষ্ঠা-iv দেখো]

আবিষ্কার	• William Chardack এবং Wilson Greabatch.
গঠন	• একটি লিথিয়াম ব্যাটারি, কম্পিউটারাইজড জেনারেটর ও শীর্ষে সেন্সরযুক্ত কতগুলো তার থাকে। • সেন্সরগুলোকে ইলেকট্রোড বলে। • পেসমেকারে অপরিবাহী আবরণযুক্ত ১-৩টি তার থাকে। • পেসমেকারের তারকে লিড বলে।
ধরন	• হৃৎপিণ্ডের বিভিন্ন প্রকোষ্ঠে তার প্রবেশের ধরন অনুযায়ী পেসমেকার তিন প্রকার। যথা- ক) এক প্রকোষ্ঠঃ ডান অ্যাট্রিয়াম বা ডান ভেন্ট্রিকলে বিদ্যুৎ তরঙ্গ বহন করে। খ) দ্বি প্রকোষ্ঠ প্রেসমেকারঃ ডান অ্যাট্রিয়াম ও ডান ভেন্ট্রিকলে বিদ্যুৎ তরঙ্গ বহন করে। গ) ত্রি-প্রকোষ্ঠ প্রেসমেকারঃ ডান অ্যাট্রিয়াম, ডান ভেন্ট্রিকল ও বাম ভেন্ট্রিকলে বিদ্যুৎ তরঙ্গ বহন করে।
স্থাপন	• জেনারেটরটি কণ্ঠাস্থি (Collar bone/Clavicle) সংলগ্ন ত্বকের নিচে স্থাপন করা হয়। • এটি স্থাপন করতে 30 মিনিট থেকে এক ঘণ্টা সময় লাগে।
ব্যাটারির মেয়াদ	• ৫-১০ বছর।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❖ ওপেন হার্ট সার্জারিঃ

উদ্ভাবক	• Dr. Wilfred G. Bigelow.
প্রকারভেদ	• ওপেন হার্ট সার্জারি প্রধানত তিন উপায়ে করা হয়। যথা- ক) অন-পাম্প সার্জারিঃ একটি হৃদ-ফুসফুস মেশিন যা কার্ডিওপালমোনারি বাইপাস নামে পরিচিত সেটি ব্যবহার করা হয়। এটি হচ্ছে প্রচলিত পদ্ধতি। খ) অফ-পাম্প সার্জারি বা বিটিং হার্টঃ হৃদ-ফুসফুস মেশিন ব্যবহৃত হয় না। গ) রোবট-সহযোগী সার্জারি বা মিনিমালি ইনভেসিভ সার্জারিঃ বিশেষ কম্পিউটার-নিয়ন্ত্রিত রোবটিক হাত (যান্ত্রিক হাত)-এর সাহায্যে অপ্লেপচার করেন।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❖ করোনারি বাইপাস সার্জারিঃ

সংজ্ঞা	• হৃৎপিণ্ডে রক্ত সরবরাহকারী কোন ক্ষতিগ্রস্ত ধমনির পরিবর্তে অন্য জায়গা থেকে শিরা বা ধমনির অংশ এনে হৃৎপিণ্ড স্থাপন করে নতুন রক্ত বাহিকা সৃষ্টির প্রক্রিয়া।
অন্য নাম	• করোনারি আর্টারি বাইপাস গ্রাফটিং (CABG)
আর্টারিওস্ক্লেরোসিস	• করোনারি ধমনিতে কোলেস্টেরল জাতীয় হলুদ চর্বি-পদার্থ সঞ্চিত হয়ে হয়। • পূর্ণিত পদার্থকে অ্যাথেরোম্যাটাস প্লাক বলে।
ধমনি সংগ্রহ	• রক্ত করোনারি ধমনি এড়িয়ে ভিন্ন পথ নির্মাণ করতে বুক, হাত, পা ও তলপেট থেকে ধমনি সংগ্রহ করা হয়।
সময়	• ৩-৫ ঘণ্টা।
বিশেষ তথ্য	• ধমনির লুমেন যদি ৯০-৯৯% সংকীর্ণ হয় তখন তাকে অস্থির অ্যানজাইনা বলে। • করোনারি বাইপাস সার্জারির অধিকাংশ ক্ষেত্রে হার্ট-লাং মেশিন ব্যবহৃত হয়। • MIDCAB: বাম পাশে ছোট ছিদ্র করে কেটে সি.এ.বি.জি সার্জারি।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❖ এনজিওপ্লাস্টিঃ [চিত্র-০৭(খ), পৃষ্ঠা-iv দেখো]

উদ্ভাবক	• ডা: অ্যানড্রেস গ্রয়েনজিগ।
সংজ্ঞা	• বড় ধরনের অস্ত্রোপচার না করে সংকীর্ণ লুমেনযুক্ত বা রুদ্ধ হয়ে যাওয়া করোনারি ধমনি পুনরায় প্রশস্ত লুমেন যুক্ত করা বা উন্মুক্ত করার পদ্ধতি।
প্রকারভেদ	• এনজিওপ্লাস্টি চার প্রকার। যথা- ক) বেলুন এনজিওপ্লাস্টি, খ) লেজার এনজিওপ্লাস্টি, গ) অ্যাথেরেকটমি ও ঘ) করোনারি স্টেনটিং (বর্তমানে বেশি প্রচলিত)।
সময়কাল	• সমগ্র প্রক্রিয়াটি সম্পন্ন হতে ৩০ মিনিট থেকে কয়েক ঘণ্টা সময় লাগে।

[Ref: গাজী আজমল স্যার]

❖ বিগত বছরের প্রশ্নসমূহ (হৃদরোগের বিভিন্ন অবস্থা)

০১। হৃদ-ফুসফুস যন্ত্র কোন কাজে ব্যবহৃত হয়? (MAT: 17-18)	(a) অ্যানজিওপ্লাস্টিতে	(b) হৃদপিণ্ডের বাইপাস সার্জারিতে
	(c) রক্তচাপ নিয়ন্ত্রণ করতে	(d) পেসমেকার বসাতে
০২। একই সাথে শরীরে রক্তে অক্সিজেনের ধনত্ব ও হৃদকম্পনের পরিমাপক যন্ত্রের নাম কী? (MAT. 16-17)	(a) থার্মোমিটার	(b) স্ফিগমোম্যানোমিটার
	(c) পালসঅক্সিমিটার	(d) ব্যারোমিটার
০৩। হৃদযন্ত্রের রোগ নির্ণয়ে প্রাথমিক পরীক্ষা কোনটি? (MAT. 16-17)	(a) এনজিওগ্রাম	(b) লিপিড প্রোফাইল
	(c) ইসিজি	(d) ইটিটি
০৪। কৃত্রিম পেসমেকার যন্ত্রে কোন ব্যাটারি ব্যবহার করা হয়? (MAT : 16-17)	(a) Ni – Cd ব্যাটারি	(b) Li ব্যাটারি
	(c) Li আয়ন ব্যাটারি	(d) শুষ্ক(Dry Cell) ব্যাটারি
০৫। করোনারি ধমনি সরু হয়ে যাওয়া নির্ণয়ে ব্যবহৃত হয় কোন পরীক্ষা? (DAT: 16-17)	(a) ইকোকার্ডিগ্রাম	(b) এনজিওগ্রাম
	(c) ইটিটি	(d) ইসিজি

উত্তরঃ	০১। b	০২। c	০৩। c	০৪। b	০৫। b
--------	-------	-------	-------	-------	-------

উন্মেষ Quick Review

❖ একত্রে সব গুরুত্বপূর্ণ সংখ্যাঃ

বিষয়	সংখ্যামূলক তথ্য
রক্ত	<ul style="list-style-type: none"> • একজন পূর্ণবয়স্ক সুস্থ মানুষের দেহে প্রায় ৫-৬ লিটার রক্ত থাকে অর্থাৎ দৈনিক মোট ওজনের প্রায় ৮%। • এর pH মাত্রা ৭.৩৫-৭.৪৫ এবং তাপমাত্রা ৩৬- ৩৮° সেলসিয়াস।
রক্তকণিকা	<ul style="list-style-type: none"> • বিভিন্ন বয়সের মানবদেহে প্রতিঘন মিলিমিটার রক্তে লোহিত রক্তকণিকার সংখ্যা: জুগদেহে : ৮০-৯০ লক্ষ; শিশুর দেহে : ৬০-৭০ লক্ষ; পূর্ণবয়স্ক পুরুষে : ৫০ লক্ষ; পূর্ণবয়স্ক স্ত্রীদেহে : ৪৫ লক্ষ। • মানবদেহে প্রতি ঘন মিলিমিটার রক্তে ৫-৮ হাজার শ্বেত রক্তকণিকা থাকে। • লোহিত রক্তকণিকা ও শ্বেত রক্তকণিকার অনুপাত ৭০০ : ১। • পরিণত মানবদেহে প্রতি ঘনমিলিমিটার রক্তে থ্রম্বোসাইটের সংখ্যা প্রায় আড়াই লক্ষ থেকে পাঁচ লক্ষ।

www.bdniiyog.com

রক্ততঞ্চন	<ul style="list-style-type: none"> • রক্তরসে অবস্থিত ১৩টি ভিন্ন ভিন্ন ক্লটিং ফ্যাক্টর রক্ত তঞ্চনে অংশ নেয়। • মানুষের রক্ত জমাট বাঁধার স্বাভাবিক সময় ৪ - ৫ মিনিট।
লসিকা	<ul style="list-style-type: none"> • প্রতি ঘন মিলিলিটার লসিকায় প্রায় ৫০০ - ৭৫০০০ লিম্ফোসাইট রয়েছে। • মানবদেহ ১ - ২ লিটার লসিকা ধারণ করে।
হৃৎপিণ্ড	<ul style="list-style-type: none"> • হৃৎপিণ্ড প্রতি মিনিটে প্রায় ৭০-৮০ বার স্পন্দিত হয়। • কার্ডিয়াক চক্রের সময়কাল ০.৮ সেকেন্ড।
হৃদরোগের চিকিৎসা	<ul style="list-style-type: none"> • অ্যানজাইনা পেকটোরিসের ব্যথা ৫-৩০ মিনিট স্থায়ী হয়।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❖ একত্রে সব উল্লেখযোগ্য বিজ্ঞানীঃ

বিজ্ঞানীর নাম	আবিষ্কার
উইলিয়াম হার্ভে	• সর্বপ্রথম মানবদেহের রক্ত সংবহনের বর্ণনা দেন।
জন লুইস	• প্রথম সফল ওপেন হার্ট সার্জারি করেন।
ক্রিস্টিয়ান বার্নার্ড	• সফল হৃৎপিণ্ড প্রতিস্থাপন করেন।
রবার্ট জারভিক	• প্রথম কৃত্রিম হৃৎপিণ্ড তৈরি করেন।
উইলেম ডি ক্রিস	• কৃত্রিম হৃৎপিণ্ড মানবদেহে সংস্থাপন করেন।
ডাঃ অ্যানড্রেস গ্রয়েনজিগ	• সর্বপ্রথম এনজিওপ্লাস্টি পদ্ধতি প্রয়োগ করেন।
Dr. Wilfred ও G. Bigelow	• সর্বপ্রথম ওপেন হার্ট সার্জারি প্রয়োগ করেন।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❖ একত্রে সব বিশেষ নামঃ

নাম	বিশেষ নাম/অপর নাম
Sino-atrial node (SAN)	পেসমেকার (pacemaker) বা প্রাকৃতিক পেসমেকার
Atrio-Ventricular Node	সংরক্ষিত পেসমেকার
হার্ট অ্যাটাক	মায়োকার্ডিয়াল ইনফার্কশন
হিমোগ্লোবিন	রবিনহুড অণু
শ্বেত রক্তকণিকা	লিউকোসাইট বা দেহের ড্রাম্যমান প্রতিরক্ষাকারী একক

নাম	বিশেষ নাম/অপর নাম
প্লীহা	রক্তের রিজার্ভার বা ব্লাড ব্যাংক বা লোহিত রক্তকণিকার কবরস্থান
ফাইলেরিয়া	গোদরোগ বা এলিফ্যান্থেয়াসিস
বাইকাসপিড কপাটিকা	মাইট্রাল কপাটিকা
নিম্নচাপ ব্যারোরিসেপ্টর	আয়তন ব্যারোরিসেপ্টর

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❖ একত্রে বিভিন্ন রক্তনালির উৎপত্তি ও সমাপ্তিস্থলঃ

রক্তনালি,	উৎপত্তিস্থল	সমাপ্তিস্থল
	হৃৎপিণ্ড	কৈশিক জালিকা
	কৈশিক জালিকা	হৃৎপিণ্ড
পারমোনারি ধমনি	ডান নিলয়	ফুসফুস
পারমোনারি শিরা	ফুসফুস	বাম অলিন্দ
মহাধমনি	বাম নিলয়	-

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

অধ্যায়-০৫ : মানব শরীরতত্ত্ব : শ্বাসক্রিয়া ও শ্বসন

❖ মেডিকেল ও ডেন্টাল ভর্তি পরীক্ষার জন্য এই অধ্যায়ের গুরুত্বপূর্ণ টপিকসমূহঃ

গুরুত্ব	টপিক	ভর্তি পরীক্ষায় যে বছর প্রশ্ন এসেছে
০০০	মানুষের শ্বসনতন্ত্র	MAT: 18-19, 17-18, 11-12, 06-07, 03-04 DAT: 16-17
০	শ্বসনের শারীরবৃত্ত	DAT: 17-18, 02-03
০০০	গ্যাসীয় পরিবহন ও শ্বসনে শ্বাসরঞ্জকের ভূমিকা	MAT: 18-19, 11-12, 09-10, 08-09, 00-01 DAT: 06-07
০০	শ্বাসনালির সমস্যা, লক্ষণ, ও প্রতিকার	MAT: 16-17, 02-03; DAT: 18-19

০০০ মানুষের শ্বসনতন্ত্র

শ্বসন অঙ্গ	• একজোড়া ফুসফুস। [চিত্র-০৮, পৃষ্ঠা-v দেখো]
শ্বসনতন্ত্রের অঙ্গল	• তিনটি অঞ্চলে বিভক্ত। যথা- ক) বায়ুগ্রহণ ও ত্যাগ অঞ্চল
	১. সমুখ নাসারন্ধ্র ২. ভেন্ট্রিউল (প্রাচীরে অনেক লোম থাকে) ৩. নাসাগহ্বর ৪. পশ্চাৎ নাসারন্ধ্র/কোয়ানি ৫. নাসাগলবিল ৬. স্বরযন্ত্র
	খ) বায়ু পরিবহন অঞ্চল
গ) শ্বসন অঞ্চল	১. শ্বাসনালি বা ট্রাকিয়া ২. ব্রঙ্কাস • ফুসফুস

[Ref: গাজী আজমল স্যার]

❖ নাসাগহ্বরঃ

অলফ্যাক্টরি কোষ	• ঘ্রাণ উদ্দীপনা গ্রহণে সহায়তা করে।
সিলিয়াযুক্ত ও মিউকাস কোষ	• মূলাবালি ও রোগজীবাণু আটকে দেয়।

[Ref: গাজী আজমল স্যার]

❖ ল্যারিংজ বা স্বরযন্ত্রঃ

গঠন	• কয়েক টুকরা তরুণাঙ্ঘি দিয়ে গঠিত।
ধাইরয়েড তরুণাঙ্ঘি	• স্বরযন্ত্রের সবচেয়ে বড় তরুণাঙ্ঘি।
এপিগ্লটিস	• পুরুষে এটি গলার সামনে উঁচু হয়ে থাকে। একে Adam's Apple বলে। • একে উপজিহ্বাও বলা হয়। • এটি খাদ্যকণাকে স্বরযন্ত্রে প্রবেশ করতে বাঁধা দেয়।
ভোকাল কর্ড	• মিউকাস আবরণী ও স্থিতিস্থাপক গুণসম্পন্ন ৬টি স্বররজ্জু বা ভোকাল কর্ড থাকে।
কাজ	• স্বরযন্ত্রে শব্দ সৃষ্টি হয়।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❖ শ্বাসনালি বা ট্রাকিয়াঃ

বিস্তৃতি	• স্বঃ এলির পর থেকে পঞ্চম বক্ষদেশীয় কশেরুকা পর্যন্ত।
আকৃতি	• দৈর্ঘ্য ১২ সে.মি এবং ব্যাস ২ সে.মি।
গঠন	• ১৬-২০টি তরুণাঙ্কি নির্মিত (C আকৃতির) অর্ধবলয়ে গঠিত। • ট্রাকিয়ার অন্তঃপ্রাচীরে সিলিয়াযুক্ত মিউকাস আবরণী আছে।


৫,

[Ref: গাজী আজমল স্যার]

Unmesh Special

১২ সে.মি দৈর্ঘ্যের অঙ্গ...

❖ বার সে.মি. দৈর্ঘ্যের অঙ্গঃ হার্টের সমস্যায় কিডনি ফেইলিউর।



❖ ব্রঙ্কাইঃ

অপর নাম	• ফ্রোমনালি।
গঠন	• ডান ব্রঙ্কাসটি অপেক্ষাকৃত ছোট কিন্তু প্রশস্ত এবং তিনভাগে বিভক্ত। • বাম ব্রঙ্কাসটি দু'ভাগে বিভক্ত।
ব্রঙ্কিওল	• ব্রঙ্কাই ফুসফুসের ডান ও বাম খণ্ডে প্রবেশ করে অসংখ্য ক্ষুদ্র শাখা প্রশাখা বিস্তার করে যাকে ব্রঙ্কিওল বলে। • ব্রঙ্কিওল দু'ধরনের- প্রান্তীয় ব্রঙ্কিওল ও শ্বসন ব্রঙ্কিওল।


[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❖ ফুসফুসঃ

সংখ্যা	• বক্ষগহ্বরের দু'পাশে দুটি।
আবরণী	• প্লুরা নামক দ্বিস্তরী আবরণী থাকে। • বাইরের স্তরকে প্যারাইটাল এবং ভিতরের স্তরকে ভিসেরাল স্তর বলে। • স্তর দুটির মাঝে অবস্থিত সেরাস ফ্লুইড।
ওজন	• দুই ফুসফুস মিলে ২.৯ পাউন্ড।
হাইলাম	• প্রতিটি ফুসফুসের যে স্থান দিয়ে ফ্রোমনালি (Bronchi), রক্তনালি ও লসিকানালি প্রবেশ করে তাকে হাইলাম বলে।
লোব	• ডান ফুসফুস তিন লোব এবং বাম ফুসফুসে দুই লোব বিশিষ্ট।
লোবিউল	• ডান ফুসফুসে ১০টি ও বাম ফুসফুসে ৮টি লোবিউল থাকে।
অ্যালভিওলার নালি	• ব্রঙ্কিওলের অতিসূক্ষ্ম ও তরুণাঙ্কিবিহীন প্রান্ত। • প্রতিটি নালি একেকটি অ্যালভিওলার খলিতে উন্মুক্ত হয়। • প্রতিটি অ্যালভিওলার খলি কতগুলো অ্যালভিওলাই নিয়ে গঠিত।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❖ ব্রাঙ্কিয়াল বৃক্ষঃ



❖ অ্যালভিওলাসঃ [চিত্র-০৯, পৃষ্ঠা-v দেখো]

সংজ্ঞা	• ফুসফুসের গঠনগত ও কার্যগত একক।
আবরণী	• একস্তর চ্যাপ্টাকৃতির আইশাকার এপিথেলিয় কোষে আবৃত।
ব্যবধায়ক পর্দা	• অ্যালভিওলাই ট্র্যাবেকুলি নামক ব্যবধায়ক পর্দার মাধ্যমে পৃথক।
আকৃতি	• প্রতিটি অ্যালভিওলাস ০.২ মি.মি ব্যাসের। • প্রাচীর অত্যন্ত পাতলা, মাত্র ০.১μm পুরু।
সংখ্যা	• মানুষের ফুসফুসে প্রায় ৭০ - ৯০ বর্গমিটার আয়তনের তল জুড়ে ৭০০ মিলিয়ন (৭০ কোটি) এরও বেশি সংখ্যক অ্যালভিওলাই রয়েছে।
কোষ	• অ্যালভিওলাসের প্রাচীরে ফ্যাগোসাইটিক অ্যালভিওলার ম্যাক্রোফাজ থাকে; যা অণুজীবসহ বহিরাগত বস্তু বিনষ্ট করে।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]



মনে করো দেখি..... ০.১ μm পুরুত্বের আর কী রয়েছে?

(উত্তর পরের পৃষ্ঠায় দেখো)

❖ সারফেকট্যান্টঃ

সংজ্ঞা	• ডিটারজেন্ট এর মত রাসায়নিক পদার্থ যা অ্যালভিওলাই প্রাচীরের কিছু বিশেষ কোষ থেকে ক্ষরিত হয়।
প্রথম ক্ষরণ	• ২৩ সপ্তাহ বয়স্ক মানবজগে প্রথম সারফেকট্যান্ট ক্ষরণ হয়। • ২৪ সপ্তাহের আগে মানবজগকে স্বাধীন অস্তিত্বের অধিকারী গণ্য করা হয় না।
কাজ	• অ্যালভিওলাস প্রাচীরের তরল পদার্থের পৃষ্ঠটান কমায়। • এর ফলে শ্বাস-প্রশ্বাসের সময় ফুসফুস কম পরিশ্রমে সংকুচিত ও প্রসারিত হয়। • O ₂ ও CO ₂ এর দ্রুত বিনিময়ে সহায়তা করে। • অ্যালভিওলাসে আগত জীবাণু ধ্বংস করে।

[Ref: গাজী আজমল স্যার]

❖ শ্বসনতন্ত্রের কাজঃ

(১) শ্বসন গ্যাসের বিনিময়	শ্বাসক্রিয়ার সময় পরিবেশের O_2 রক্তে মিশে এবং রক্ত থেকে CO_2 পরিবেশে পরিত্যক্ত হয়।
(২) শক্তি উৎপাদন	শ্বসনতন্ত্রের মাধ্যমে গৃহীত O_2 কোষীয় শ্বসনে ব্যবহৃত হয়ে শক্তি উৎপন্ন করে।
(৩) পানি সাম্য	নিঃশ্বাসের মাধ্যমে প্রতিদিন প্রায় ৪০০-৬০০ মিলিলিটার পানি দেহ থেকে বেরিয়ে যায়। এতে দেহের পানি সাম্য বজায় রাখতে সুবিধা হয়।
(৪) তাপ নিয়ন্ত্রণ	নিঃশ্বাসের সময় CO_2 এর সাথে দেহের কিছু তাপ নির্গত হয়ে দেহের তাপমাত্রা বজায় থাকে।
(৫) এসিড ও ক্ষারের সাম্যতা	নিঃশ্বাস বায়ুর মাধ্যমে দেহের বাইরে পরিত্যক্ত হওয়ায় pH নিয়ন্ত্রণে সহায়তা হয়।
(৬) শব্দ উৎপন্ন	ল্যারিংক্সের মাধ্যমে শব্দ উৎপন্ন করে।
(৭) হোমিওস্ট্যাটসিস	দেহাভ্যন্তরের হোমিওস্ট্যাটসিস রক্ষা করে।
(৮) উদ্বায়ী গ্যাস	দেহ থেকে কিছু উদ্বায়ী গ্যাস, যেমন-ক্রোরোফর্ম, ইথার, অ্যামোনিয়া ইত্যাদি নিষ্কাশন করে।
(৯) দূষিত পদার্থের প্রবেশ রোধ	শ্বসনতন্ত্র বাতাসে বিদ্যমান জীবাণু ও অন্যান্য দূষিত পদার্থ প্রবেশ রোধ করে।

[Ref: গাজী আজমল শায়খ]

মনে করো দেখি.....

উত্তরঃ হাইড্রার মেসোগ্লিয়া স্তর।

❓ বিগত বছরের প্রশ্নসমূহ (মানুষের শ্বসনতন্ত্র)

- ০১। নিচের কোনটি মানবদেহের শ্বসনতন্ত্রের বায়ু পরিবহন অঞ্চল নয়? (MAT : 18-19)
- (a) শ্বাসনালি (b) ব্রঙ্কাস
(c) প্রান্তীয় ব্রঙ্কিওল (d) অ্যালভিওলার নালি
- ০২। সারফেকট্যান্ট কোথায় পাওয়া যায়? (MAT: 17-18)
- (a) স্বরযন্ত্র (b) শ্বাসনালিতে
(c) উল্লাসে (d) ব্রঙ্কাসে
- ০৩। Adam's Apple কোথায় থাকে? (DAT: 16-17)
- (a) স্বরযন্ত্র (b) শ্বাসনালি
(c) ব্রঙ্কাস (d) ফুসফুস
- ০৪। নিচের কোন উক্তিটি সত্য নয়? (MAT: 11-12)
- (a) আরশোলার অগোস্তর রূপান্তরের দুই খোলস মোচনের অঙ্কুরকে স্টেডিয়াম বলে।
(b) মেদ কলা দেহের সুস্বাদু আকৃতি দানে সাহায্য করে।
(c) মানবদেহের ডান ফুসফুস দুই খন্ডবিশিষ্ট এবং বাঁ ফুসফুস তিন খন্ডবিশিষ্ট
(d) হাইড্রার সিলোম সিলোমিক পাউচ থেকে উৎপত্তি লাভ করে।
- ০৫। ব্রঙ্কিয়াল নালিগুলোর পর্যায়ক্রমিক বিভক্তির মাঝে কোনটি সঠিক? (MAT: 06-07)
- (a) মুখ্য ব্রঙ্কাই-গৌণ ব্রঙ্কাই-ব্রঙ্কিওল-প্রান্তীয় ব্রঙ্কিওল-শ্বসন ব্রঙ্কিওল-অ্যালভিওলার নালি-অ্যালভিওলার থলি- অ্যালভিওলি
(b) মুখ্য ব্রঙ্কাই-গৌণ ব্রঙ্কাই-ব্রঙ্কিওল-শ্বাস ব্রঙ্কিওল-প্রান্তীয় ব্রঙ্কিওল-অ্যালভিওলার থলি-অ্যালভিওলি
(c) মুখ্য ব্রঙ্কাই-ব্রঙ্কিওল-গৌণ ব্রঙ্কাই-শ্বসন ব্রঙ্কিওল-প্রান্তীয় ব্রঙ্কিওল-অ্যালভিওলার থলি- অ্যালভিওলি
(d) মুখ্য ব্রঙ্কাই-ব্রঙ্কিওল-গৌণ ব্রঙ্কাই-শ্বসন ব্রঙ্কিওল-প্রান্তীয় ব্রঙ্কিওল-অ্যালভিওলার নালি-অ্যালভিওলার থলি-অ্যালভিওলি
- ০৬। স্বরতন্ত্রী অবস্থান হচ্ছে- (MAT: 06-07)
- (a) গলবিল (b) ট্র্যাকিয়া বা শ্বাসনালি
(c) নাসা গহ্বর (d) ল্যারিংক্স

০৭। ফুসফুসের ক্ষেত্রে নিচের কোনটি সঠিক? (MAT: 03-04)

- (a) ডান ফুসফুসটি তিনটি খন্ডে এবং বাম ফুসফুসটি দুটি খন্ডে বিভক্ত
 (b) ডান ফুসফুসটি চারটি খন্ডে এবং বাম ফুসফুসটি তিনটি খন্ডে বিভক্ত
 (c) ডান ফুসফুসটি দুইটি খন্ডে এবং বাম ফুসফুসটি তিনটি খন্ডে বিভক্ত
 (d) কোনটিই ঠিক নয়

উত্তরঃ	০১। d	০২। c	০৩। a	০৪। c
	০৫। a	০৬। d	০৭। a	


শ্বসনের শারীরবৃত্ত

❖ শ্বসনের পর্যায়ঃ

বহিঃশ্বসন	<ul style="list-style-type: none"> ভৌত রাসায়নিক প্রক্রিয়া যা ফুসফুসে সংঘটিত হয়। এ প্রক্রিয়ায় এনজাইমের কোন ভূমিকা নেই এবং কোন শক্তি উৎপন্ন হয় না।
অন্তঃশ্বসন	<ul style="list-style-type: none"> জৈব রাসায়নিক প্রক্রিয়া যা দেহকোষ ও রক্তে সংঘটিত হয়। এ প্রক্রিয়ায় এনজাইমের ভূমিকা ব্যাপক এবং নির্দিষ্ট পরিমাণ শক্তি উৎপন্ন হয়।

[Ref: গাজী আজমল স্যার]

❖ এক নজরে শ্বসনের শারীরবৃত্তঃ



[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❖ প্রশ্বাস-নিঃশ্বাস কার্যক্রমঃ

প্রশ্বাস বা শ্বাসগ্রহণ	<ul style="list-style-type: none"> ডায়াফ্রামের সংকোচনের ফলে বক্ষগহ্বরের অনুদৈর্ঘ্য বা উল্লম্ব ব্যাস বৃদ্ধি পায়। ইন্টারকোস্টাল পেশির সংকোচনের ফলে বক্ষগহ্বরের অগ্র-পশ্চাৎ ব্যাসসহ অনুপ্রস্থ ব্যাস বৃদ্ধি পায়।
নিঃশ্বাস বা শ্বাসত্যাগ	<ul style="list-style-type: none"> ডায়াফ্রাম ও ইন্টারকোস্টাল পেশির প্রসারণ বা শিথিলতার জন্য ঘটে।
শ্বসন হার	<ul style="list-style-type: none"> পূর্ণ বয়স্ক সুস্থ মানুষের বিশ্রামকালে প্রতিমিনিটে ১৪-১৮ বার। নবজাতক শিশুতে প্রতি মিনিটে ৪০ বার।

[Ref: গাজী আজমল স্যার]



জানা না অজানা ?

- প্রশ্বাস বায়ুতে: 20.9% O₂ এবং 0.04% CO₂ থাকে।
- নিশ্বাস বায়ুতে: 13.7% O₂ এবং 5.2% CO₂ থাকে।

❖ ফুসফুসের মোট বায়ু ধারণ ক্ষমতাঃ

টাইডাল ভলিউম	~500 মিলিলিটার।
রেসিডুয়াল ভলিউম	~1500 মিলিলিটার।
ভাইটাল ক্যাপাসিটি	~4500 মিলিলিটার।

[Ref: আবদুল আশীম স্যার]

❖ প্রশ্বাস-নিশ্বাস নিয়ন্ত্রণঃ

- মানুষের প্রশ্বাস-নিশ্বাস ক্রিয়া দু'ভাবে নিয়ন্ত্রিত হয়। যথা- ও রাসায়নিক নিয়ন্ত্রণ।

(ক) স্নায়ুিক নিয়ন্ত্রণঃ

নিয়ন্ত্রণ কেন্দ্র	<ul style="list-style-type: none"> পশ্চাৎ মস্তিষ্কের মেডুলায় শ্বসন কেন্দ্র অবস্থিত। কেন্দ্রের নিচের অংশটি প্রশ্বাস কেন্দ্র। আর, কেন্দ্রের পৃষ্ঠীয় ও পার্শ্বদেশ নিশ্বাস কেন্দ্র। শ্বসনের মৌলিক ছন্দ নিয়ন্ত্রণ করে মেডুলা। <p style="text-align: right;">(গাজী আজমল স্যার)</p> <ul style="list-style-type: none"> শ্বাসকেন্দ্র বা respiratory center (৪টি)। যথা- <ol style="list-style-type: none"> Dorsal Respiratory Group of Neurons বা Inspiratory center বা প্রশ্বাস কেন্দ্র। Ventral Respiratory Group of Neurons বা Expiratory center বা নিশ্বাস কেন্দ্র। Pneumotaxic center Apneustic center <p style="text-align: right;">(আবদুল আশীম স্যার)</p>
প্রধান উদ্দীপনা	<ul style="list-style-type: none"> রক্তে CO₂ এর ঘনত্ব প্রধান উদ্দীপনা হিসেবে কাজ করে। বাতাসে CO₂ এর ঘনত্ব ০.২৫% বাড়লে শ্বসনের হার দ্বিগুণ হয়। বাতাসে যদি O₂ ঘনত্ব ২০% থেকে ৫% এ নেমে আসে তাহলেও শ্বসনের হার দ্বিগুণ হয়ে যায়। স্নায়ুকেন্দ্রগুলো রক্তে CO₂ ও H⁺ আয়নে ঘনমাত্রায় প্রতি সংবেদনশীলতা প্রদর্শন করে। রক্তে CO₂ এর উপস্থিতিতে অ্যাপনিউস্টিক কেন্দ্র উদ্দীপিত হয়।
স্নায়ু সরবরাহ	<ul style="list-style-type: none"> ডায়াফ্রাম → ফ্রেনিক স্নায়ু। ফুসফুস → ভেগাস স্নায়ু। ইন্টারকোস্টাল পেশি → ইন্টারকোস্টাল স্নায়ু।

(খ) রাসায়নিক নিয়ন্ত্রণঃ

নিয়ন্ত্রণ অঙ্গ	<ul style="list-style-type: none"> রক্তসংবহনতন্ত্রের ক্যারোটাইড ও অ্যাওটিক বডিতে কোমোরিসেপ্টর অবস্থিত।
উদ্দীপক	<ul style="list-style-type: none"> রক্তে CO₂ এর বৃদ্ধি, O₂ স্পন্দিতা, H⁺ আয়নের অধিক্য কোমোরিসেপ্টরকে উদ্দীপ্ত করে। প্রধান উদ্দীপনা হলো রক্তে O₂ এর তুলনায় CO₂ এর ঘনত্ব।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আশীম স্যার]

সেখো তুমি জ্ঞান কিনা? CO কে নীরব ঘাতক বলা হয় কেন?

উত্তর: CO, Hb এর সাথে খুবই Strongly বন্ড করে এবং এক বার বন্ড করলে আর ছুটে না। CO₂ বন্ড করার চেয়ে CO এর বন্ড করার ক্ষমতা 400 গুণ বেশি। কাজেই CO, Hb এর সাথে বন্ড করার ফলে কোন O₂ আর বন্ড করতে পারে না।

এখন প্রশ্ন হলো ঘাতক তো বুঝলাম, কিন্তু এটা নীরব কেন? কারণ, CO এর কোন বর্ণ নাই, গন্ধ নাই। তাই নীরব।

বিগত বছরের প্রশ্নসমূহ (শ্বসনের শারীরবৃত্ত)

- ০১। একজন সুস্থ পূর্ণবয়স্ক মানুষ বিশ্রামরত অবস্থায় মিনিটে কতবার শ্বসনক্রিয়া সম্পাদন করে? (DAT: 17-18)
- (a) ২০-২৫ বার (b) ১৪-১৮ বার
(c) ৭-১০ বার (d) ৩০-৪০ বার
- ০২। পূর্ণ বয়স্ক সুস্থ মানুষের বিশ্রামকালে প্রতি মিনিটে শ্বসনের হার? (DAT : ০২-০৩)
- (a) 15-20 বার (b) 20-24 বার
(c) 16-20 বার (d) 14-18 বার

উত্তর: ০১। b ০২। d

৩৩৩ গ্যাসীয় পরিবহন ও শ্বসনে শ্বাসরঞ্জকের ভূমিকা

❖ শ্বাসরঞ্জকঃ

• প্রাণিজগতের প্রধান চার ধরনের শ্বাস রঞ্জক হলো-

শ্বাস রঞ্জক	প্রাপ্তিস্থান
হিমোগ্লোবিন	মেরুদণ্ডীদেহ
ক্রোরোকুরিন	পলিকিটদেহ

শ্বাস রঞ্জক	প্রাপ্তিস্থান
হিমোসায়ানিন	মোলাস্কা ও আর্থ্রোপোডদের
হিমোইরিথ্রিন	ব্রাকিওপোড ও সাইপানকুলিডদের

[Ref: আবদুল আলীম স্যার]

❖ হিমোগ্লোবিনঃ

আণবিক ওজন	• 64,450 ডাল্টন
অবস্থান	• মেরুদণ্ডী প্রাণির রক্তের লোহিত কণিকায়। • অনেক অমেরুদণ্ডী প্রাণির প্লাজমায়।
গঠন	• লাল বর্ণের প্রোটিনধর্মী পদার্থ। • চারটি একক নিয়ে গঠিত। • প্রতিটি একক প্রোটিন গ্লোবিন ও লৌহগঠিত হিম নিয়ে গঠিত। • রক্তের হিম ও গ্লোবিনের অনুপাত ১ : ২৫। • হিমের ৩৩.৩৩% লৌহ। • পূর্ণ বয়স্ক মানুষের সমগ্র রক্তে মাত্র ৩ গ্রাম লৌহ থাকে।
কাজ	• অধিকাংশ অক্সিজেন ও সামান্য পরিমাণ কার্বন ডাইঅক্সাইড পরিবহন করে।


[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❖ O_2 পরিবহনঃ




[Ref: গাজী আজমল স্যার]

❖ CO_2 পরিবহনঃ



[Ref: গাজী আজমল স্যার]

❖ ক্লোরাইড শিফট.... সহজে মনে রাখি....



❖ দেহের বিভিন্ন স্থানে O_2 এবং CO_2 এর চাপঃ

স্থান	O_2 এর চাপ	CO_2 এর চাপ
অ্যালভিওলাই-তে	107 mmHg	40mmHg
কৈশিক জালিকায়	40 mmHg	46 mmHg

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

বহিঃশ্বসন ও অন্তঃশ্বসনের তুলনাঃ

বৈশিষ্ট্য	বহিঃশ্বসন	অন্তঃশ্বসন
প্রকৃতি	ভৌত রাসায়নিক প্রক্রিয়া।	জৈব রাসায়নিক প্রক্রিয়া।
ক্রিয়াস্থল	ফুসফুস।	কোষ ও রক্ত।
এনজাইমের ভূমিকা	নেই।	ব্যাপক।
প্রধান উপ-পর্যায়	শ্বাসগ্রহণ ও শ্বাস ত্যাগ।	গ্লাইকোলাইসিস, ফ্রেবস চক্র ও গ্যাস পরিবহন।
শক্তি	উৎপন্ন হয় না।	নির্দিষ্ট পরিমাণ শক্তি উৎপন্ন হয়।

[Ref: আবদুল আলীম স্যার]

বিগত বছরের প্রশ্নসমূহ (গ্যাসীয় পরিবহন)

- ০১। রক্তে CO₂ পরিবহনের মাধ্যম নয় কোনটি? (MAT : 18-19)
- (a) কার্বনিক এসিড (b) বাইকার্বনেট যৌগ
(c) কার্বন মনোক্সাইড (d) কার্বামিনো যৌগ
- ০২। শ্বাসতন্ত্র সম্পর্কে নিম্নের কোন কথাটি সঠিক নয়? (MAT: 11-12, 08-09)
- (a) ব্যাপন প্রক্রিয়ায় অক্সিজেন বায়ুখলি থেকে কৈশিক নালির রক্তে প্রবেশ করে।
(b) ফুসফুসের কৈশিক নালিতে অক্সিজেন রক্তের হিমোগ্লোবিনের সঙ্গে বিক্রিয়া করে স্থায়ী যৌগ অক্সিহিমোগ্লোবিন তৈরি করে।
(c) উপজিহ্বা খাদ্যদ্রব্য শ্বাসনালিতে প্রবেশে বাঁধা দান করে।
(d) প্রশ্বাসের সময় ফুসফুস প্রসারিত হয়।
- ০৩। কার্বন ডাই অক্সাইড হিমোগ্লোবিনের সাথে বিক্রিয়া করে নিম্নের কোনটি তৈরি করে? (MAT: 09-10)
- (a) কার্বামাইনো প্রোটিন (b) কার্বামাইনো হিমোগ্লোবিন
(c) মিথ হিমোগ্লোবিন (d) অক্সি-হিমোগ্লোবিন
- ০৪। কোনটি মানব দেহের শ্বসনের জন্য সঠিক নয়? (DAT : 06-07)
- (a) ফুসফুসের কৈশিক জালিকায় দেহ থেকে আগত রক্তে অক্সিজেনের চাপ থাকে 107 mm Hg
(b) গ্লাইকোলাইসিসের জন্য প্রয়োজনীয় এনজাইমগুলো মাইটোকন্ড্রিয়ার বাইরে সাইটোসলের মধ্যে পাওয়া যায়
(c) অন্তঃশ্বসন একটি জৈব রাসায়নিক প্রক্রিয়া
(d) বহিঃশ্বসন প্রক্রিয়ায় শক্তি উৎপন্ন হয় না
- ০৫। যেটি অন্তঃশ্বসনের বৈশিষ্ট্য নয়- (MAT: 00-01)
- (a) প্রতিটি ধাপ এক বা একাধিক উৎসেচক ও সহ উৎসেচক দ্বারা নিয়ন্ত্রিত
(b) কোষ থেকে রক্তে CO₂ পরিত্যাগ করে
(c) এটি একটি জৈব রাসায়নিক প্রক্রিয়া
(d) কোন শক্তি উৎপন্ন হয় না

উত্তরঃ	০১। c	০২। b	০৩। b	০৪। a	০৫। d
--------	-------	-------	-------	-------	-------

০০ শ্বসননালির সমস্যা, লক্ষণ ও প্রতিকার

শ্বসননালির সংক্রমণকে দুভাগে ভাগ করা যায়। যথা-

(i) উপর্ধ শ্বসননালিতে সংক্রমণ	নাক, কান, গলা, সাইনাস আক্রান্ত হয়।
(ii) নিম্ন শ্বসননালিতে সংক্রমণ	শ্বাসনালি ও ফুসফুস আক্রান্ত হয়।

[Ref: গাজী আজমল স্যার]



প্রতিদিনের চাকুরীর মার্কুলার পেতে [এখানে ক্লিক করুন](#)

প্রতি মাসের কারেন্ট অ্যাফেয়ার্স পিডিএফ [এখানে ক্লিক করুন](#)

চাকুরীর প্রয়োজনীয় মকল পিডিএফ বই [এখানে ক্লিক করুন](#)

বিমিএম এর প্রয়োজনীয় পিডিএফ বই [এখানে ক্লিক করুন](#)

প্রতি মাস্তাহের চাকুরী পত্রিকা ডাউনলোড [এখানে ক্লিক করুন](#)

মকল নিয়োগ পরীক্ষার প্রশ্ন সমাধান [এখানে ক্লিক করুন](#)

বিডিনিয়োগ.কম দেশের মেরা পিডিএফ কালেকশন

SSC এর প্রয়োজনীয় মকল পিডিএফ বই [এখানে ক্লিক করুন](#)

HSC এর প্রয়োজনীয় মকল পিডিএফ বই [এখানে ক্লিক করুন](#)

বিশ্ববিদ্যালয় ভর্তির মকল পিডিএফ বই [এখানে ক্লিক করুন](#)

মকল ধরনের **মাজেশন** ডাউনলোড [এখানে ক্লিক করুন](#)



❖ প্যারান্যাসাল সাইনাসঃ [চিত্র-১০, পৃষ্ঠা-v দেখো]

সংজ্ঞা	<ul style="list-style-type: none"> • মুখমন্ডলের অস্থির ভিতর কতকগুলো বায়ুপূর্ণ গহ্বর যেগুলো নাসিকা গহ্বরে উশুঙ্ক হয়।
সংখ্যা	<ul style="list-style-type: none"> • মানুষের চারজোড়া সাইনাস বা প্যারান্যাসাল সাইনাস রয়েছে। যথা- ক. ম্যাক্সিলারি সাইনাসঃ ম্যাক্সিলারি অঞ্চলে গালে অবস্থিত। (সব থেকে বড়) খ. ফ্রন্টাল সাইনাসঃ চোখের উপরে অবস্থিত। গ. এথময়ডাল সাইনাসঃ দু'চোখের মাঝখানে অবস্থিত। ঘ. স্ফেনয়ডাল সাইনাসঃ এথময়েড সাইনাসের পেছনে অবস্থিত।

[Ref: গাঙ্গী আজমল সার]

❖ সাইনুসাইটিসঃ

সংজ্ঞা	<ul style="list-style-type: none"> • ভাইরাস, ব্যাকটেরিয়া, ছত্রাকের সংক্রমণে বা এলার্জিকজনিত কারণে সাইনাসের মিউকাস পর্দার প্রদাহ।
প্রকারভেদ	<ul style="list-style-type: none"> ক. অ্যাকিউট সাইনুসাইটিসঃ স্থায়িত্ব ৪-৮ সপ্তাহ। খ. ক্রনিক সাইনুসাইটিসঃ স্থায়িত্ব ২ মাসের বেশি।
কারণ	<ul style="list-style-type: none"> • ভাইরাস (Human respiratory syncytial virus, Parainfluenza virus, Metapneumo virus), ব্যাকটেরিয়া (<i>Streptococcus pneumoniae</i>, <i>Haemophilus influenzae</i>) এবং ছত্রাকের আক্রমণে। • ঠাণ্ডাজনিত কারণে। • অ্যালার্জিকজনিত কারণে। • নাকে পলিপ এর কারণে। • দাঁতের ইনফেকশন থেকে। • সিন্টিক ফাইব্রোসিস গিন-এর কারণে। • টনসিল বড় হলে।
লক্ষণ	<ul style="list-style-type: none"> • নাক থেকে হলেদে বা সবুজ বর্ণের ঘন তরল বের হয়। • তীব্র মাথা ব্যথা। • জ্বর জ্বর ভাব। • কাশি।
জটিলতা	<ul style="list-style-type: none"> • মেনিনজাইটিস, ব্রেইন আবসেস প্রভৃতি।

[Ref: গাঙ্গী আজমল সার]

❖ ওটিটিস মিডিয়া বা মধ্যকর্ণের সংক্রমণঃ

প্রকারভেদ	<ul style="list-style-type: none"> • শিশুদের ওটিটিস মিডিয়া ৩ প্রকার হতে পারে। যথা- ক. স্বল্পস্থায়ী বা অ্যাকিউট ওটিটিস মিডিয়া, খ. দীর্ঘস্থায়ী বা ক্রনিক ওটিটিস মিডিয়া ও গ. অ্যাডহেসিভ ওটিটিস মিডিয়া।
কাদের বেশি হয়?	<ul style="list-style-type: none"> • ৪ মাস থেকে ৪ বছর বয়সী শিশুদের।
কারণ	<ol style="list-style-type: none"> ১. প্রধানত ভাইরাস, ব্যাকটেরিয়া কিংবা ছত্রাকের সংক্রমণে এ রোগ হয়। <i>Respiratory Syncytial Virus (RSV)</i> এবং <i>Streptococcus pneumoniae</i>, <i>Haemophilus influenzae</i>, <i>Moraxella catarrhails</i> ব্যাকটেরিয়া অধিক সংক্রমণ ঘটায়। ২. মধ্যকর্ণের সাথে নাকের সংযোগস্থল ফুলে গিয়ে বন্ধ হয়ে গেলে। ৩. অ্যাডিনয়েড ফুলে গেলে। ৪. শিশুদের রোগ প্রতিরোধ ক্ষমতা কম থাকার কারণে ঠান্ডা লাগলে এবং কানের সংক্রমণ হলে।

লক্ষণ

- 100.4°F/ 38°C এর বেশি তাপসহ জ্বর।
- কানে তীব্র ব্যথা।
- কানে ভেঁ ভেঁ করা বা গুনগুন ধ্বনি শোনা।

[Ref: গায়ী আজমল স্যার]

❖ ধূমপায়ী ও অধূমপায়ীর ফুসফুসের এক্স-রে চিত্রের তুলনাঃ

পার্থক্যের বিষয়	ধূমপায়ীর এক্স-রে	অধূমপায়ীর এক্স
ফুসফুসে পানি জমা (pleural effusion)	ধরা পড়ে।	ধরা পড়ে না।
অ্যালভিওলাই	সুস্পষ্ট স্বচ্ছতা দেখা যায় না।	সুস্পষ্ট স্বচ্ছতা দেখা যায়।
সিলিয়া	অবশ হয়ে থাকে।	সবল থাকে।
ফুসফুস ও অ্যালভিওলাইয়ের প্রাচীর	পাতলা এবং দুর্বল।	স্বাভাবিক।
এমফাইসেমা (অ্যালভিওলাস আয়তনে বেড়ে যায়)	উপস্থিত।	অনুপস্থিত।
টিউমার ও ক্যান্সার কোষ	থাকতে পারে।	থাকে না।

❓ বিগত বছরের প্রশ্নসমূহ (শ্বাসনালির সমস্যা, লক্ষণ ও প্রতিকার)

- ০১। সাইনোসাইটিস রোগের প্রধান উপসর্গ কোনটি? (DAT : 18-19)
- (a) কাশি (b) বমি
(c) জ্বর (d) মাথা ব্যথা
- ০২। কোনটি প্যারান্যাসাল সাইনাস নয়? (MAT: 16-17)
- (a) ফ্রন্টাল সাইনাস (b) ম্যাক্সিলারি সাইনাস
(c) স্ফেনয়ডাল সাইনাস (d) অক্সিপিটাল সাইনাস
- ০৩। ফুসফুসের ক্যান্সারের জন্য দায়ী- (MAT: 02-03)
- (a) SiO₂ (b) CO₂
(c) MnO₂ (d) H₂S

উত্তরঃ	০১। d	০২। d	০৩। a
--------	-------	-------	-------

উন্মেষ Quick Review

❖ একত্রে সব গুরুত্বপূর্ণ সংখ্যাঃ

বিষয়	সংখ্যামূলক তথ্য
ট্র্যাকিয়া	<ul style="list-style-type: none"> • প্রায় ১২ সে.মি. দীর্ঘ ও ২ সেমি ব্যাসবিশিষ্ট ফাঁপা নলাকার অংশ। • এটি ১৬ - ২০টি তরুণাঙ্কি নির্মিত (C- আকৃতির) অর্ধবলয়ে গঠিত।

ফুসফুস	<ul style="list-style-type: none"> • ডান দিকের ফুসফুস তিনটি লোব বা খণ্ডে বিভক্ত; আর বাম ফুসফুসে দুটি লোব আছে। • ডান ফুসফুসে ১০টি এবং বাম ফুসফুসে ৮টি লোবিউল থাকে। • মানুষের ফুসফুসে প্রায় ৭০ - ৯০ বর্গমিটার আয়তনের তল জুড়ে ৭০০ মিলিয়ন (৭০ কোটি) এরও বেশি সংখ্যক আলভিওলাই রয়েছে।
সারফেকট্যান্ট	<ul style="list-style-type: none"> • ২৩ সপ্তাহ বয়স্ক মানবজাতিতে সর্বপ্রথম সারফেকট্যান্ট ক্ষরণ শুরু হয়।
শ্বসন হার	<ul style="list-style-type: none"> • পূর্ণ বয়স্ক সুস্থ মানুষে বিশ্রামকালে শ্বসন প্রক্রিয়া প্রতিমিনিটে ১৪ - ১৮ বার এবং নবজাত শিশুতে ৪০ বার সংঘটিত হয়। • বাতাসে CO₂ ঘনত্ব ০.২৫% বাড়লে শ্বসনের হার দ্বিগুণ হয়ে যায়।
গ্যাসীয় পরিবহন	<ul style="list-style-type: none"> • প্রায় ২% অক্সিজেন তৌত দ্রবণরূপে এবং ৯৮% রাসায়নিক যৌগরূপে পরিবাহিত হয়। • ৫% CO₂ রক্তের প্লাজমার পানির সাথে বিক্রিয়া করে কার্বনিক এসিড গঠন করে। • মোট CO₂ - এর শতকরা ২৭ ভাগ কার্বোমিনো যৌগরূপে পরিবাহিত হয়। • CO₂ -এর বেশির ভাগই (৬৫%) CO₂ রক্তে বাইকার্বনেটরূপে পরিবাহিত হয়।
হিমোগ্লোবিন	<ul style="list-style-type: none"> • রক্তে হিম ও গ্লোবিন ১ : ২৫ অনুপাতে উপস্থিত থাকে। • হিমের ৩৩.৩৩% লৌহ। • পূর্ণবয়স্ক মানুষের সমগ্র রক্তে মাত্র ৩ গ্রাম লৌহ থাকে।
সাইনুসাইটিস	<ul style="list-style-type: none"> • অ্যাকিউট সাইনুসাইটিসের স্থায়িত্ব প্রায় ৪-৮ সপ্তাহ। • ক্রনিক সাইনুসাইটিসের স্থায়িত্ব ২ মাসের বেশি।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❖ একত্রে সব বিশেষ নামঃ

নাম	বিশেষ নাম/অপর নাম
ল্যারিংগ্স	স্বরযন্ত্র
এপিগ্লটিস	উপজিহ্বা
পশ্চাৎ নাসারন্ধ্র	কোয়ানি
ধাইরয়েড তরুণাঙ্ঘ্রি	Adam's Apple
ট্র্যাকিয়া	শ্বাসনালি
ব্রঙ্কাস	ফ্রেমনালি

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

অধ্যায়-০৬ : মানব শারীরতত্ত্বঃ বর্জ্য ও নিষ্কাশন

❖ মেডিকেল ও ডেন্টাল ভর্তি পরীক্ষার জন্য এই অধ্যায়ের গুরুত্বপূর্ণ টপিকসমূহঃ

তরুত্ব	টপিক	ভর্তি পরীক্ষায় যে বছর প্রশ্ন এসেছে
৩৩৩	রেচনতন্ত্র	MAT: 06-07; DAT: 17-18, 04-05, 03-04.
৩৩৩	বৃক্কের গঠন ও কাজ	MAT: 08-09, 04-05, 02-03; DAT: 16-17, 04-05, 02-03
৩৩৩	নেফ্রন	MAT: 17-18, 13-14, 05-06, 03-04, 02-03
৩৩৩	রেচনের শারীরবৃত্ত	MAT: 15-16, 14-15, 12-13, 10-11, 03-04, 00-01; DAT: 16-17, 10-11, 09-10, 06-07, 05-06
৩	হরমোনাল ক্রিয়া	MAT: 18-19
৩	বৃক্ক বিকল	MAT: 16-17

৩৩৩ রেচনতন্ত্র

বিশেষ তথ্য	<ul style="list-style-type: none"> রেচনতন্ত্রের মাধ্যমে ৮০ ভাগ রেচনপদার্থ নিষ্কাশিত হয়, বাকী ২০ ভাগ সহকারী রেচন অঙ্গের মাধ্যমে নিষ্কাশিত হয়। ত্বক, ফুসফুস, যকৃত ও পরিপাকনালি কিছু কিছু রেচনবর্জ্য দেহ হতে নিষ্কাশন করে।
------------	---

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❖ মানুষের রেচনতন্ত্রঃ

অঙ্গ	সংখ্যা	বর্ণনা
(ক) বৃক্ক	একজোড়া	<ul style="list-style-type: none"> উদর গহ্বরের কটি অঞ্চলে মেরুদণ্ডের দুপাশে অবস্থিত। দ্বাদশ খোরাসিক কশেরুকার নিচ থেকে তৃতীয় লাম্বার কশেরুকার উপর পর্যন্ত বিস্তৃত। যকৃতের অবস্থানের কারণে বাম বৃক্কটি ডান বৃক্কের তুলনায় কিছুটা উপরে থাকে।
(খ) ইউরেটার বা রেচন নালি বা গবিনী	একজোড়া	<ul style="list-style-type: none"> প্রতিটি নালির দৈর্ঘ্য প্রায় ২৫ সে.মি.। পেলভিস থেকে সৃষ্টি হয়। বৃক্ক থেকে মূত্রথলিতে মূত্র পরিবহন করে।
(গ) মূত্রথলি	একটি	<ul style="list-style-type: none"> অনৈচ্ছিক পেশিতে গঠিত সংকোচন প্রসারণক্ষম ত্রিকোণাকার থলি। ৭০০-৭৫০ মিলিলিটার মূত্র ধারণ করতে পারে। ২৮০-৩২০ মিলিলিটার মূত্র জমা হলেই মূত্র ত্যাগের ইচ্ছা জাগে।
(ঘ) মূত্রনালি বা ইউরেথ্রা	একটি	<ul style="list-style-type: none"> পুরুষে দৈর্ঘ্য ১৮-১৯ সে.মি. এবং স্ত্রীলোকে দৈর্ঘ্য ৩.৫-৪ সে.মি.। মূত্র ও বীর্য দেহের বাইরে নিষ্কাশন করা এর কাজ।

[Ref: গাজী আজমল স্যার]

পর্যাল করঃ বাম বৃক্কটি উপরে এবং ডান বৃক্ক নিচে থাকে। কারণ ডান বৃক্কের উপরে থাকে যকৃত।]

অঙ্গ

১. বৃক্ক

- আকৃতিঃ দৈর্ঘ্য ১০-১২ সে.মি, প্রস্থ- ৫-৬ সে.মি এবং স্থূলত্ব ৩ সে.মি।
- গুজনঃ ১৫০-১৭০ গ্রাম (পুরুষ), ১৩০-১৫০ গ্রাম (মহিলা)।
- আকারঃ শিমবীজের মত। বাইরের দিকে উত্তল এবং ভিতরের দিকে অবতল।
- আবরণঃ ক্যাপসুল/টিউনিকা ফাইব্রোসা।

২. রেচননালি/ইউরেটার/গবিনী

- দৈর্ঘ্যঃ ২৫-৩০ সে.মি।

৩. মূত্রথলি

- মূত্রধারণক্ষমতাঃ ৭০০-৭৫০ মি.লি বা ৪৫০ মি.লি।
- মূত্রত্যাগের ইচ্ছাঃ ২৮০-৩২০ মি.লি মূত্র জমলে।

৪. মূত্রনালি

- দৈর্ঘ্যঃ ১৮-২০ সে.মি (পুরুষ) ও ৩.৫-৪ সে.মি (মহিলা)।



মূত্র তৈরি করে

বৃক্ক থেকে মূত্রকে মূত্রথলিতে পাঠায়

মূত্রকে সাময়িকভাবে জমা রাখে

মূত্রথলি থেকে মূত্রকে বাইরে নিষ্কাশন করে

Unmesh Special পচিশ সে.মি. দৈর্ঘ্যের অঙ্গ.....



বিগত বছরের প্রশ্নসমূহ (রেচনতন্ত্র)

- ০১। মানুষ রেচনতন্ত্রে অংশ নয় কোনটি? (DAT: 17-18)
- (a) বৃক্ক (b) মূত্রনালী
(c) অ্যাড্রেনাল গ্রন্থি (d) রেচননালী
- ০২। মানুষের রেচনতন্ত্রের সাহায্যে দেহের প্রায় কত শতাংশ রেচন পদার্থ রেচিত হয়? (MAT: 06-07, DAT: 03-04)
- (a) ৭০ (b) ৮০
(c) ৯০ (d) ১০০
- ০৩। রেচনতন্ত্রে নিম্নের কোনটি ইউরেটার নামক নালি গঠন করে? (DAT: 04-05)
- (a) ডাক্ট অব বেলিনি (b) সংগ্রাহক নালিকা
(c) ডিস্টাল নালিকা (d) হেনলির লুপ

উত্তরঃ	০১। c	০২। b	০৩। a
--------	-------	-------	-------

০০০ বৃক্কের গঠন ও কাজ

❖ বৃক্কের বাহ্যিক গঠনঃ

আকার	• শিম বীজের মতো।
বর্ণ	• লালচে খয়েরী।
আকৃতি	• দৈর্ঘ্য ১০-১২ সে.মি., প্রস্থ ৫-৬ সে.মি., স্থূলত্ব ৩ সে.মি.।
ওজন	• পুরুষে ১৫০-১৬০ গ্রাম ও নারীদেহে ১৩০-১৪০ গ্রাম।
হাইলাম	• বৃক্কের বাহিরের দিকে উত্তল ও ভিতরের দিকে অবতল। • অবতল অংশের ভাঁজকে হাইলাম বা হাইলাস বলে। • হাইলাম দিয়ে ইউরেটার ও রেনাল শিরা বহির্গত হয় এবং রেনাল ধমনি ও শ্বাস্য বৃক্কে প্রবেশ করে।
আবরণ	• ক্যাপসুল নামক যোজক টিস্যুর আবরণে বেষ্টিত।
অ্যাড্রেনাল গ্রন্থি	• বৃক্কের অগ্রপ্রান্তে টুপি মতো অবস্থান করে।

[Ref: গাজী আজমল স্যার]

❖ বৃক্কের অন্তর্গঠনঃ [চিত্র-১১, পৃষ্ঠা-vi দেখো]

• প্রত্যেক বৃক্ক তিনটি অঞ্চলে বিভক্ত। যথা-

কর্টেক্স	• বৃক্কের সর্বাধিক বাইরের অংশ। • বহিঃস্থ কর্টিক্যাল ও অন্তঃস্থ জাক্সটোমেডুলারি নামক দুটি অঞ্চলে বিভক্ত। • নেফ্রনের রেনাল করপাসল, প্রক্সিমাল প্যাঁচানো নালিকা ও ডিস্টাল প্যাঁচানো নালিকা অবস্থান করে।
মেডুলা	• ৮-১৮ টি রেনাল পিরামিড নিয়ে গঠিত। • প্রত্যেক পিরামিড চূড়াকে প্যাপিলা বলে। • প্যাপিলা ক্যালিক্স মাইনর ও ক্যালিক্স মেজর গঠন করে।
পেলভিস	• বৃক্ক অভ্যন্তরে বৃহৎ সংগ্রাহক স্থান।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❖ বৃক্কের কাজঃ

রেনাল বর্জ্য অপসারণ	• রক্ত থেকে প্রোটিন বিপাকে সৃষ্ট নাইট্রোজেন জাতীয় বর্জ্য পদার্থ অপসারণ করা। • দেহে প্রবিল্ট প্রতিবিষ ও ভেযজ পদার্থসমূহ দেহ থেকে অপসারণ করা।
ভারসাম্য রক্ষা	• দেহে এবং রক্তে পানির ভারসাম্য রক্ষা করা। • দেহে সোডিয়াম, পটাশিয়াম, ক্যালশিয়াম, ফসফেট ক্লোরাইডসহ বিভিন্ন লবণের পরিমাণ নিয়ন্ত্রণ করা। • দেহে রক্তে অম্ল ও ক্ষারের ভারসাম্য রক্ষা করা। • যথাযথ আয়নিক কম্পেন্ডেশন বজায় রাখা। • রক্তচাপ নিয়ন্ত্রণ করা।
হরমোন ক্ষরণ	• এরিথ্রোপোয়েটিন।
এনজাইম ক্ষরণ	• রেনিন। [এটি পাকস্থলিতেও বিদ্যমান]

[Ref: গাজী আজমল স্যার]



বিগত বছরের প্রশ্নসমূহ (বৃক্কের গঠন ও কাজ)

০১। বৃক্কের কাজ নয় কোনটি? (DAT: 16-17)

- (a) রক্তচাপ নিয়ন্ত্রণ করা (b) অম্ল ও ক্ষারের সমতা রক্ষা করা
(c) তাপ নিয়ন্ত্রণ করা (d) রক্তের আয়ন নিয়ন্ত্রণ করা

০২। নিম্নের কোনটি বৃক্কের কাজ নয়? (MAT: 08-09, DAT: 04-05)

- (a) দেহ থেকে নাইট্রোজেন যুক্ত বর্জ্য পদার্থ অপসারণ করা
(b) শেত রক্তকণিকা তৈরিতে ভূমিকা রাখা
(c) রক্তে অম্ল-ক্ষারের সমতা রক্ষা করা
(d) দেহে পানির সমতা রক্ষা করা

০৩। বৃক্কের কাজ নয় কোনটি? (MAT : 04-05, 02-03)

- (a) রক্তচাপ নিয়ন্ত্রণ করা
(b) রক্তে অম্লের পরিমাণ বৃদ্ধি করা
(c) দেহে পানির ভারসাম্য রক্ষা
(d) ভিটামিন 'ডি' ও লোহিত কণিকা তৈরিতে অংশ নেওয়া

০৪। নিম্নের কোনটি বৃক্কের কাজ নয়? (DAT: 02-03)

- (a) রক্ত থেকে নাইট্রোজেন জাতীয় বর্জ্য অপসারণ
(b) রক্তচাপ নিয়ন্ত্রণ করা
(c) ভিটামিন-বি তৈরিতে অংশ নেয়া
(d) দেহে পানির ভারসাম্য রক্ষা করা

উত্তরঃ	০১। c	০২। b	০৩। b	০৪। c
--------	-------	-------	-------	-------

*** নেফ্রন


সংজ্ঞা	• নেফ্রন বৃক্কের গাঠনিক ও কার্যকরী একক।
প্রথম বর্ণনা	• বোম্যান প্রথম বৃক্কের সূক্ষ্ম গঠনের সঠিক বর্ণনা দেন।
সংখ্যা	• মানুষের প্রত্যেক বৃক্কে প্রায় ১০-১২ লক্ষ নেফ্রন থাকে।
দৈর্ঘ্য	• প্রতিটি নেফ্রন ৩ সে.মি লম্বা। • প্রত্যেক বৃক্কে নেফ্রনগুলোর সম্মিলিতভাবে ৩৬ কিলোমিটার বা প্রায় ২২.৫ মাইলের বেশি লম্বা।
প্রকারভেদ	• মানুষের নেফ্রন তিন প্রকার। যথা- ক. সুপারফিসিয়াল কর্টিকাল নেফ্রন: ৮৫%। খ. মিড কর্টিকাল নেফ্রন: ৫%। গ. জাক্সটামেডুলারী নেফ্রন: ১০%।
বিশেষ তথ্য	• বৃক্কের মাধ্যমে প্রতি মিনিটে রক্ত থেকে ১২৫ ঘনসেমি. তরল পদার্থ পরিশ্রুত হয় যার ৯৯% পুনঃশোষিত হয়। • প্রতি মিনিটে কেবল ১ ঘনসেমি. মূত্র উৎপন্ন হয়।

- ❖ নেফ্রনের গঠনঃ [চিত্র-১২, পৃষ্ঠা-vi দেখো]
- প্রত্যেক নেফ্রন দুটি অংশে বিভক্ত। যথা-

(১) রেনাল করপাসল বা মালপিজিয়ান করপাসল বা মালপিজিয়ান বডি	ক) বোম্যানস ক্যাপসুল	<ul style="list-style-type: none"> • ০.২ মিলিমিটার ব্যাসের দ্বিস্তরী পেয়ালার মতো অংশ। • ভিসেরাল স্তর পোডোসাইট কোষে গঠিত। • প্যারাইটাল স্তর আইশাকার এপিথেলিয়াল কোষে গঠিত। • এদের মাঝখানে ক্যাপসুলার স্পেস থাকে।
	খ) গ্লোমেরুলাস	<ul style="list-style-type: none"> • ৫০-৬০ টি কৈশিক জালিকা নিয়ে গঠিত। • রক্তের আলট্রাফিল্ট্রেশন ঘটে এবং গ্লোমেরুলাস ফিলট্রেট হিসেবে বোম্যানস ক্যাপসুল এ জমা হয়।
(২) বৃক্ষীয় নালিকা বা রেনাল টিউবুলস (প্রায় ৩ সেন্টিমিটার লম্বা)	ক) প্রক্সিমাল বা নিকটবর্তী প্যাঁচানো নালিকা	<ul style="list-style-type: none"> • প্রায় ১৪ মিলিমিটার লম্বা প্যাঁচানো নালিকা। • এর প্রাচীর একস্তরী এপিথেলিয়াল কোষে গঠিত। • কোষগুলোর একপ্রান্তে অসংখ্য মাইক্রোভিলাই থাকে। • পেরিটিউবুলারি ক্যাপিলারি দিয়ে পরিবেষ্টিত থাকে। • নির্বাচনমূলক পুনঃশোষণ ঘটে।
	খ) নেফ্রন ফাঁস বা হেনলির লুপ	<ul style="list-style-type: none"> • জার্মান চিকিৎসক Friedrich Gustav Jacob Henle এর নামানুসারে এর নামকরণ করা হয়। • প্রায় ১১ মিলিমিটার লম্বা U আকৃতির লুপ।
	গ) ডিস্টাল বা দূরবর্তী প্যাঁচানো নালিকা	<ul style="list-style-type: none"> • প্রায় ৫ মিলিমিটার লম্বা প্যাঁচানো নালিকা। • বৃক্ষের কটেঞ্জেল অবস্থিত। • এর প্রাচীর একস্তরী এপিথেলিয়াল কোষে গঠিত। • পেরিটিউবুলারি ক্যাপিলারি দিয়ে পরিবেষ্টিত থাকে। • সংগ্রাহী নালির সাথে যুক্ত থাকে। • কয়েকটি সংগ্রাহী নালি মিলে ডাক্ট অব বেলিনি গঠন করে।

[Ref: গাজী আজমল স্যার]

❖ একনজরেঃ



❖ নেফ্রনের কাজঃ

(i) পরিস্রুতকরণ	• প্রোটিন ছাড়া রক্তের প্রায় সকল উপাদান।
(ii) পুনঃশোষণ	• গ্লুকোজ, অধিকাংশ লবণ ও পানি।
(iii) নালিকার ক্ষরণ	• সালফারঘটিত যৌগ, ক্রিয়েটিনিন ও জেব এসিড।
(iv) নতুন পদার্থ সৃষ্টি	• অইজব ফসফেট, অ্যামোনিয়া, হিপপিউরিক এসিড প্রভৃতি।
(v) pH মাত্রা নিয়ন্ত্রণ	-

[Ref: গাজী আজমল স্যার]

বিগত বছরের প্রশ্নসমূহ (নেফ্রন)

- ০১। হেনলির লুপের অবস্থান কোথায়? (MAT: 17-18)
- (a) বৃক্কীয় নালিকায় (b) রেনাল করপাসলে
(c) এফারেন্ট ধমনিকাতে (d) ইফারেন্ট ধমনিকাতে
- ০২। লুপ অব হেনলি শরীরের নিম্নোলিখিত কোন অঙ্গের অংশ? (MAT: 13-14)
- (a) যকৃত (b) বৃক্ক
(c) প্লীহা (d) হৃৎপিণ্ড
- ০৩। কোন তথ্যটি নেফ্রনের জন্য প্রযোজ্য হবে? (MAT: 05-06)
- (a) নেফ্রনগুলো মাঝে মাঝে সরল প্রক্রিয়ায় নাইট্রোজেন বর্জ্য পৃথক করে
(b) ভ্রূণীয় মেসোডার্ম থেকে সৃষ্টি হয়
(c) ভ্রূণীয় এন্টোডার্ম থেকে সৃষ্টি হয়
(d) প্রত্যেক বৃক্কে 12 কোটি নেফ্রন থাকে
- ০৪। প্রতিটি বৃক্কে নেফ্রন থাকে- (MAT: 03-04)
- (a) প্রায় ৮ থেকে ৯ লক্ষ (b) প্রায় 10 থেকে 12 লক্ষ
(c) প্রায় 12 থেকে 18 লক্ষ (d) প্রায় 13 থেকে 18 লক্ষ
- ০৫। নিচের কোন অংশটি রেনাল টিউবুলে এর অংশ নয়? (MAT: 02-03)
- (a) গোড়াদেশীয় বা প্রক্সিমাল প্যাঁচানো নালিকা
(b) প্রান্তীয় বা ডিস্টাল প্যাঁচানো নালিকা
(c) হেনলি-র লুপ
(d) অ্যাফারেন্ট আর্টারিওল

উত্তরঃ	০১। a	০২। b	০৩। b	০৪। b	০৫। d
--------	-------	-------	-------	-------	-------

০০০ রেচনের শারীরবৃত্ত

❖ নাইট্রোজেনঘটিত বর্জ্য উৎপাদনঃ

রেচন বর্জ্য	<ul style="list-style-type: none"> ইউরিয়া, ইউরিক এসিড, অ্যামোনিয়া, ক্রিয়েটিনিন ইত্যাদি।
ইউরিয়া	<ul style="list-style-type: none"> নাইট্রোজেন ঘটিত বর্জ্য পদার্থের মধ্যে ইউরিয়ার পরিমাণ সর্বাধিক এবং এটি মূত্রের সাথে দেহ থেকে বেরিয়ে যায়। অ্যামোনিয়া থেকে ইউরিয়া চক্র বা অরনিথিন চক্রের মাধ্যমে যকৃতে উৎপন্ন হয়।
ইউরিওটেলিজম	<ul style="list-style-type: none"> রেচনে ইউরিয়ার আধিক্য থাকাকে ইউরিওটেলিজম বলে। মানুষ ইউরিওটেলিক প্রাণী।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❖ মূত্র সৃষ্টিঃ

বিজ্ঞানী কুশনীর মতে, মূত্র নিম্নবর্ণিত ৩টি ধাপে তৈরী হয়। যথা -

ক) অতিসূক্ষ্ম পরিষ্কাষণ বা আলট্রাফিলট্রেশন	<ul style="list-style-type: none"> গ্লোমেরুলাসের কৈশিক জালিকায় হাইড্রোস্ট্যাটিক চাপ 70 mmHg। এ চাপের বিরুদ্ধে অন্যান্য চাপ হলো 35 mmHg। ফলে প্রকৃত ছাঁকন চাপ 35 mmHg থাকায় গ্লোমেরুলাস হতে প্রোটিন ও রক্তকণিকা ছাড়া প্রায় উপাদান প্ররিস্রুত হয়ে বোম্যানস ক্যাপসুলে জমা হয়।
খ) টিউবুলার পুনঃশোষণ বা নির্বাচিত পুনঃশোষণ	<ul style="list-style-type: none"> প্রক্সিমাল প্যাঁচানো নালিকায় সমস্ত (100%) গ্লুকোজ, ৬৫% পানি, ৫০% ইউরিয়া, অ্যামিনো এসিড, ভিটামিন ও ক্লোরাইড আয়ন শোষিত হয়। মোট পুনঃশোষণের ৮০% হয় প্রক্সিমাল প্যাঁচানো নালিকায় এবং ২০% বাকি অংশে পুনঃশোষিত হয়। গ্লুকোজ সক্রিয় পুনঃশোষণ প্রক্রিয়ায় প্রক্সিমাল প্যাঁচানো নালিকায় সম্পূর্ণরূপে পুনঃশোষিত হয়।
গ) সক্রিয় ক্ষরণ	<ul style="list-style-type: none"> প্রক্সিমাল প্যাঁচানো নালিকায় ক্রিয়েটিনিন ও সামান্য ইউরিয়ার সক্রিয় ক্ষরণ ঘটে। ডিস্টাল নালিকায় হাইড্রোজেন, পটাসিয়াম ও অ্যামোনিয়াম আয়ন, সেরোটোনিন, কোলিন, ক্রিয়েটিনিন, হিস্টামিন, স্টেরয়েড যৌগ ক্ষরণ করে।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

Unmesh Special মনে রাখি সহজভাবে.....

❖ মূত্র সৃষ্টির ধাপঃ আনিস।



❖ মূত্রঃ

পরিমাণ	<ul style="list-style-type: none"> বৃক্ক দৈনিক ০.৫ - ২.৫ লিটার মূত্র উৎপাদন করে। একজন সুস্থ মানুষ প্রতিদিন গড়ে ১৫০০ মি.লি মূত্র ত্যাগ করে।
বর্ণ	<ul style="list-style-type: none"> মূত্রে ইউরোক্রেম নামক রঞ্জক থাকায় এটি খড় (হালকা হলুদ) বর্ণের হয়।
গন্ধ	<ul style="list-style-type: none"> ইউরিনোড (C₆H₈O)-এর উপস্থিতির জন্য মূত্রে এরূপ বাঁঝালো গন্ধ হয়।
আপেক্ষিক গুরুত্ব	<ul style="list-style-type: none"> ১.০০৮ - ১.০৩০
রাসায়নিক ধর্ম	<ul style="list-style-type: none"> মূত্র সামান্য অম্লীয়, এর pH মান ৫.০ - ৬.৫।
ডাইইউরেটিকস বা মূত্রবর্ধক	<ul style="list-style-type: none"> এ সকল পদার্থ স্বাভাবিক প্রাবহকে বাড়িয়ে দেয়। এরূপ পদার্থগুলো হল- চা, কফি, পানি, লবণাক্ত পানি ইত্যাদি।

[Ref: গাজী আজমল স্যার]

❖ মূত্রের উপাদানঃ

উপাদান	শতকরা হার	উপাদান	শতকরা হার	উপাদান	শতকরা হার
পানি	৯৫	কিটোন বডিস	০.০২	ম্যাগনেসিয়াম	০.০১
ইউরিয়া	২	ক্রিয়েটিন	০.০১	ক্লোরাইড	০.৬০
ইউরিক এসিড	০.০৫	সোডিয়াম	০.৩৫	ফসফেট	০.২৭
হিপপিউরিক এসিড	০.০৫	পটাসিয়াম	০.১৫	সালফেট	০.১৮
ক্রিয়েটিনিন	০.০৭	অ্যামোনিয়াম	০.০৪	ক্যালসিয়াম	০.০৩

[Ref: গাজী আজমল স্যার]

❖ একনজরে মানবদেহে মূত্র নিষ্কাশনের গতিপথঃ

অ্যাকারেট ধমনিকা → গ্লোমেরুলাস → বোম্যানস ক্যাপসুলের গহ্বর → বৃক্কীয় নালিকা → সংগ্রাহী নালিকা → বৃক্কের পেলভিস → ইউরেটার → মূত্রথলি → মূত্রনালি → রেচনরক্ত → নির্গমন।



বিগত বছরের প্রশ্নসমূহ (রেচনের শারীরবৃত্ত)

- ০১। স্বাভাবিক মূত্রের রং খড়ের রং এর মতন হবার কারণ- (DAT : 16-17)
- (a) ইউরিয়া (b) ইউরোক্রেম
(c) অ্যামোনিয়া (d) বিলিরুবিন
- ০২। কোন চক্রের মাধ্যমে যকৃতে ইউরিয়া তৈরি হয়? (MAT: 15-16)
- (a) কার্বন চক্র (b) অরনিথিন চক্র
(c) ফ্রেবস চক্র (d) নাইট্রোজেন চক্র
- ০৩। স্বাভাবিক মূত্রের বর্ণ হালকা হলুদ হয় কিসের উপস্থিতিতে? (MAT : 14-15)
- (a) বিলিরুবিন (b) বিলিভারডিন
(c) অ্যামোনিয়া (d) ইউরোক্রেম
- ০৪। মূত্রের উপাদান নয় কোনটি? (MAT: 12-13)
- (a) ক্রিয়েটিনিন (b) ইউরিক এসিড
(c) বিলিরুবিন (d) ইউরোক্রেম
- ০৫। মানুষের গ্লোমেরুলাসে পরিস্রুত মূত্র ADH এর প্রভাব ছাড়া নিম্নের (%) কতভাগ পুনঃশোষণ নেফ্রনের প্রক্সিমাল প্যাঁচানে নালিকায় শোষিত হয়? (MAT: 10-11)
- (a) ৪০% (b) ৬০%
(c) ৮০% (d) ২০%
- ০৬। প্রক্সিমাল প্যাঁচানো নালিকায় নিম্নের কোনটির সক্রিয় ক্ষরণ হয়? (DAT: 10-11)
- (a) ভিটামিন (b) ক্রিয়েটিনিন
(c) অ্যামিনো অ্যাসিড (d) ক্লোরাইড আয়ন
- ০৭। মানুষের মূত্রে নিম্নের শতকরা কতভাগ অ্যামোনিয়াম পাওয়া যায়? (DAT: 10-11)
- (a) ০.০৪ (b) ০.০১
(c) ০.৩৫ (d) ০.১৫
- ০৮। নিচের কোনটি বৃক্ক সম্পর্কে সঠিক নয়? (DAT: 09-10)
- (a) অসমোরেগুলেশনের প্রধান অঙ্গ হচ্ছে বৃক্ক
(b) বৃক্কে অ্যামোনিয়া থেকে ইউরিয়া উৎপন্ন হয়
(c) ADH- এর প্রভাবে পানির পুনঃশোষণ বেশি হয়
(d) সক্রিয় পরিবহন পদ্ধতিতে গ্লুকোজ শোষিত হয়
- ০৯। কোনটি মানবদেহের রেচন / রেচনতন্ত্রের জন্য সঠিক নয়? (DAT : 06-07)
- (a) মূত্র দুইটি ধাপে সৃষ্টি হয় : অতিপরিষ্কাবণ ও সক্রিয় ক্ষরণ
(b) নাইট্রোজেনজাত বর্জ্য পদার্থই হচ্ছে রেচন পদার্থ
(c) মানুষের প্রত্যেক বৃক্কে 10 লক্ষ থেকে 12 লক্ষ নেফ্রন রয়েছে
(d) সাধারণত মূত্রের pH কিছুটা অম্লিক

- ১০। কোন ধাপটি মূত্র সৃষ্টির জন্য প্রয়োজনীয় নয়? (DAT: 05-06)
- (a) সক্রিয় ক্ষরণ (b) নির্বাচনমূলক পুনঃশোষণ
(c) শোষণ (d) অতিপরিষ্কাবণ
- ১১। কোন রঞ্জক পদার্থের জন্য মূত্র তার স্বাভাবিক খড় রং প্রাপ্ত হয়? (MAT: 03-04)
- (a) ইউরিক এসিড (b) ইউরোক্রেম
(c) ক্রিয়েটিনিন (d) অ্যামোনিয়া
- ১২। যেটি সত্য নয়? (MAT : 00-01)
- (a) সংগ্রাহী নালিকা পরিস্রুত তরলকে আইসোটনিক তরলে পরিণত করে
(b) বেলিনির নালি কিছু পরিমাণ পানি বের করে দিলে তরল পদার্থটি হাইপারটনিক তরলে পরিণত হয়
(c) জাঙ্গাটোগ্লোমেয়ুলার যন্ত্র মূত্রকে হাইপোটনিক তরলে পরিণত করে
(d) হেনলির লুপের উর্ধ্বগামী অংশ আগত তরলকে হাইপোটনিক তরলে পরিণত করে

উত্তর:	০১। b	০২। b	০৩। d	০৪। c	০৫। b	০৬। b
	০৭। a	০৮। b	০৯। a	১০। c	১১। b	১২। c

রেচন ও অসমোরেগুলেশনে বৃক্কের ভূমিকা

❖ রেচনে বৃক্কের ভূমিকা:

ইউরিয়া	<ul style="list-style-type: none"> • Hans Krebs এবং Kurt Henselei ইউরিয়া সৃষ্টির প্রক্রিয়া বর্ণনা করেন। • প্রধান নাইট্রোজেনজাত বর্জ্য পদার্থ। • প্রধানত যকৃতে অরনিথিন চক্রের মাধ্যমে উৎপন্ন হয়।
ইউরিক এসিড	<ul style="list-style-type: none"> • যকৃতের কোষে পিউরিন ক্ষারকের বিপাকের ফলে সৃষ্টি হয়। • ইউরিক অ্যাসিড মূত্রনালিতে সঞ্চিত হয়ে সুঁই আকৃতির স্ফটিক সৃষ্টি করে বা বৃক্কের পাথর সৃষ্টি করে।
ক্রিয়েটিনিন	<ul style="list-style-type: none"> • পেশিতে ক্রিয়েটিন নামক অ্যামিনো এসিডের বিপাকের ফলে সৃষ্টি হয়। • রক্তের ক্রিয়েটিনিন মাত্রাকে বৃক্কের রোগ নির্ণয়ের নির্দেশক হিসেবে গণ্য করা হয়। • বৃক্কের কাজের জটিলতা দেখা দিলে রক্তে এর মাত্রা বেড়ে যায়। • রক্তে এর স্বাভাবিক মাত্রা পুরুষের 0.6 – 1.2 mg/dl এবং মহিলাদের 0.5 – 1.1 mg/dl।


[Ref: গাঙ্গী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❖ অসমোরেগুলেশনে বৃক্কের ভূমিকা:


সংজ্ঞা	<ul style="list-style-type: none"> • দেহের পানি ও সোডিয়াম, পটাসিয়াম এবং ক্লোরাইড আয়নের মধ্যে আন্তঃসাম্য রক্ষা প্রক্রিয়া।
পানি সমতা রক্ষা	<ul style="list-style-type: none"> • এন্টি-ডাইইউরেটিক হরমোন বা ভ্যাসোপ্রেসিন হরমোন পানি সমতা নিয়ন্ত্রণ করে। • পুরুষের দৈনিক ওজনের ৬০%, স্ত্রীদের ৫০% এবং শিশুদেহে সবচেয়ে বেশি, প্রায় ৭০%। • মানবদেহে পানি দুভাবে অবস্থান করে। যেমন- বহিঃ কোষীয় তরল (Extra cellular fluid): ৪৫% এবং অন্তঃকোষীয় তরল (Intracellular fluid): ৫৫%। • প্রতিদিন প্রায় ১৭০ লিটার পানি বৃক্ক দ্বারা পরিস্রুত হয়। • মাত্র ১.৫ লিটার পানি মূত্র হিসেবে দেহ হতে নিষ্কাশিত হয়।
Na ⁺ সমতা রক্ষা	<ul style="list-style-type: none"> • অ্যালডোস্টেরন হরমোন নিয়ন্ত্রণ করে।

[Ref: গাঙ্গী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

◆ দেহরসে অতিরিক্ত পানি হলে:



◆ দেহরসে আয়তন স্বাভাবিক চেয়ে কমে গেলে (রক্তপাত বা প্রচুর ঘাম):



[Ref: গাজী আজমল স্যার + আবদুল আশীম স্যার]

○ হরমোনাল ক্রিয়া

আবিষ্কারক	• বিজ্ঞানী রুড বার্নার্ড সর্বপ্রথম প্রাণিদেহের অন্তঃস্থ পরিবেশের ভারসাম্য রক্ষার কৌশলের উল্লেখ করেন।
মূত্রের ঘনত্ব নিয়ন্ত্রণ	• ADH বা ভেসোপ্রেসিন সামগ্রিকভাবে পানির পরিমাণ নিয়ন্ত্রণ করে।
রক্তে সোডিয়ামের মাত্রা নিয়ন্ত্রণ	• অ্যালডোস্টেরন হরমোন রক্তের প্রাথমিক সোডিয়ামের মাত্রা স্থির রাখে।
রক্তের pH নিয়ন্ত্রণ	• রক্তের বাফার সিস্টেম নিয়ন্ত্রণ করে।

[Ref: গাজী আজমল স্যার]

❖ মূত্রের ঘনত্ব নিয়ন্ত্রণঃ

হরমোন	<ul style="list-style-type: none"> • প্রধানত দায়ী ADH বা ভেসোপ্রেসিন। • অ্যালডোস্টেরন হরমোন পরোক্ষভাবে নিয়ন্ত্রণ করে।
ADH বা ভেসোপ্রেসিন	<ul style="list-style-type: none"> • হাইপোথ্যালামাসে উৎপন্ন হয়ে পশ্চাৎ পিটুইটারি গ্রন্থিতে জমা থাকে। • মস্তিষ্কের গোড়ায় হাইপোথ্যালামাস অংশে কিছু ন্যায়কোষ এই ADH ক্ষরণ নিয়ন্ত্রণ করে। • এখান থেকে নিউরোসিক্রেশন পদ্ধতির মাধ্যমে নিঃসৃত ADH পশ্চাৎ পিটুইটারি গ্রন্থির মধ্যে পরিবাহিত হয় এবং রক্তে অবমুক্ত হয়। • ADH কমে গেলে এবং পানির অধিক্য হলে মূত্র উৎপাদনের পরিমাণ প্রতিমিনিটে 16ml পর্যন্ত বৃদ্ধি পায়।


[Ref: গাজী আজমল স্যার]

❖ রক্তে সোডিয়ামের মাত্রা নিয়ন্ত্রণকারী হরমোনঃ

হরমোন	উৎস	প্রভাব	ফলাফল
Aldosterone	অ্যাড্রেনাল গ্রন্থি	<ul style="list-style-type: none"> বৃক্কের সোডিয়াম সংরক্ষণ করা পানি ধরে রাখা রক্তচাপ বৃদ্ধি করা। 	মূত্রের পরিমাণ হ্রাস
Angiotensin II	যকৃত	<ul style="list-style-type: none"> অ্যাড্রেনোস্টেরন হরমোন সংশ্লেষ ও ক্ষরণ বৃদ্ধি করা রক্তনালীর সংকোচনের মাধ্যমে রক্তচাপ বৃদ্ধি করা নেফ্রনের নিকটবর্তী প্যাঁচানো নালিকা কর্তৃক সোডিয়াম পুনঃশোষণ উদ্দীপিত করা পিটুইটারি গ্রন্থিকে ADH ক্ষরণে উদ্দীপিত করা। 	মূত্রের পরিমাণ হ্রাস
Atrial Natriuretic Peptide (ANP)	হৃৎপিণ্ড	<ul style="list-style-type: none"> গ্লোমেরুলার ফিল্ট্রেশন হার বৃদ্ধি করা সোডিয়াম পুনঃশোষণ হ্রাস করা রেনিন-অ্যানজিওটেনসিন ক্ষরণে বাঁধা দেওয়া 	মূত্রের পরিমাণ বৃদ্ধি

[Ref: আবদুল আলীম স্যার]

❖ রক্তে সোডিয়ামের মাত্রা নিয়ন্ত্রণে হরমোনাল ক্রিয়াঃ



[Ref: গাজী আজমল স্যার]

জানা না অজানা ?

- Angiotensin I হিসেবে নিষ্ক্রিয়ভাবে যকৃত থেকে নিঃসৃত হয় এবং পরবর্তীতে ফুসফুসে পরিবর্তিত হয়ে সক্রিয় Angiotensin II হিসেবে নিঃসৃত হয়।
- DCT তে দুটি হরমোন কাজ করে- Aldosterone ও ADH। ডিস্টাল প্যাঁচানো নালিকাতে অ্যাড্রেনোস্টেরন হরমোন Na^+ পুনঃশোষণ প্রক্রিয়ায় সাহায্য করে। অন্যদিকে, ADH (অ্যান্টি ডাইইউরেটিক হরমোন) পানি পুনঃশোষণে সাহায্য করে।

❖ বিগত বছরের প্রশ্নসমূহ (হরমোনাল ক্রিয়া)

- ০১। নিচের কোন হরমোন রক্তে সোডিয়ামের মাত্রা নিয়ন্ত্রণ করে? (MAT : 18-19)
- (a) রেনিন (b) অ্যানজিওটেনসিন
(c) অ্যাড্রেনোস্টেরন (d) ভেসোপ্রেসিন

উত্তরঃ ০১। c

○ বৃক্ক বিকল

প্রকার	দু'ভাবে হতে পারে- দীর্ঘক্ষণিক ও তাৎক্ষণিক (৪৮ ঘন্টার মধ্যে)।
বিশেষ তথ্য	<ul style="list-style-type: none"> ৭০ বছর বয়স্ক মানুষের বৃক্ক মাত্র ৫০% কাজে সক্ষম থাকে। একটি বৃক্ক ক্ষতিগ্রস্ত হলে অন্যটি যদি সুস্থ থাকে তাহলে সুস্থ বৃক্কই দুটি বৃক্কের কাজ সম্পন্ন করে।

[Ref: গাজী আজমল স্যার]

❖ বৃক্কের তাৎক্ষণিক বিকলের কারণঃ

ক) প্রিরেনাল বা বৃক্কে রক্ত প্রবাহ কমে যাওয়া	<ul style="list-style-type: none"> নিম্ন রক্তচাপ বা শক, অতিরিক্ত রক্তক্ষরণ, অতিমাত্রায় ডায়ারিয়া ও বমি, হার্ট অ্যাটাক, হার্ট ফেইলিউর, অতি মাত্রায় অ্যান্টিবায়োটিক (জেন্টামাইসিন, স্ট্রেপ্টোমাইসিন) ও ব্যাথানাশক ঔষধ সেবন, অ্যাকিউট প্যানক্রিয়াটাইটিস, ভুল রক্ত দেয়ার জন্য, মারাত্মক অগ্নিদগ্ন হওয়ায়, সার্জিক্যাল অপারেশন, গর্ভপাত ইত্যাদি।
খ) রেনাল বা বৃক্ক নষ্ট হয়ে যাওয়া	<ul style="list-style-type: none"> গ্রাম নেগেটিভ সেপটিসিমিয়া, মাল্টিপল মায়েলিমা ক্যানসার, নেফ্রাইটিস, উচ্চ রক্তচাপ, অ্যাকিউট টিউবুলার নেক্রোসিস ইত্যাদি।
গ) পোস্টরেনাল বা মূত্রনালিতে বাধা	<ul style="list-style-type: none"> পুরুষে প্রোস্টেট গ্রন্থি বড় হয়ে যাওয়া, বৃক্কে পাথর, মূত্রথলিতে টিউমার বা জন্মগত ক্রটি বা পাথর, ইউরিনারি ক্যাথেটার, রেনাল ম্যালিগন্যান্সি, মূত্রনালিতে রক্তজমাট ইত্যাদি।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❖ প্রতিকারঃ

- বৃক্ক বিকলের প্রতিকার বিশেষজ্ঞরা ৩টি পন্থার কথা উল্লেখ করেছেন। যথা-

ক) নিয়ন্ত্রিত আহার	<ul style="list-style-type: none"> কম পরিমাণে প্রোটিন গ্রহণ (ফলে কম ইউরিয়া উৎপন্ন হবে)। কম লবণ ও পানি গ্রহণ (মূত্রের পরিমাণ কম হবে)। কম পটাশিয়াম সমৃদ্ধ খাবার গ্রহণ। যেমন- কমলা, চকলেট, মাশরুম (রক্তে উচ্চমাত্রায় হৃদযন্ত্রে ক্রিয়া বন্ধ করে দিতে পারে)।
খ) ডায়ালাইসিস	(i) হিমোডায়ালাইসিস <ul style="list-style-type: none"> টিউবগুলো কৃত্রিম আংশিকভেদ্য ঝিল্লি নির্মিত। রক্তকণিকা, প্রোটিন ও প্রোটিন অণু বড় হওয়ায় এর মধ্যে দিয়ে ব্যাপিত হতে পারে না। রক্তে হেপারিন (heparin) মেশানো হয় যাতে জমাট না বাঁধে। প্রতি সপ্তাহে রোগীকে অন্ত দু'বার হিমোডায়ালাইসিসের সম্মুখীন হতে হয়। এ প্রক্রিয়াটি সম্পন্ন করতে ৬-৮ ঘন্টা সময় লাগে।
	(ii) পেরিটোনিয়াল ডায়ালাইসিস <ul style="list-style-type: none"> কৃত্রিম ঝিল্লির পরিবর্তে দেহে অবস্থিত অকৃত্রিম পেরিটোনিয়াল ঝিল্লিকে ডায়ালাইসিং ঝিল্লি হিসেবে ব্যবহার করা হয়। দিনে ৩-৪ বার ডায়ালাইসেট প্রতিস্থাপন করা হয়। এর আরেক নাম Continous Ambulatory Peritoneal Dialysis সংক্ষেপে CAPD.
গ) বৃক্ক প্রতিস্থাপন (৪৮ ঘন্টার মধ্যে)	<ul style="list-style-type: none"> দাতার দেহ থেকে সংগ্রহের পর ৪৮ ঘন্টার মধ্যে গ্রহীতার দেহে স্থাপন করতে হবে। এ সময়ের মধ্যে যতখানি সময় বৃক্কটি বাইরে থাকে ততক্ষণ বৃক্কের উপর দিয়ে যন্ত্রের সাহায্যে ঠান্ডা স্যালাইন দ্রবণ প্রবাহিত করা হয়। সংগৃহীত বৃক্কটি সুস্থ হতে হবে (HIV বা অন্যান্য সংক্রমণমুক্ত হতে হবে)। বৃক্কদাতা ও গ্রহীতার ব্লাড গ্রুপ এবং টিস্যুর ধরন অবশ্যই এক হতে হবে।

[Ref: গাজী আজমল স্যার]

ডায়ালাইসিসের উপাদানঃ

- সঠিক তাপমাত্রা (স্থির দেহ তাপমাত্রা)
- সঠিক আয়নিক ভারসাম্য বিশেষ করে Na^+ , K^+ , Cl^- , Ca^{2+} , HCO_3^- (এসিটেট রূপে)
- অতিরিক্ত পুষ্টি। যেমন- গ্লুকোজ।
- সঠিক pH ও বাফারিং ক্ষমতা ইত্যাদি।

[Ref: গাজী আজমল স্যার]

বিগত বছরের প্রশ্নসমূহ (বৃক্ক বিকল)

- ০১। দাতার দেহ থেকে বৃক্ক কতক্ষণের মধ্যে গ্রহীতার দেহে স্থাপন করতে হয়? (MAT: 16-17)
- (a) ৭২ ঘন্টার মধ্যে (b) ৪৮ ঘন্টার মধ্যে
- (c) ১০০ ঘন্টার মধ্যে (d) ২ ঘন্টার মধ্যে

উত্তরঃ ০১। b

উন্নয়ন Quick Review

একত্রে সব গুরুত্বপূর্ণ সংখ্যাঃ

বিষয়	সংখ্যামূলক তথ্য
মানুষের রেচনতন্ত্র	<ul style="list-style-type: none"> • রেচনতন্ত্রের মাধ্যমে শতকরা ৮০ ভাগ রেচন পদার্থ নিষ্কাশিত হয়। • ইউরেথ্রার দৈর্ঘ্য পুরুষে ১৮-২০ সেন্টিমিটার ও স্ত্রীদের ক্ষেত্রে এটি ৩.৫-৪ সেন্টিমিটার। • ইউরেটারের দৈর্ঘ্য ২৫ সেন্টিমিটার।
বৃক্ক	<ul style="list-style-type: none"> • একটি পরিণত বৃক্কের দৈর্ঘ্য ১০ - ১২ সেন্টিমিটার, প্রস্থ ৫ - ৬ সেন্টিমিটার এবং স্থূলত্ব ৩ সেন্টিমিটার। • বৃক্কের ওজন পুরুষে ১৫০ - ১৭০ গ্রাম এবং স্ত্রীলোকে ১৩০ - ১৫০ গ্রাম।
নেফ্রন	<ul style="list-style-type: none"> • প্রতিটি বৃক্কে অসংখ্য (প্রায় ১০-১২ লক্ষ) নেফ্রন থাকে। • প্রতিটি নেফ্রন প্রায় ৩ সে.মি. লম্বা। এ হিসেবে প্রত্যেক বৃক্কে নেফ্রনের নালিকাগুলো সম্মিলিতভাবে ৩৬ কি.মি. (প্রায় ২২.৫ মাইল) এরও বেশি লম্বা হবে। • বৃক্কে সুপারফিসিয়াল কর্টিকোল নেফ্রন ৮৫%, মিড কর্টিকোল নেফ্রন ৫%, জার্সটা-মেডুলারি নেফ্রন ১০%। • গ্লোমেরুলাসে ৫০ - ৬০টি কৈশিক জালিকা থাকে।
রেচনের শারীরবৃত্ত	<ul style="list-style-type: none"> • প্রক্সিমাল প্যাঁচানো নালিকার কোষেই অধিকাংশ পুনঃশোষণ সংঘটিত হয়। এখানে গ্লোমেরুলার ফিলট্রেট থেকে সমস্ত গ্লুকোজ, ৬৫% পানি, ৫০% ইউরিয়া প্রভৃতি শোষিত হয়। • সমগ্র পুনঃশোষণের মধ্যে ৮০% পুনঃশোষিত হয় প্রক্সিমাল প্যাঁচানো নালিকায়। বাকি ২০% হেনলি, ডিস্টাল প্যাঁচানো নালিকা ও সংগ্রাহী নালিতে শোষিত হয়।
রেচন ও অসমোরেগুলেশনে বৃক্কের ভূমিকা	<ul style="list-style-type: none"> • প্রতিদিন প্রায় ১৭০ লিটার পানি বৃক্ক দ্বারা পরিশুদ্ধ হয়। কিন্তু ১৬৮.৫ লিটার পানিই বৃক্কীয় নালিকা দ্বারা পুনঃশোষিত হয়ে রক্তে ফিরে আসে।
মূত্র	<ul style="list-style-type: none"> • একজন স্বাভাবিক সুস্থ মানুষ প্রতিদিন প্রায় ১৫০০ মিলিলিটার মূত্র দেহ থেকে অপসারণ করে। • বৃক্কে দৈনিক ০.৫ থেকে ২.৫ লিটার মূত্র উৎপন্ন হয়। • মানবদেহের দুটি বৃক্কের মাধ্যমে প্রতি মিনিটে প্রায় ১২০০ সিসি রক্ত প্রবাহিত হয়। এর মধ্যে প্রায় ১২৫ সিসি/ ঘন সে.মি. গ্লোমেরুলারস ফিলট্রেট পরিশুদ্ধ হয়ে বোম্যানস ক্যাপসুলে জমা হয়।/প্রায় ৯৯% পানিই আবার রক্তে ফিরে যায়, সাধারণত প্রতি মিনিটে কেবল ১ ঘন সেমি. মূত্র সৃষ্টি হয়।
বৃক্ক বিকল	<ul style="list-style-type: none"> • দিনে ৩ - ৪ বার পেরিটোনিয়াল ডায়ালাইসিস করা যায়।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❖ একত্রে সব উল্লেখযোগ্য বিজ্ঞানীঃ

বিজ্ঞানী	আবিষ্কার ও নামকরণ
কুশনী	• ৩টি ধাপে মানুষে মূত্র সৃষ্টি হয়।
ফ্রেডরিখ হেনলির	• হেনলির লুপ নামকরণ।
ক্রুড বার্নার্ড	• সর্বপ্রথম প্রাণিদেহের অন্তঃস্থ পরিবেশের ভারসাম্য রক্ষার কৌশলের উল্লেখ করেন।
বোম্যান	• প্রথম বৃক্কের অণুবীক্ষণিক গঠনের সঠিক বর্ণনা দেন।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❖ একত্রে সব বিশেষ নামঃ

নাম	বিশেষ নাম/অপর নাম
ইউরোটোর	গবিনী বা রেচননালি
ইউরেন্স	মূত্রনালি
মালপিজিয়ান বডি	ক্রেনাল করপাসল বা মালপিজিয়ান করপাসল
ক্রেনাল টিউবুলস	বৃক্কীয় নালিকা

নাম	বিশেষ নাম/অপর নাম
ইউরিয়া চক্র	অরনিথিন চক্র
ডাইইউরেটিকস	মূত্রবর্ধক
এন্টি-ডাইইউরেটিক হরমোন	ভাসোপ্রেসিন
পেরিটোনিয়াল ডায়ালাইসিস	Continuous Ambulatory Peritoneal Dialysis (CAPD)

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❖ একত্রে বৃক্কের বিভিন্ন অংশের অবস্থানঃ

নাম	অবস্থান
ক্রেনাল ক্যাপসুল	কর্টেক্স
গ্রোমেরুলাস	কর্টেক্স
প্রক্সিমাল পেঁচানো নালিকা	কর্টেক্স

নাম	অবস্থান
হেনলির লুপ	মেডুলা
ডিস্টাল পেঁচানো নালিকা	কর্টেক্স
সংগ্রাহী নালি	কর্টেক্স, মেডুলা

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❖ একত্রে বৃক্কের বিভিন্ন অংশের গঠনঃ

বৃক্কের অংশ	গঠন
১। ক্রেনাল ক্যাপসুল: (i) ভিসেরাল স্তর (ii) প্যারাইটাল স্তর	(i) পোডোসাইট (ii) আইশাকার এপিথেলিয়াম
২। প্রক্সিমাল পেঁচানো নালিকা	একস্তরীয় এপিথেলিয়াম কোষ
৩। ডিস্টাল পেঁচানো নালিকা	একস্তরীয় এপিথেলিয়াম কোষ
৪। সংগ্রাহী নালি	একস্তরী কোষ

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

অধ্যায়-০৭ : মানব শরীরতত্ত্ব : চলন ও অঙ্গচালনা

❖ মেডিকেল ও ডেন্টাল ভর্তি পরীক্ষার জন্য এই অধ্যায়ের গুরুত্বপূর্ণ টপিকসমূহঃ

কোর্স	টপিক	ভর্তি পরীক্ষায় যে বছর প্রশ্ন এসেছে
০০	কঙ্কালতন্ত্র	MAT: 07-08; DAT: 18-19
০০০	অক্ষীয় কঙ্কাল	MAT: 18-19, 17-18, 15-16, 13-14, 08-09, 04-05, 03-04, 02-03; DAT: 16-17, 07-08, 00-01
০০	মেরুদণ্ড বা শিরদাঁড়া বা স্পাইন	MAT: 09-10; DAT: 06-07
০০০	উপাস্থীয় কঙ্কাল	MAT: 16-17, 14-15, 12-13, 11-12, 00-01; DAT: 09-10, 02-03
০০০	অস্থি ও তরুণাঙ্ঘ্রি	MAT: 13-14, 11-12, 08-09, 07-08, 06-07, 05-06, 04-05; DAT: 18-19, 08-09, 03-04, 04-05
০০০	পেশি টিস্যু	MAT: 18-19, 14-15, 10-11, 09-10, 08-09, 03-04, 02-03; DAT: 17-18, 09-10, 08-09, 06-07, 04-05
০০	অস্থিভঙ্গ ও স্থানচ্যুতি	MAT: 17-18; DAT: 16-17

০০ কঙ্কালতন্ত্র

উৎপত্তি	• ভ্রূণীয় মেসোডার্ম।
ঘটকরা পরিমাণ	• পুরুষ ও নারীদেহের মোট ওজনের যথাক্রমে 15% ও 10% গঠন করে।
অস্থিবিজ্ঞান	• মানবদেহের অস্থি নিয়ে অধ্যয়নের বিজ্ঞানকে মানব অস্থিবিজ্ঞান বা Human Osteology বলে।


[Ref: আবদুল আলীম স্যার]

❖ কঙ্কালতন্ত্রের প্রকারভেদঃ

মানবদেহে কঙ্কালতন্ত্র ২ ভাগে বিভক্ত। যথা-

বহিঃকঙ্কালতন্ত্র	<ul style="list-style-type: none"> • নখ, দাঁত, লোম প্রভৃতি। • ত্বকের এপিডার্মিস থেকে উদ্ভূত হয়। এজন্য এসব অঙ্গকে ত্বকোদ্ভূত অঙ্গাদি বলে।
অন্তঃকঙ্কালতন্ত্র	<ul style="list-style-type: none"> • অস্থি, তরুণাঙ্ঘ্রি, কোমলাস্থি ও লিগামেন্ট নিয়ে গঠিত। • মানবশিশুতে জন্মের সময় ৩০০টি অস্থি থাকে। • পরিণত মানবদেহে ২০৬ টি অস্থি থাকে। • দুটি প্রধানভাগে বিভক্ত। যথা- অক্ষীয় কঙ্কালতন্ত্র ও উপাস্থীয় কঙ্কালতন্ত্র।

❖ এক নজরে মানব কঙ্কালতন্ত্রঃ



[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার + আবুল হাসান স্যার]

❖ কঙ্কালতন্ত্রের উপাদানঃ

- কঙ্কালতন্ত্র পাঁচ ধরনের তত্ত্বময় ও খনিজসমৃদ্ধ উপাদান নিয়ে গঠিত। যথা-

(i) অস্থি (Bone)	সুদৃঢ় যোজক কলা যা প্রধানত ক্যালসিয়াম লবণ দিয়ে গঠিত।
(ii) কোমলাস্থি (Cartilage)	স্থিতিস্থাপক যোজক কলা যাতে ক্যালসিয়াম থাকে না।
(iii) লিগামেন্ট (Ligament)	অস্থির সাথে অস্থিকে যুক্ত করে অথবা বিভিন্ন অঙ্গকে সঠিক স্থানে ধরে রাখতে সহায়তা করে।
(iv) টেনডন (Tendon)	অস্থির সাথে পেশিকে যুক্ত করে।
(v) অস্থিসন্ধি (Joint)	একটি অস্থির সাথে অপর একটি অস্থির সংযোগস্থল।

[Ref: আবদুল আলীম সাদেক]

❖ কঙ্কালতন্ত্রের কাজঃ

(১) দৈহিক কাঠামো গঠন	• নির্দিষ্ট আকার ও আকৃতি প্রদান।
(২) সুরক্ষা	• মস্তিষ্ক, ফুসফুস, হৃৎপিণ্ড, সুষুম্নাকাণ্ড প্রভৃতি গুরুত্বপূর্ণ অঙ্গ।
(৩) সংযোগতল সৃষ্টি	• পেশি, লিগামেন্ট ও টেনডন সংযুক্তি।
(৪) চলন	• প্রধান ভূমিকা পালন করে।
(৫) রক্তকণিকা উৎপাদন	• অস্থিমজ্জা থেকে প্রতি সেকেন্ডে গড়ে প্রায় ২৬ লক্ষ লোহিত কণিকা সৃষ্টি হয়।
(৬) খনিজলবণ সঞ্চয়	• ক্যালসিয়াম, ফসফরাস ও পটাশিয়াম সঞ্চয় করে। • দেহের প্রায় ৯৭% ক্যালসিয়াম অস্থিতে জমা থাকে।
(৭) রাসায়নিক শক্তি সঞ্চয়	• পীত অস্থিমজ্জার অ্যাডিপোজ কোষ দেহের সঞ্চিত রাসায়নিক শক্তির আঁধার হিসেবে বিবেচ্য।
(৮) চাপ ও আয়নিক সমতা রক্ষা	-
(৯) রোগ প্রতিরোধ	• অস্থির রেটিকুলা এন্ডোথেলিয়াল তন্ত্র দেহের রোগ প্রতিরোধ ক্ষমতায় অংশ নেয়।
(১০) শ্রবণ	• অন্তঃকর্ণের মেলিয়াস, ইনকাস ও স্টেপিস শ্রবণে অংশগ্রহণ করে।
(১১) বিষাক্ত মৌল সঞ্চয়	• লেড (Pb), আর্সেনিক (As) সঞ্চয় করে দেহকে বিপদমুক্ত রাখে।
(১২) হরমোনাল নিয়ন্ত্রণ	• অস্থির কোষ থেকে অস্টিওক্যালসিন নামক হরমোন ক্ষরিত হয় যা দেহে রক্তের চিনি ও চর্বি পরিমাণ নিয়ন্ত্রণ করে।

[Ref: আবদুল আলীম সাদেক]

❓/✓ বিগত বছরের প্রশ্নসমূহ (কঙ্কালতন্ত্র)

০১। নিচের কোনটি মানুষের অক্ষীয় কঙ্কালতন্ত্রের অংশ? (DAT : 18-19)

- (a) শ্রোণী অস্থিচক্র (b) বক্ষ অস্থিচক্র
(c) করোটি (d) ফিমার

০২। নিম্নলিখিত কয়টি অস্থি নিয়ে মানব করোটি গঠিত? (MAT : 07-08)

- (a) 31 (b) 21
(c) 27 (d) 29

উত্তরঃ

০১। c

০২। d

০০০ অক্ষীয় কঙ্কাল

এক নজরে অক্ষীয় কঙ্কালতন্ত্রঃ



[Ref: গাজী আজমল স্যার]

করোটিকাঃ

বিশেষ তথ্য	<ul style="list-style-type: none"> করোটিকের যে অংশ মস্তিষ্ককে আবৃত করে রাখে তাকে করোটিকা বা Cranium বলে। অস্থিগুলো একে অন্যের সাথে সূচার সন্ধির (suture joint) মাধ্যমে দৃঢ়সংলগ্ন থাকে। 	
অস্থিসমূহ [চিত্র-১৩(ক-ঘ), পৃষ্ঠা-vii দেখো]	নাম	বর্ণনা
	ফ্রন্টাল	কপাল নির্মানকারী বড় ঝিনুকের মতো।
	টেমপোরাল	৪টি অংশ থাকে।
	প্যারাইটাল	চারকোণা প্লেটের মতো।
	অক্সিপিটাল	খোলসের মতো। ফেরামেন ম্যাগনাম নামক ছিদ্র থাকে যার মধ্যে দিয়ে সুষুম্নাকান্ড বহির্গত হয়।
	স্ফেনয়েড	ডানার মতো। পিটুইটারি গ্রন্থি অবস্থান করে।
	এথময়েড	ছিদ্রাল আড়াআড়ি প্লেটের মতো। নাসিকা গহ্বরকে মস্তিষ্ক হতে পৃথক রাখে।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

মুখমণ্ডলীয় অস্থিঃ [চিত্র-১৩(ঙ,চ), পৃষ্ঠা-vii দেখো]


নাম	বর্ণনা
১. ম্যাক্সিলা	উর্ধ্ব চোয়াল গঠন করে।
২. ম্যান্ডিবল	U আকৃতির। নিম্নচোয়াল গঠন করে। করোটিকাতে একমাত্র নড়নক্ষম অস্থি।
৩. জাইগোম্যাটিক	চারকোণা আকৃতির।

৪. ন্যাসাল	আয়তাকার।
৫. ল্যাক্রিমাল	খাদ ও ঝুঁকি সহনিত।
৬. ইনফিরিয়র ন্যাসাল কঙ্কা	-
৭. ভোমার	চারকোণা আকৃতির।
৮. প্যালাটাইন	অনুলম্ব প্রেটে গঠিত।

[Tips: হাইওয়েড অস্থি 'U' আকৃতির এবং গলার হাড় ও স্বরযন্ত্রের উপরে লিগামেন্টের সাহায্যে খুলে আছে।]

[Ref: গাজী আজমল স্যার]

- একনজরে 'U' আকৃতির অঙ্গ আছে যতঃ




Unmesh Special মনে রাখা এত সহজ !!!

- করোটিকার অস্থিসমূহঃ স্ফেনের ফল্টি এলো পেটে অক্সিজেন নিয়ে।



- মুখমণ্ডলীয় অস্থিসমূহঃ ভেড়া পালিয়ে যায় না, ম্যা ম্যা করে।



- বন্ধ পিঞ্জরঃ [চিত্র-১৪, পৃষ্ঠা-viii দেখো]

(i) উরঃফলক বা বন্ধফলক বা স্টার্নাম	<ul style="list-style-type: none"> ত্রিকোণাকার ম্যানুব্রিয়াম, দেহ, জিফয়েড প্রসেস এই তিন অংশে বিভক্ত। উর্ধ্ব কিনারায় জুগুলার নচ এবং পার্শ্ব কিনারায় ক্ল্যাভিকলের এবং ৭ জোড়া পশুকার খাঁজ থাকে।
(ii) পর্ষকা	<ul style="list-style-type: none"> আদর্শ পর্ষকা পশ্চাৎপ্রান্তে ফ্যাসেটবাহী মস্তক (ক্যাপিচুলাম), ফ্রেস্টবাহী গ্রীবা, টিউবার্কল এবং বাঁকানো দেহ নিয়ে গঠিত। উপরে ও নিচে দুই কোস্টাল তরুণাঙ্ঘ্রি মধ্যবর্তী ফাঁকা স্থানকে ইন্টারকোস্টাল স্পেস বলে।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আশীম স্যার]

এক নজরে পর্ভকাঃ



[Ref: গাজী আজমল স্যার]

বিগত বছরের প্রশ্নসমূহ (অক্ষীয় কঙ্কাল)

- ০১। কোনটি মানুষের মুখমন্ডলীয় অস্থি নয়? (MAT : 18-19)
 (a) ন্যাসাল অস্থি (b) ম্যাক্সিলা অস্থি
 (c) এথময়েড অস্থি (d) ম্যান্ডিবল অস্থি
- ০২। মানুষের কপাল কোন অস্থি দিয়ে তৈরি হয়? (DAT : 16-17)
 (a) অক্সিপিটাল (b) ফ্রন্টাল
 (c) প্যারাইটাল (d) টেমপোরাল
- ০৩। স্ফেনয়েড অস্থি কঙ্কালের কোন অংশে থাকে? (MAT- 13-14)
 (a) করোটিকা (b) মুখমণ্ডল
 (c) পেকটোরাল গার্ডল (d) মেরুদণ্ড
- ০৪। নিম্নের উল্লেখিত কয়টি অস্থি নিয়ে মুখমণ্ডল গঠিত? (MAT : 08-09, DAT : 07-08)
 (a) 12 (b) 13
 (c) 14 (d) 15
- ০৫। কোনটি মানুষের মুখমণ্ডলীয় অস্থি? (MAT : 04-05)
 (a) প্যারাইটাল (b) স্ফেনয়েড
 (c) ভোমার (d) এথময়েড
- ০৬। নিম্নের কোনটি মুখমণ্ডলীয় অস্থি নয়? (MAT : 03-04)
 (a) ভোমার (b) ল্যাক্রিমাল
 (c) নাসিকা অস্থি (d) এথময়েড
- ০৭। করোটিকার অস্থি নয় কোনটি? (MAT : 02-03)
 (a) ফ্রন্টাল অস্থি (b) প্যারাইটাল অস্থি
 (c) হাইওয়েড অস্থি (d) এথময়েড অস্থি
- ০৮। উপরের চোয়াল যে ধরনের অস্থি- (DAT : 00-01)
 (a) খাটো বা ক্ষুদ্র অস্থি (b) অনিয়ত অস্থি
 (c) চাপা অস্থি (d) বায়ুপূর্ণ অস্থি

উত্তরঃ	০১। c	০২। b	০৩। a	০৪। c
	০৫। c	০৬। d	০৭। c	০৮। d

০০ মেরুদণ্ড বা শিরদাঁড়া বা স্পাইন

❖ মেরুদণ্ড বা শিরদাঁড়া:

বিস্তৃতি	• অ্যাটলাস থেকে কক্সিক্স পর্যন্ত।
দৈর্ঘ্য	• পুরুষের মেরুদণ্ড গড়ে ৭০ সে.মি. ও স্ত্রী লোকের মেরুদণ্ড গড়ে ৬০ সে.মি দৈর্ঘ্য বিশিষ্ট হয়।
গঠন	• মেরুদণ্ড ৩৩টি অনিয়ত আকৃতির অস্থি খণ্ড নিয়ে গঠিত, এদের প্রত্যেকটিকে কশেরুকা (Vertebra) বলা হয়। • পরিণত মানুষের পাঁচটি শ্রোণীদেশীয় বা স্যাক্রাল কশেরুকা একত্রে মিলিত হয়ে একটি স্যাক্রাম (Sacrum) এবং পুচ্ছদেশীয় চারটি মানুষের একত্রে মিলিত হয়ে একটি কক্সিক্স (coccyx) গঠিত করে।
কাজ	• দেহকান্ডের সুষ্টু সম্মালনে মজবুত, নমনীয় অবলম্বন হিসেবে কাজ করে। • সুস্থল্লাকান্ড ও সুস্থল্লাস্নায়ুমূলকে বেঁধে ও রক্ষা করে। • মাথাকে অবলম্বন দেয় এবং পিভট এর মতো কাজ করে। • পর্ষক সংযোগের ক্ষেত্রে সৃষ্টি করে দেহের অক্ষরূপে কাজ করে। • দেহের ভঙ্গি দানে ও চলাফেরায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❖ আদর্শ কশেরুকার গঠন: [চিত্র-১৮(গ), পৃষ্ঠা-ix দেখো]

সেন্ট্রাম বা ভাটিব্রাল বডি বা দেহ	• কশেরুকার বৃহত্তম অংশ যা কোমলাস্থি নির্মিত সিমফাইসিস বা আন্তঃকশেরুকীয় চাকতির সাহায্যে অন্য কশেরুকার দেহের সঙ্গে আটকে থাকে।	<p>চিত্র: একটি আদর্শ কশেরুকা।</p>
আর্চ	• আর্চ ৫টি অংশে বিভক্ত। যথা- ক. পেডিকেল খ. ট্রান্সভার্স প্রসেস গ. ল্যামিনা ঘ. আর্টিকুলার প্রসেস বা জাইগোপোফাইসিস ও ঙ. স্পাইনাস প্রসেস।	
ছিদ্রপথ ও নালি	• ভাটিব্রাল ক্যানেল: কিঙ্কি (মেনিনজেস) সহ সুস্থল্লাকাও ও রক্তনালি সুরক্ষিত থাকে। • ইন্টারভাটিব্রাল ফোরামেন: সুস্থল্লাস্নায়ু ও রক্তবাহিকা অতিক্রম করে। [চিত্র-১৭, পৃষ্ঠা-ix দেখো]	

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❖ কশেরুকার প্রকারভেদ:

- অবস্থান অনুযায়ী কশেরুকাগুলোকে ৫ টি অঞ্চলে ভাগ করা হয়। যথা-

(ক) সারভাইকাল বা গ্রীবাদেশীয় কশেরুকা (৭টি)	• সেন্ট্রাম অপেক্ষাকৃত ছোট এবং ভাটিব্রাল ফোরামেন বড় ও ত্রিকোণাকার। • ২য় - ৬ষ্ঠ কশেরুকার স্পাইনাস প্রসেস প্রান্তের দিকে দ্বিখন্ডিত। • ট্রান্সভার্স প্রসেস খাটো ও ট্রান্সভার্স ফোরামেন নামক ছিদ্র বহন করে।
(খ) থোরাসিক বা বক্ষদেশীয় কশেরুকা (১২টি)	• সেন্ট্রাম মাঝারী ও হৃৎপিণ্ড আকৃতির। • ভাটিব্রাল ফোরামেন ছোট ও গোলাকার। • কোস্টাল ফ্যাসেট বিদ্যমান। • স্পাইনাস প্রসেস লম্বা ও সরু
(গ) লম্বার বা কটিদেশীয় কশেরুকা (৫টি)	• সেন্ট্রাম বড় ও বৃক্ক আকৃতির। • ভাটিব্রাল ফোরামেন বড় ও ত্রিকোণাকার। • ট্রান্সভার্স প্রসেসের পশ্চাৎ তলে ম্যামিলারি ও অ্যাক্সেসরি প্রসেস বিদ্যমান।

(খ) স্যাক্রাল বা শ্রোণীদেশীয় (৫টি একীভূত)	<ul style="list-style-type: none"> • ৪ জোড়া (সমুখ ও পশ্চাৎ) স্যাক্রাল ছিদ্র বহন করে। • প্রমোটরি নামে অগ্রমুখী প্রবর্ধন আছে। • একীভূত স্পাইনাস প্রসেস মধ্যরেখীয় ক্রেস্ট গঠন করে।
(ঙ) কক্সিজিয়াল বা পৃষ্ঠদেশীয় কশেরুকা (৪টি একীভূত)	<ul style="list-style-type: none"> • ক্ষুদ্র ও ত্রিকোণাকার অস্থি খণ্ড। • প্রথম কশেরুকা মূলদেহ গঠন করে। • শেষ কশেরুকা ক্ষুদ্র, গোলাকৃতির এপেক্স গঠন করে।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

মনে রাখা কত সোজা !!!

- থোরাসিক অঞ্চলে হৃৎপিণ্ড থাকে তাই থোরাসিক কশেরুকার সেন্ট্রাম বা দেহ হৃৎপিণ্ডাকার।
- লাম্বার অঞ্চলে বৃক্ক থাকে তাই লাম্বার কশেরুকার সেন্ট্রাম বা দেহ বৃক্কাকার।

দারূপ তো !!

❖ ব্যতিক্রমী সারভাইকাল কশেরুকাঃ

কশেরুকা	বিশেষ নাম	বর্ণনা
১ম সারভাইকাল কশেরুকা (চিত্র-১৮(খ), পৃষ্ঠা-ix দেখো)	অ্যাটলাস	<ul style="list-style-type: none"> • দেখতে আংটির মতো। • সেন্ট্রাম ও স্পাইনাস প্রসেস অনুপস্থিত। • ভার্টিব্রাল ফোরামেন বেশ বড়। • ট্রান্সভার্স প্রসেস বড় ও ফোরামেন যুক্ত। • একজোড়া সুপিরিয়র আর্টিকুলার ফ্যাসেট বিদ্যমান।
২য় সারভাইকাল কশেরুকা (চিত্র-১৮(ক), পৃষ্ঠা-ix দেখো)	অ্যান্ড্রিস	<ul style="list-style-type: none"> • সেন্ট্রামের সম্মুখপ্রান্তে লম্বা কনিক্যাল আকৃতির ওভোন্টোয়েড প্রসেস বিদ্যমান। • স্পাইনাস প্রসেস বড়, চওড়া ও শীর্ষ দ্বিখন্ডিত। • ট্রান্সভার্স প্রসেস খাটো ও ভোঁতা। • ভার্টিব্রাল ফোরামেন বড় ও ত্রিকোণাকার।
৭ম সারভাইকাল কশেরুকা	ভার্টিব্রা প্রমিনেন্স	<ul style="list-style-type: none"> • ট্রান্সভার্স ফেরোমেনের সম্মুখ অংশে সরু ও খাটো টিউবারকল থাকে। • ট্রান্সভার্স ফোরামেনের পশ্চাৎ অংশে বৃহৎ ও সুস্পষ্ট টিউবারকল থাকে। • ট্রান্সভার্স প্রসেস বৃহৎ ও খাটো, ট্রান্সভার্স ফেরোমেন ক্ষুদ্র।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

Unmesh Special

কশেরুকাগুলো মনে রাখি সহজেই...


❖ সারভাইকাল কশেরুকাঃ সাত।



❖ বক্ষদেশীয় কশেরুকাঃ বার।



❖ লাম্বার কশেরুকার বৈশিষ্ট্যঃ LAMB:



❖ অ্যাটলাসের বৈশিষ্ট্য: ATLAS

A
↓
আংটির মতো Transverse
Process Large

A
↓
আর্টিকুলার ফ্যাসেট

S
↓
সেন্ট্রাম ও স্পাইনাস
প্রসেস অনুপস্থিত

❓✓ বিগত বছরের প্রশ্নসমূহ (মেরুদণ্ড বা শিরদাঁড়া বা স্পাইন)

০১। মানুষের গ্রীবদেশীয় কোন কশেরুকাটির নাম অ্যাক্সিস? (MAT : 09-10)

- (a) ষষ্ঠ (b) সপ্তম
(c) প্রথম (d) দ্বিতীয়

০২। কোনটি মানবদেহের সারভাইকাল কশেরুকার সঠিক বৈশিষ্ট্য নয়? (DAT : 06-07)

- (a) ভার্টিব্রাল ফোরামেন ছোট ও গোলাকার
(b) অ্যাটলাসের ট্রান্সভার্স প্রসেস বড় আকৃতির এবং ট্রান্সভার্স ফোরামেন যুক্ত
(c) অ্যাক্সিসের পেডিকল চওড়া ও দৃঢ়
(d) ভার্টিব্রাল প্রোমিনেন্স এর ট্রান্সভার্স ফোরামেন বড়


উত্তরঃ

০১। d

০২। a

০০০ উপাস্কীয় কঙ্কাল

❖ এক নজরে উপাস্কীয় কঙ্কালঃ



[Ref: গাঙ্গী আনন্দ সার]

❖ বক্ষ অস্থিচক্রঃ [চিত্র-১৫, পৃষ্ঠা-viii দেখো]

(i) ক্ল্যাভিকল

- ইটালিক 'f' বা ইংরেজি 's' আকৃতির নিরেট অস্থি যা আনুভূমিকভাবে অবস্থান করে।
- একে collar bone বা মহিলাদের ক্ষেত্রে beauty bone বলে।
- এর দুটি প্রান্ত যথা-

(i) স্টার্নাল (স্টার্নামের ম্যানুব্রিয়ারের সাথে যুক্ত) ও (ii) অ্যাক্সিলারি (স্ক্যাপুলায় যুক্ত) প্রান্ত।

(ii) স্ক্যাপুলা	<ul style="list-style-type: none"> • চাপা ও ত্রিকোণা অস্থি। • একটি করে কোস্টাল তল, কোরাকয়েড প্রসেস, অ্যাক্রোমিয়াল প্রসেস এবং গ্লেনয়েড গহ্বর নামক সংযোগী অবতল আছে। • গ্লেনয়েড গহ্বরে হিউমেরাসের মস্তক লাগানো থাকে। • সাবস্ক্যাপুলার, সুপ্রাস্পাইনাস ও ইনফ্রাস্পাইনাস ফসা নামক তিনটি অবতল অংশ বা ফসা থাকে।
-----------------	--

[Ref: গাজী আজমল স্যার + আবুল হাসান স্যার]

❖ বাহুর অস্থিঃ [চিত্র-১৯, পৃষ্ঠা-x দেখো]

(i) উর্ধ্ববাহুর অস্থি বা হিউমেরাস	<ul style="list-style-type: none"> • উপরের প্রান্তে মস্তক, ছোট ও বড় টিউবার্কল, অ্যানটমিক গ্রীবা এবং সার্জিকাল গ্রীবা (দুর্ঘটনায় সচরাচর ফাটল ধরে) থাকে। • নিচের প্রান্তে এপিকন্ডাইল, কন্ডাইল (ক্যাপিচুলাম, ট্রকলিয়া) এবং সংযোগী তল হিসাবে করনয়েড ও ওলেফ্রেনন ফসা থাকে। • মূল দেহের মধ্যভাগে পেশি সংযুক্তির জন্য খসখসে ডেলটয়েড রিজ থাকে।
(ii) সমুখবাহুর অস্থি বা রেডিয়াস ও আলনা	<p>ক) আলনাঃ</p> <ul style="list-style-type: none"> • উর্ধ্ব প্রান্তে করনয়েড প্রসেস, ওলেফ্রেনন প্রসেস, ট্রকলিয়ার নচ ও টিউবারোসিটি অবস্থিত। • নিম্নপ্রান্ত মাথা ও স্টাইলয়েড প্রসেস এ বিভক্ত। <p>খ) রেডিয়াসঃ</p> <ul style="list-style-type: none"> • উর্ধ্বপ্রান্তে মাথা, গ্রীবা ও অর্বুদ এবং নিম্নপ্রান্তে স্টাইলয়েড প্রসেস থাকে।
(iii) হাতের অস্থি	<p>ক) কজির অস্থি বা কার্পাল অস্থিঃ</p> <ul style="list-style-type: none"> • গোড়ার দিকে সারিতে থাকে স্ক্যাফয়েড(নেভিকুলার), লুনেট, ট্রাইকুয়েট্রাল ও পিসিফর্ম অস্থি। • প্রান্তের দিকের সারিতে থাকে ট্র্যাপেজিয়াম, ট্র্যাপেজয়েড, ক্যাপিটেট ও হ্যামেট অস্থি। <p>খ) করতলের অস্থি বা মেটাকার্পাল</p> <p>গ) আঙ্গুলের অস্থি বা ফ্যালানজেস : বৃদ্ধাঙ্গুলে ২টি এবং বাকিগুলোতে ৩টি করে থাকে।</p>

[Ref: গাজী আজমল স্যার]

❖ শ্রোণী অস্থিচক্রঃ [চিত্র-১৬, পৃষ্ঠা-ix দেখো]

গঠন	• ইলিয়াম, ইশ্চিয়াম ও পিউবিস মিলিত ভাবে নিতম্বাস্থি বা ইনোমিনেট অস্থি (Hip bone) গঠন করে।
অ্যাসিটাবুলাম	• ইলিয়াম, ইশ্চিয়াম ও পিউবিস এর সংযোগস্থলে গর্তের মত জায়গা। • এতে ফিমারের মস্তক আটকানো থাকে।
কাজ	• বস্তিকোটর, মূত্রাশয়, অন্ত্রের নিম্নাংশ প্রভৃতি অঙ্গকে অবলম্বন দান করা, ভার বহন করা এবং সুরক্ষা করা।

[Ref: গাজী আজমল স্যার]

❖ পা এর অস্থিঃ [চিত্র-২০, পৃষ্ঠা-xi দেখো]

(i) উর্ধ্ব পায়ের অস্থি বা ফিমার	<ul style="list-style-type: none"> • মানবদেহের সবচেয়ে দীর্ঘ অস্থি। • উর্ধ্ব প্রান্তে মস্তক, ছোট ও বড় ট্রোক্যান্টার এবং নিম্নপ্রান্তে দুটি কন্ডাইল রয়েছে। • ফিমারের প্রান্তে প্যাটেলা নামক একটি ত্রিকোণাকার অস্থি থাকে। • প্যাটেলা একটি সিসাময়েড অস্থি। এর উৎপত্তি পেশির টেন্ডন থেকে।
(ii) নিম্ন পায়ের অস্থি (টিবিয়া ও ফিবুলা)	<ul style="list-style-type: none"> • টিবিয়ার দেহ ত্রিধার বিশিষ্ট। অগ্রপ্রান্তে কন্ডাইল ও টিউবারোসিটি রয়েছে। • ফিবুলা দেখতে দীর্ঘ যষ্টির (লাঠির) মত। • উভয়ের নিম্নপ্রান্তে ম্যালিওলাস থাকে।
(iii) চরণের অস্থি	<p>ক) গোড়ালির অস্থি বা টার্সাল অস্থিঃ ১টি করে ক্যালকেনিয়াস, ট্যালাস, কিউবয়েড, নেভিকুলার ও ৩টি কুনিফর্ম।</p> <p>খ) পদতলের অস্থি বা মেটাটার্সাল</p> <p>গ) আঙ্গুলের অস্থি বা ফ্যালানজেসঃ বৃদ্ধাঙ্গুলে ২টি এবং অন্য আঙ্গুলে ৩টি করে।</p>

[Ref: গাজী আজমল স্যার]

Unmesh Special এত সহজ!!!

❖ কার্পাল অস্থিসমূহঃ She Looks Too Pretty Try To Catch Her.

She	Looks	Too	Pretty	Try	To	Catch	Her
↓	↓	↓	↓	↓	↓	↓	↓
স্ক্যাফয়েড	লুনেট	ট্রাইকুয়েট্রাল	পিসিফর্ম	ট্র্যাপেজিয়াম	ট্র্যাপেজয়েড	ক্যাপিটেট	হ্যামেট

❖ টার্সাল অস্থিঃ কুনি ৩টি টার্সাল ট্যাক্যায় কিনেছে।

কুনি ৩টি	টার্সাল	ট্যাক্যায়	কিনেছে
↓	↓	↓	↓
কুনিফর্ম (৩টি)	টার্সাল	ট্যালাস	ক্যালকেনিয়াস
			কিউবয়েড
			নেভিকুলার

?/✓ বিগত বছরের প্রশ্নসমূহ (উপাস্থীয় কঙ্কাল)

০১। মানুষের কঙ্গিতে (Carpal region) হাড়ের সংখ্যা কত? (MAT : 16-17)

- (a) ৫ টি (b) ৮ টি
(c) ৭ টি (d) ১০ টি

০২। সিসাময়েড অস্থি কোনটি? (DAT : 16-17)

- (a) পর্শকা (b) প্যাটেলা
(c) কিউবয়েড (d) টিবিয়া

০৩। নিচের কোনটি বন্ধ অস্থি চক্রের হাড়? (MAT: 15-16)

- (a) ক্ল্যাভিকল (b) স্ফেনয়েড
(c) এথময়েড (d) পিউবিস

০৪। নিচের কোনটি ক্লাভিকলের বৈশিষ্ট্য? (MAT : 14-15)

- (a) এটি একটি খাঁটো অস্থি (b) এটি একটি বাঁকানো অস্থি
(c) এই অস্থির মজ্জা গহ্বর আছে (d) একপ্রান্ত হিউমেরাসের সাথে যুক্ত থাকে

০৫। কোনটি মানব দেহের টার্সাল অস্থির অন্তর্ভুক্ত নয়? (MAT : 12-13, 06-07)

- (a) ক্যালকেনিয়াস (b) ট্র্যাপেজিয়াম
(c) কুনিফর্ম (d) কিউবয়েড

০৬। নিম্নের কোনটি হাতের তালুর অস্থি নয়? (MAT : 11-12)

- (a) পিসিফর্ম (b) ট্র্যাপিজিয়াম
(c) হেমেট (d) ইথময়েড

০৭। নিম্নের কোন অস্থিতে মজ্জা গহ্বর নাই? (MAT : 09-10)

- (a) ইন্ডিয়াম (b) স্টার্নাম
(c) কারপাল (d) ক্ল্যাভিকল

০৮। ওলিফ্রেনন প্রসেস কোন অস্থির অংশ? (DAT:02-03)

- (a) ব্যাঙের ফিমার (b) গিনিপিগের হিউমেরাস
(c) গিনিপিগের রেডিও আলনা (d) মানুষের ফিবুলা

০৯। যেটি সত্য নয়- (MAT : 00-01)

- (a) এথময়েড অস্থি করোটিকার অংশবিশেষ
(b) ফিমার এর মস্তকটি নিতহাস্থির অ্যাসিটাবুলাম নামক গহ্বরের মাঝে অবস্থান করে
(c) অলিফ্রেনন প্রসেস এর মাধ্যমে দ্বিতীয় গ্রীবদেশীয় কশেরুকা অ্যাটলাসের সম্মুখ আর্চের সাথে যুক্ত থাকে
(d) মানুষের একাদশ ও দ্বাদশ জোড়া পর্শকাগুলি পিছনের দিকে মেরুদণ্ডের সাথে যুক্ত থাকলেও সামনের দিকে অর্থাৎ স্টার্নামের সাথে যুক্ত থাকে না

উত্তরঃ	০১। b	০২। b	০৩। a	০৪। b	০৫। b
	০৬। d	০৭। d	০৮। c	০৯। c	

০০০ অস্থি ও তরুণাস্থি

❖ অস্থিঃ

বৈশিষ্ট্য	• দেহের সর্বাপেক্ষা সুদৃঢ় কলা।
প্রকারভেদ	• অস্থি দুই প্রকার। যথা- ক) স্পঞ্জি বা ট্র্যাবেকুলার অস্থিঃ চাপা অস্থি ও মাথার খুলি। খ) নিরেট বা কর্টিক্যাল অস্থিঃ ফিমার ও হিউমেরাস।
বিশেষ তথ্য	• শার্পে তন্তু (Sharpey's fibers) দ্বারা পেরিঅস্টিয়াম অস্থির সাথে লেগে থাকে। • অস্থির কেন্দ্রস্থলের গহুরকে মজ্জাগহুর বলে। এটি লাল বা হলুদ মজ্জায় পূর্ণ থাকে। এটি এন্ডোস্টিয়াম আবরণে আবৃত থাকে। • শিশুদের প্রায় সকল অস্থিই স্পঞ্জি প্রকৃতির।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❖ নিরেট অস্থির গঠনঃ [চিত্র-২১, পৃষ্ঠা-xi দেখো]

হ্যাভারসিয়ান তন্ত্র বা অস্টিওন	• অস্থির গাঠনিক ও কার্যকরী একক। • প্রতিটি হ্যাভারসিয়ান নালী ও একে বেষ্টিনকারী ল্যামেলির সমন্বয়ে গঠিত।
ল্যামেলি	• ম্যাট্রিক্স একটি সুস্পষ্ট নালির চারদিকে চক্রাকারে ৫-১৫ টি স্তরে বিন্যস্ত। স্তরগুলোকে ল্যামেলি বলে।
হ্যাভারসিয়ান নালি	• কেন্দ্রীয় নালিকে হ্যাভারসিয়ান নালি বলা হয়। • এ নালির মধ্য দিয়ে শিরা, ধমনি, লসিকানালি ও স্নায়ুতন্ত্র প্রসারিত হয়।
ল্যাকুনা	• কতগুলো ক্ষুদ্র গহুর। অস্থিকোষ ল্যাকুনার ভেতরে অবস্থান করে।
ক্যানালিকুলি	• প্রতিটি ল্যাকুনার চারদিক থেকে সুক্ষ্ম কতকগুলো নালিকা বের হয়। এদেরকে ক্যানালিকুলি বলে। • এর মাধ্যমে হ্যাভারসিয়ান তন্ত্রের বিভিন্ন ল্যাকুনা পরস্পরের সাথে যোগাযোগ রক্ষা করে।
ভকম্যানস নালি	• হ্যাভারসিয়ান নালিগুলো এসব আড়আড়ি নালি দিয়ে পরস্পরের সাথে যুক্ত থাকে।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

প্যাঁচ লেগে যায় !!!!!!!!!!!!!

- হ্যাভারসিয়ান নালি → হ্যাভারসিয়ান তন্ত্রের কেন্দ্রীয় নালি।
- ক্যানালিকুলি → ল্যাকুনার মধ্যকার সংযোগকারী নালি।
- ভকম্যানস নালি → একাধিক হ্যাভারসিয়ান তন্ত্রের সংযোগকারী নালি।

❖ নিরেট অস্থি ও স্পঞ্জি অস্থির পার্থক্যঃ

বৈশিষ্ট্য	নিরেট অস্থি	স্পঞ্জি অস্থি
অন্য নাম	কর্টিকেল অস্থি।	ট্র্যাবেকুলার অস্থি।
গাঠনিক একক	হ্যাভারসিয়ান তন্ত্র।	ট্র্যাবেকুলা।
গঠন	নিরেট।	কুঠুরিযুক্ত স্পঞ্জের মতো।
অস্থিমজ্জার অবস্থান	কেন্দ্রীয় মজ্জা গহুরে।	ট্র্যাবেকুলাসমূহের মধ্যবর্তী স্থানে।
ক্যালসিয়ামের পরিমাণ	বেশি।	অপেক্ষাকৃত কম।
শতকরা পরিমাণ	কঙ্কালতন্ত্রের মোট ওজনের ৮০%।	মোট ওজনের প্রায় ২০%। শিশুদের প্রায় সব অস্থিই।
উদাহরণ	ফিমার ও হিউমেরাস।	চাপা অস্থি ও মাথার খুলিতে পাওয়া যায়।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❖ তরুণাঙ্ঘ্রিক কাজঃ

চাপ ও টান সহ্য	• ম্যাট্রিক্সের বৈশিষ্ট্যের জন্য অন্যান্য কলা অপেক্ষা বেশি চাপ ও টান সহ্য করতে পারে।
আকৃতি প্রদান	• বিভিন্ন অঙ্গে আকৃতি প্রদান করে।
ঘর্ষণ থেকে রক্ষা	• অস্থিসন্ধিতে অবস্থান করে অস্থির প্রান্তভাগকে ঘর্ষণের হাত থেকে রক্ষা করে।
কঙ্কাল গঠন	• মেরুদণ্ডী প্রাণিদের জর্ণীয় কঙ্কাল ও কন্ড্রিকথিস জাতীয় মাছের অন্তঃকঙ্কাল গঠন করে।

[Ref: গাজী আজমল স্যার]

❖ তরুণাঙ্ঘ্রিক প্রকারভেদঃ

তরুণাঙ্ঘ্রিক নাম	অবস্থান
(১) স্বচ্ছ বা হায়ালিন তরুণাঙ্ঘ্রি	• স্তন্যপায়ীর নাক, শ্বাসনালী, স্বরযন্ত্র, ব্যাঙ ও হাঙ্গরের জর্ণ, পর্শকার প্রান্তভাগ, অস্থিসন্ধিহীন এবং সকল মেরুদণ্ডী প্রাণির জর্ণীয় কঙ্কাল।
(২) স্থিতিস্থাপক বা পীত-তন্তুময় তরুণাঙ্ঘ্রি	• বহিঃকর্ণ বা পিনা বা কর্ণছত্র, ইউস্টেশিয়ান নালী, আলজিহ্বা বা ইপিগ্লটিস প্রভৃতি।
(৩) শ্বেত-তন্তুময় তরুণাঙ্ঘ্রি	• দুটি কশেরুকার মধ্যবর্তী অঞ্চলে, পিউবিক সিমফাইসিস, অস্থি ও টেন্ডনের সংযোগস্থলে, আন্তঃকশেরুকা চাকতি প্রভৃতি।
(৪) চুনময় বা ক্যালসিফাইড তরুণাঙ্ঘ্রি	• হিউমেরাস ও ফিমারের মস্তক।


[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

Unmesh Special ইহা তরুণাঙ্ঘ্রি, মনে রেখে করো মাস্তি...


❖ হায়ালিন তরুণাঙ্ঘ্রিঃ হায় ! ব্যাঙ ও হাঙ্গরের কঙ্কালের অস্থিও শ্বাস প্রশ্বাস নেয় !



❖ স্থিতিস্থাপক(Elastic) তরুণাঙ্ঘ্রিঃ EEE.



❖ শ্বেত তন্তুময় তরুণাঙ্ঘ্রিঃ শীতের কপি আর সিম খেতে অস্থির।



তরুণাঙ্ঘি ও অঙ্ঘির মধ্যে পার্থক্যঃ

পার্থক্যের বিষয়	তরুণাঙ্ঘি (কোমলাঙ্ঘি)	অঙ্ঘি
গঠন	অর্ধকঠিন, নমনীয় ও স্থিতিস্থাপক এবং বিভিন্ন তন্তু ও কোষ নিয়ে গঠিত।	কঠিন, অনমনীয়, অস্থিতিস্থাপক ম্যাট্রিক্স এবং বিভিন্ন ধরনের অঙ্ঘিকোষ নিয়ে গঠিত।
প্রকৃতি	স্থিতিস্থাপক।	অস্থিতিস্থাপক।
আবরণী	পেরিকন্ড্রিয়াম।	পেরিঅস্টিয়াম।
ম্যাট্রিক্স	কনড্রোমিউকয়েড ও কনড্রোঅ্যালবুনেড প্রোটিনে গঠিত কনড্রিন নামক পদার্থে গঠিত।	৪০% জৈব (কোলাজেন ও অসিমিউকয়েড) ও ৬০% অজৈব পদার্থ (ক্যালসিয়াম ফসফেট, ক্যালসিয়াম কার্বোনেট) দ্বারা গঠিত।
কোষ	কন্ড্রোসাইট।	৩ প্রকার: অস্টিওব্লাস্ট, অস্টিওক্লাস্ট ও অস্টিওসাইট।
অঙ্ঘিমজ্জা	অনুপস্থিত।	অধিকাংশক্ষেত্রে উপস্থিত।
হ্যাভারসিয়ান তন্ত্র	অনুপস্থিত।	উপস্থিত।
রক্ত কণিকা	উৎপাদন করে না।	উৎপাদন করে।
অবস্থান	অঙ্ঘিপ্রান্ত, আন্তঃকশেরুকা চাকতি, নাক, কান প্রভৃতি স্থানে।	দেহের অন্তঃকঙ্কালরূপে।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

Gamesh Special

জানতে পারো...

সাইনোভিয়াল অঙ্ঘিসন্ধির প্রকারভেদ : 'হে প্রিয়া, কেন এলে সন্ধ্যা বেলার পরে?'

হে	প্রিয়া	কেন	এলে	সন্ধ্যা	বেলার	পরে
↓	↓	↓	↓	↓	↓	↓
হিঞ্জ	Plane	কন্ডাইলয়েড	ইলিপসয়েড	স্যাডেল	বল ও কোটর	পিভট

বিগত বছরের প্রশ্নসমূহ (অঙ্ঘি ও তরুণাঙ্ঘি)

- নিচের কোন অঙ্গে স্থিতিস্থাপক তরুণাঙ্ঘি পাওয়া যায় না? (DAT : 18-19)
 - বহিঃকর্ণ
 - অন্তঃকর্ণ
 - ইউস্টেশিয়ান নালি
 - উপজিহ্বা
- ক্যালসিফাইড তরুণাঙ্ঘি পাওয়া যায় কোন অঙ্গে? (MAT : 13-14)
 - হেড অফ হিউমেরাসে
 - আলজিহ্বা
 - স্তন্যপায়ীর নাক
 - শ্বাসনালি
- নিম্নের কোনটিতে তরুণাঙ্ঘি নাই? (MAT : 11-12)
 - বহিঃকর্ণের পিনা
 - নাকের অন্তঃস্থিত বিভক্তি দেয়াল
 - স্বরথলি
 - মূত্রথলি
- মেরুদণ্ডের এটলাস ও এক্সিসের মধ্যবর্তী অঙ্ঘিসন্ধি নিম্নের কোনটি? (MAT : 08-09)
 - কমফেসিস
 - কঙ্জা
 - কীলক/পিভট
 - স্যাডেল
- নিম্নে উল্লেখিত কোন অঙ্গে স্থিতিস্থাপক তরুণাঙ্ঘি থাকে? (MAT : 08-09)
 - বহিঃকর্ণ
 - শ্বাসনালি
 - হিউমেরাস
 - স্বরযন্ত্র
- বাম দিকের কোনটি ডান দিকের সাথে সঙ্গতিপূর্ণ নয়? (DAT : 08-09)
 - ফাইব্রোব্লাস্ট—নীতড়ন্তু তৈরি করে
 - মাস্ট কোষ—হেপারিন নিঃসৃত করে
 - প্লাজমা কোষ—অ্যান্টিবডি তৈরি করে
 - হিস্টিওসাইট—ফ্যাগোসাইটোসিস প্রক্রিয়ার সাহায্য করে

- ০৭। নিয়ের কোন তথ্যটি সঠিক নয়?(MAT : 07-08)
- (a) তরুণাঙ্ঘ্রি ম্যাট্রিক্সে কনড্রিন থাকে
(b) যোজক কলা মেসোডার্ম নামক ভ্রূণস্তর থেকে উৎপন্ন হয়
(c) ফাইব্রোব্লাস্ট শ্বেততত্ত্ব উৎপাদনে সহায়তা করে
(d) হৃদপেশি ঐচ্ছিক পেশি
- ০৮। ম্যাট্রিক্সের গঠনের উপর ভিত্তি করে যেটি তরুণাঙ্ঘ্রি প্রকারভেদে পড়বে না— (MAT : 06-07)
- (a) ক্যালসিফাইড (b) স্পঞ্জি
(c) স্বচ্ছ (d) স্থিতিস্থাপক
- ০৯। কোনটি হায়ালিন তরুণাঙ্ঘ্রি উদাহরণ নয়? (MAT 05-06)
- (a) পর্দকা (b) শ্বাসনালি
(c) ইউস্টেশিয়ান নালি (d) স্তন্যপায়ীর নাক
- ১০। কঙ্কাসন্ধির উদাহরণ কোনটি? (DAT : 04-05)
- (a) হিউমেরাস ও আলনার মধ্যবর্তী কনুই এর সন্ধি
(b) স্কন্ধ সন্ধি
(c) স্টার্নোক্লাভিকুলার সন্ধি
(d) হাঁটুর সন্ধি
- ১১। মানবদেহের সাইনোভিয়াল অস্থিসন্ধি নয় কোনটি? (MAT : 04-05)
- (a) কন্ডাইলয়েড (b) স্যাডেল
(c) হিঞ্জ/কঙ্কা (d) সিমফাইসিস
- ১২। পীত তন্তুময় যোজক কলার অবস্থান কোথায়? (DAT : 03-04)
- (a) পাকস্থলিতে (b) অন্ত্রপ্রাচীরে
(c) দেহত্বকের নিচে (d) ধমনির প্রাচীরে

উত্তরঃ	০১। b	০২। a	০৩। d	০৪। c	০৫। a	০৬। a
	০৭। d	০৮। b	০৯। a,c	১০। a	১১। d	১২। d

০০০ পেশি টিস্যু

উৎপত্তি	<ul style="list-style-type: none"> • ভ্রূণীয় মেসোডার্ম। মায়োব্লাস্ট নামক আদিকোষ থেকে পেশিকোষ সৃষ্টি হয়।
বৈশিষ্ট্য	<ul style="list-style-type: none"> • সারকোলেমা নামক ঝিলিতে আবৃত এবং এর ভেতরের সাইটোপ্লাজমকে সারকোপ্লাজম বলে। • সারকোপ্লাজমের মধ্যে পরস্পর সমান্তরালভাবে অবস্থিত অ্যাকটিন ও মায়োসিন নামক প্রোটিনে গঠিত অসংখ্য মায়োফাইব্রিল নামক সুক্ষ্ম তন্তু থাকে। • পেশিটিস্যু প্রায় ৭৫ শতাংশ পানি ও অবশিষ্টাংশ কঠিন পদার্থে গঠিত। • কন্ডরা বা টেন্ডন (Tendon) দিয়ে পেশি অস্থির সংগে যুক্ত থাকে। • পেশিতে টান পড়ে কিন্তু ধাক্কা দেয় না।
প্রকারভেদ	<ul style="list-style-type: none"> • গঠন, অবস্থান ও কাজের তারতম্যের ভিত্তিতে পেশিকে তিন শ্রেণিতে ভাগ করা যায়। যথা- ক) ঐচ্ছিক পেশিঃ মানবদেহে ঐচ্ছিক পেশির সংখ্যা ৬৫-৬টি। খ) অনৈচ্ছিক পেশি গ) কার্ডিয়াক পেশিঃ হৃদপেশী কখনও ক্লান্ত হয় না।
কাজ	<ul style="list-style-type: none"> • পেশীকলাই প্রাণিদেহের বিভিন্ন অঙ্গে সঞ্চালনের জন্য দায়ী। • অস্থিসংলগ্ন পেশির সংকোচন-প্রসারণের ফলে প্রাণী স্থানান্তরে গমন করতে পারে।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আনাম স্যার]

❖ বিভিন্ন ধরনের পেশিটিস্যুর মধ্যে তুলনাঃ [চিত্র-২২, পৃষ্ঠা-xii দেখো]

তুলনীয় বিষয়	ঐচ্ছিক	অনৈচ্ছিক	হৃৎপেশি
অপর নাম	কঙ্কাল বা রৈখিক বা চিত্তিত বা অমসৃণ পেশি।	মসৃণ বা ভিসেরাল বা অরৈখিক পেশি।	কার্ডিয়াক পেশি।
অবস্থান	অস্থির সংযোগস্থল, চোখ, জিহ্বা ও গলবিল প্রভৃতি।	পৌষ্টিকনালি, রক্তনালি, শ্বাসনালি, রেচন-জনননালি, জরায়ু প্রভৃতি।	একমাত্র হৃৎপিণ্ডের প্রাচীরে।
প্রকৃতি	ঐচ্ছিক।	অনৈচ্ছিক।	অনৈচ্ছিক।
পেশীতন্তু	নলাকার ও শাখাবিহীন।	মাকু আকৃতির ও শাখাবিহীন।	নলাকার ও শাখায়ুক্ত।
নিউক্লিয়াস	অসংখ্য ও পরিধির দিকে অবস্থিত।	একটি ও কেন্দ্রে অবস্থিত।	একটি ও কেন্দ্রস্থলে অবস্থিত।
আড়াআড়ি রেখা	উপস্থিত।	অনুপস্থিত।	উপস্থিত।
ইন্টারক্যালাটেড ডিস্ক	অনুপস্থিত।	অনুপস্থিত।	উপস্থিত।
সংকোচনের ক্ষমতা	দ্রুত ও শক্তিশালী।	মন্দ্র ও দীর্ঘস্থায়ী।	পরিমিত ও হ্রস্বময়।
সারকোলেমা	সুস্পষ্ট।	অস্পষ্ট।	বেশ সুস্পষ্ট।
বহ্যকর্ণ	• কর্ণকুহর টিমপেনিক পর্দার অনুকূল উষ্ণতা ও আর্দ্রতা বজায় রাখে।
মধ্যকর্ণ	• করোটির টিমপ্যানিক খুলা'র ভেতর অবস্থিত একটি 'বায়ুপূর্ণ' প্রকোষ্ঠ বিশেষ।
অন্তঃকর্ণ	<ul style="list-style-type: none"> • অন্তঃকর্ণের গঠনকে মেমব্রেনাস ল্যাবিরিন্থ বলে যা এন্ডোলিম্ফ নামক তরলে পূর্ণ। • মেমব্রেনাস ল্যাবিরিন্থ পেরিলিম্ফ এ পূর্ণ অস্থিময় ল্যাবিরিন্থ এ পরিবেষ্টিত। • ককলিয়া তিন প্রকোষ্ঠবিশিষ্ট- উপরে পেরিলিম্ফ পূর্ণ স্ক্যালা ডেস্ট্রিবুসি, মাঝে এন্ডোলিম্ফ পূর্ণ স্ক্যালা মিডিয়া এবং নিচে পেরিলিম্ফ পূর্ণ স্ক্যালা টিমপেনি। • স্ক্যালা মিডিয়া উপরে রেসনার এর ঝিল্লি ও নিচে বেসিলার ঝিল্লি দ্বারা আবদ্ধ।

[Ref: গাজী আজমল স্যার]

❖ কর্ণাঙ্ঘ্রিঃ MIS.



❖ শ্রবণ ও ভারসাম্য অঙ্গঃ স স ভ ভ



❓ বিগত বছরের প্রশ্নসমূহ (কান)

- ০১। মানবদেহের ভারসাম্য নিচের কোনটি রক্ষা করে? [MAT : 17-18]
(a) বহিঃকর্ণ (b) অন্তঃকর্ণ
(c) মধ্যকর্ণ (d) নাসাগলবিল
- ০২। নিম্নের কোনটি বহিঃকর্ণে থাকে? [MAT : 09-10]
(a) ককলিয়া (b) স্টেপিস
(c) পিনা (d) ইনকাস
- ০৩। নিম্নের কোনটি সঠিক নয়? [MAT : 08-09]
(a) ভেস্টিবুলার স্নায়ু মানুষকে শ্রবণে সাহায্য করে
(b) অনালি গ্রন্থির রস রক্ত দ্বারা বাহিত করে
(c) গ্লুকোকোর্টিকয়েড হরমোন অ্যাড্রেনাল কর্টেক্স থেকে নিঃসৃত হয়
(d) রেডিয়াস এবং আলনার সন্ধি একটি সাইনোভিয়াল সন্ধি
- ০৪। নিম্নের কোনটি শরীরের ভারসাম্য রক্ষা করে? [MAT : 07-08]
(a) অর্গান অব কর্টি (b) ভেস্টিবুলার যন্ত্র
(c) ককলিয়া (d) ইনকাস
- ০৫। কোনটি মানুষের কানের কুণ্ডলার কাজ? [MAT : 05-06]
(a) শব্দ তরঙ্গ প্রেরণ করা (b) ভারসাম্য রক্ষা করা
(c) ভারসাম্য নিয়ন্ত্রণ করা (d) বায়ুচাপের সমতা রক্ষা করা
- ০৬। কর্ণাঙ্ঘ্রি স্টেপিস, অন্তঃকর্ণ ও মধ্যবর্তী প্রাচীরে যে পর্দার সঙ্গে যুক্ত থাকে সেটি হলো- [MAT : 00-01]
(a) কর্ণপটহ (b) আয়ু
(c) ফ্যানেস্ত্রা রোটান্ডা (d) ফ্যানেস্ত্রা ওভালিস

উত্তরঃ ১। b ২। c ৩। a ৪। b ৫। b ৬। d

৩৩৩ রাসায়নিক সমন্বয়

❖ প্রকারভেদঃ

- মানবদেহে ৩ ধরনের রাসায়নিক সমন্বয় দেখা যায়। যথা-

(i) এন্ডোক্রাইন সমন্বয়

- এক্ষেত্রে অস্থঃক্ষরা গ্রন্থি ক্ষরিত হরমোন রক্ত দ্বারা পরিবাহিত হয়ে কোষে সমন্বয় সাধন করে।
- যেমন, পিটুইটারি গ্রন্থি থেকে ক্ষরিত Thyroid stimulating hormone রক্ত দ্বারা পরিবাহিত হয়ে থাইরয়েড গ্রন্থিতে পৌঁছে এবং অধিক হরমোন উৎপাদনের জন্য উত্কে উদ্দীপ্ত করে।

(ii) প্যারাক্রাইন সমন্বয়	<ul style="list-style-type: none"> এক্ষেত্রে স্থানীয় কোন একটি কোষে উৎপাদিত রাসায়নিক পদার্থ বহিঃকোষীয় তরল দ্বারা পরিবাহিত হয়ে পার্শ্ববর্তী অন্য একটি কোষকে প্রভাবিত করে। যেমন, আইলেটস অব ল্যাঙ্গারহ্যান্স এর α-কোষ থেকে ক্ষরিত গ্লুকাগন পার্শ্ববর্তী β-কোষের নিঃসরণকে বাঁধা দেয়।
(iii) অটোক্রাইন সমন্বয়	<ul style="list-style-type: none"> এক্ষেত্রে একই কোষে উৎপাদিত রাসায়নিক পদার্থ ঐ কোষের কার্যকে প্রভাবিত করে। যেমন: রক্তনালির প্রাচীরের এন্ডোথেলিয়াল কোষে উৎপাদিত Platelet activating factor ঐ কোষেই কাজ করে।

[Ref: আবদুল আলীম স্যার]

❖ গ্রন্থিঃ

সংজ্ঞা	<ul style="list-style-type: none"> গ্রন্থি এক ধরনের রূপান্তরিত আবরণী কলা যা দেহের জৈবিক প্রক্রিয়ায় প্রয়োজনীয় রাসায়নিক পদার্থ ক্ষরণ করে।
প্রকারভেদ	<ul style="list-style-type: none"> ক্ষরণ পদ্ধতি ও নালির ভিত্তিতে গ্রন্থি ২ প্রকার। যথা- ক. অন্তঃক্ষরা বা অনাল বা এন্ডোক্রাইন গ্রন্থি ও খ. বহিঃক্ষরা বা সনাল বা এক্সোক্রাইন গ্রন্থি।

[Tips: কিছু গ্রন্থি আছে যা একাধারে এন্ডোক্রিন ও এক্সোক্রিন গ্রন্থি হিসেবে কাজ করে। এদের মিশ্র গ্রন্থি বলে। যেমন- অগ্ন্যাশয়, শুক্রাশয়, ডিম্বাশয়.....(মিশ্র গ্রন্থির নামের শেষে 'শয়' থাকবে.....)]

[Ref: গাজী আজমল স্যার]

❖ বহিঃক্ষরা ও অন্তঃক্ষরা গ্রন্থির মধ্যে পার্থক্যঃ

পার্থক্যের বিষয়	অন্তঃক্ষরা গ্রন্থি	বহিঃক্ষরা গ্রন্থি
সংজ্ঞা	নালিবিহীন গ্রন্থি।	নালিযুক্ত গ্রন্থি।
নিঃসরণ	নিঃসৃত পদার্থের নাম হরমোন।	নিঃসৃত পদার্থের নাম রস, জুস, এনজাইম প্রভৃতি।
পরিবহণ	রক্তে পরিবাহিত হয়।	নালির মাধ্যমে পরিবাহিত হয়।
ক্রিয়াস্থল	দূরবর্তী স্থানে কাজ করে।	নিকটবর্তী বা দূরবর্তী উভয় স্থানে কাজ করে।
উদাহরণ	পিটুইটারি গ্রন্থি, থাইরয়েড গ্রন্থি ইত্যাদি।	লালাগ্রন্থি, যকৃত, অগ্ন্যাশয় ইত্যাদি।

[Ref: গাজী আজমল স্যার]

❖ হাইপোথ্যালামাসঃ

হরমোন	যা নিয়ন্ত্রণ করে
(i) গ্রোথ হরমোন রিলিজিং হরমোন(GHRH)	<ul style="list-style-type: none"> গ্রোথ হরমোন (GH) ক্ষরণ।
(ii) থাইরোট্রোপিক রিলিজিং হরমোন (TRH)	<ul style="list-style-type: none"> থাইরয়েড স্টিমুলেটিং হরমোন (TSH) এবং প্রোল্যাকটিন (PRL) ক্ষরণ।
(iii) কর্টিকোট্রোপিক রিলিজিং হরমোন (CRH)	<ul style="list-style-type: none"> অ্যাড্রিনোকর্টিকোট্রোপিক হরমোন (ACTH) ক্ষরণ।
(iv) গোন্যাডোট্রোপিক রিলিজিং হরমোন (GRH)	<ul style="list-style-type: none"> লুটিনাইজিং হরমোন (LH) এবং ফলিকুল স্টিমুলেটিং হরমোন (FSH) ক্ষরণ।
(v) সোম্যাটোস্ট্যাটিন (SS)	<ul style="list-style-type: none"> গ্রোথ হরমোন ক্ষরণ রোধ।
(vi) ডোপামিন (DA)	<ul style="list-style-type: none"> প্রোল্যাকটিন ক্ষরণ রোধ।

[Ref: আবদুল আলীম স্যার]

❖ পিত্তিহটারি গ্রন্থিঃ

বিশেষ তথ্য	<ul style="list-style-type: none"> • পিত্তিহটারি গ্রন্থিকে হরমোন সৃষ্টিকারী প্রধান গ্রন্থি বা প্রভু অস্থি/গ্রন্থি রাজ (Principal/Master gland) বলে। • এটি সবচেয়ে গুরুত্বপূর্ণ ও শক্তিশালী কিন্তু সবচেয়ে ছোট গ্রন্থি। • এ গ্রন্থি থেকে সর্বাধিক হরমোন ক্ষরিত হয়।
সংখ্যা	• পিত্তিহটারি গ্রন্থির সংখ্যা ১টি।
অবস্থান	• মস্তিষ্কের হাইপোথ্যালামাসের সাথে সংযুক্ত একটি গোলাকার গ্রন্থি।
আকৃতি	• প্রায় ১ সে.মি ব্যাস সম্পন্ন লালচে ধূসর, দেখতে মটর দানার মতো।
ওজন	• মাত্র ৫০০ মি.গ্রাম. বা ০.৫ গ্রাম।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❖ পিত্তিহটারি গ্রন্থি থেকে নিঃসৃত হরমোনসমূহঃ

অংশ	হরমোন	কাজ
সমূহ পিত্তিহটারি	১. গ্রোথ হরমোন/ সোমোটোট্রপিক হরমোন	<ul style="list-style-type: none"> • অস্থি ও কোমল টিস্যুর বৃদ্ধি, প্রোটিন সংশ্লেষণ নিয়ন্ত্রণ। • গ্লাইকোজেনের সঞ্চালন ও চর্বি সঞ্চয়কে উদ্দীপ্ত করে।
	২. থাইরয়েড উদ্দীপক হরমোন	<ul style="list-style-type: none"> • থাইরয়েড গ্রন্থির বৃদ্ধি, ক্ষরণ ও কার্যকারিতা নিয়ন্ত্রণ। • থাইরয়েড কলার (টিস্যু) আয়োডিন গ্রহণ নিয়ন্ত্রণ করে।
	৩. অ্যাড্রেনোকোর্টিকোট্রপিক হরমোন	<ul style="list-style-type: none"> • অ্যাড্রেনাল গ্রন্থির কর্টিক্স অঞ্চলের বৃদ্ধি, ক্ষরণ ও কার্যকারিতা নিয়ন্ত্রণ। • গ্লুকোকর্টিকয়েড নামক স্টেরয়েড হরমোন ক্ষরণে উদ্দীপ্ত করে।
	৪. ল্যুটিনাইজিং হরমোন	<ul style="list-style-type: none"> • নারীদেহের ডিম্বপাত, দুগ্ধক্ষরণ, কর্পাস ল্যুটিয়াম সৃষ্টি। • এন্ড্রোজেন ও প্রোজেস্টেরন সংশ্লেষণকে উদ্দীপ্ত করে।
	৫. ফলিকুল উদ্দীপক হরমোন	<ul style="list-style-type: none"> • ডিম্বাশয়ে ফলিকুলের পূর্ণতা বা পরিপক্বতা দান করে।
	৬. প্রোল্যাকটিন হরমোন	<ul style="list-style-type: none"> • স্তনগ্রন্থির বৃদ্ধি, দুগ্ধ উৎপাদন নিয়ন্ত্রণ।
মধ্যপিত্তিহটারি	মেলানোসাইট উদ্দীপক হরমোন	<ul style="list-style-type: none"> • মেলানোফোর কোষের বিস্তৃতি ঘটিয়ে ত্বক ও চুলের বর্ণ নিয়ন্ত্রণ।
পশ্চাৎ পিত্তিহটারি	১. অক্সিটোসিন	<ul style="list-style-type: none"> • এটি স্তনের পেশি সঙ্কোচন ঘটিয়ে দুগ্ধ ক্ষরণে সাহায্য করে। • এটি প্রসবের সময় জরায়ুর সঙ্কোচন ত্বরান্বিত করে।
	২. ভেসোপ্রেসিন (ADH)	<ul style="list-style-type: none"> • বৃক্কীয় নালির পানি শোষণ ক্ষমতা এবং রক্তবাহিকার প্রাচীর সংকোচন নিয়ন্ত্রণ।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

Unmesh Special

কিভাবে ভুলে যাই তোমায়...

❖ সমূহ পিত্তিহটারী গ্রন্থির হরমোনঃ PLaY FaST

P	L	Ay	Fa	S	T
↓	↓	↓	↓	↓	↓
PRL	LH	ACTH	FSH	STH	TSH

❖ থাইরয়েড গ্রন্থিঃ [চিত্র-২৮(ক), পৃষ্ঠা-xiv দেখো]

অবস্থান	• ট্র্যাকিয়ার (শ্বাসনালি) উভয় পাশে অবস্থিত।
আকৃতি	• প্রজাপতি আকৃতির গ্রন্থি।
ওজন	• ২৫ গ্রাম।
গঠন	• বিভিন্ন আকারের থাইরয়েড ফলিকুল দ্বারা গ্রন্থিটি গঠিত। • ফলিকুলার ও প্যারাফলিকুলার কোষ নিয়ে গঠিত।
বিশেষ তথ্য	• এটা পুরুষ অপেক্ষা স্ত্রীলোকে অধিক স্পষ্ট। • এটি সবচেয়ে বড় অন্তঃক্ষরা গ্রন্থি।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আশীম স্যার]

❖ থাইরয়েড গ্রন্থি থেকে নিঃসৃত হরমোন ও কাজঃ

হরমোন	কাজ
১. ট্রাই আয়োডো থাইরোনিন (T ₃)	<ul style="list-style-type: none"> • মৌলিক বিপাক হার, হৃৎস্পন্দন হার, প্রোটিন সংশ্লেষণ উদ্দীপ্ত করে। • আয়োডিন বিপাক হার বৃদ্ধি করে। • স্নায়ুতন্ত্রের সংবেদনশীলতা বৃদ্ধি করে। • এ হরমোন জ্রণ ও শিশুর পরিস্ফুটনে ভূমিকা পালন করে।
২. থাইরক্সিন (T ₄)	<ul style="list-style-type: none"> • বিপাকীয় প্রক্রিয়ার হারকে নিয়ন্ত্রণ করে। • মস্তিষ্ক ও যৌনঙ্গের বিকাশ ঘটায়। দুগ্ধ উৎপাদন বৃদ্ধি করে।
৩. ক্যালসিটোনিন/ থাইরোক্যালসিটোনিন	<ul style="list-style-type: none"> • এর প্রভাবে অল্প ক্যালসিয়াম শোষণ হ্রাস করে রক্তে ক্যালসিয়ামের মাত্রা কমায়। • হাড়ে ক্যালসিয়াম সঞ্চয়; এবং ভিটামিন D নিয়ন্ত্রণে ভূমিকা পালন করে। • ফসফেট বিপাক ও পরিবহন প্রভাবিত করে।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আশীম স্যার]

❖ প্যারাথাইরয়েড গ্রন্থিঃ

অবস্থান	• থাইরয়েড গ্রন্থির পেছনে।
সংখ্যা	• ২ জোড়া (৪টি)।
আকৃতি	• ডিম্বাকৃতির/ ধানের দানার মতো।
ওজন	• ৩০ মি.গ্রা.।
নিঃসৃত হরমোন	• প্যারাথরমোন (কম নিঃসরণ হলে টিটানি হয়)।
নিঃসৃত হরমোনের কাজ	<ul style="list-style-type: none"> • রক্তে ক্যালসিয়ামের মাত্রা নিয়ন্ত্রণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। • বৃদ্ধে ক্যালসিয়ামের পুনঃশোষণের বাড়িয়ে দেয়। • রক্তে ফসফেটের মাত্রা কমিয়ে দিতে এবং ভিটামিন D কে সক্রিয়করণে ভূমিকা পালন করে। (ভিটামিন D এর অভাবে ব্যাঙ্কাদের রিকিটস ও বয়স্কদের অস্টিওম্যালাসিয়া রোগ দেখা দেয়) • অস্থির ক্যালসিয়াম ও ফসফেটের শোষণ ক্ষমতা বৃদ্ধি করে। ফসফেটের রেচন হার বৃদ্ধি করে।

[Tips: প্যারাথরমোন → রক্তে Ca²⁺ বাড়ায়, ক্যালসিটোনিন → রক্তে Ca²⁺ কমায়]

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আশীম স্যার]

❖ থাইমাস গ্রন্থিঃ

অবস্থান	• শ্বাসনালির দুপাশে দুটি থাইমাস গ্রন্থি থাকে।
হরমোন	• থাইমোসিন (Thymosin) হরমোন।
বিশেষ তথ্য	<ul style="list-style-type: none"> • শৈশব বড় থেকে এবং বৃদ্ধ বয়সে ক্ষুদ্রাকার হয়, অবশেষে বিলীন হয়। • এ গ্রন্থির ক্ষরণকাল সাময়িক।
নিঃসৃত হরমোনের কাজ	• লিম্ফোসাইট ও অ্যান্টিবডি গঠনে সহায়তা করে।

[Ref: আবদুল আশীম স্যার]

❖ অ্যাড্রেনাল বা সুপ্রারেনাল গ্রন্থিঃ [চিত্র-২৮(খ), পৃষ্ঠা-xiv দেখো]

অবস্থান ও আকৃতি	• প্রতিটি বৃক্কের মাথায় টুপি মতো একটি করে মোট ২টি অ্যাড্রেনাল গ্রন্থি থাকে।
ওজন	• এদের ওজন ৩-৫ গ্রাম।
আকার	• ৫ সে.মি. লম্বা, ৩ সে.মি. চওড়া ও ১ সে.মি. পুরু।
আবরণ	• যোজক কলা গঠিত রেনাল ফেসিয়া বা গ্যারোটো ফেসিয়া।

❖ অ্যাড্রেনাল গ্রন্থি থেকে নিঃসৃত হরমোন ও কাজঃ

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

অংশ	হরমোন	কাজ
কর্টেক্স	১. গ্লুকোকর্টিকয়েড (কর্টিসল)	<ul style="list-style-type: none"> • শর্করা জাতীয় খাদ্যের বিপাক নিয়ন্ত্রণ করে। • যকৃত ও পেশীয় গ্লাইকোজেন সংশ্লেষণ উদ্দীপিত করে। • এটি অন্ত্র থেকে চিনি ও লিপিড শোষণে সহায়তা করে।
	২. মিনারেলো কর্টিকয়েড (অ্যালডেস্টেরন) (জীবন রক্ষাকারী হরমোন)	<ul style="list-style-type: none"> • খনিজ লবণের বিপাক নিয়ন্ত্রণ করে। • বৃক্কের NaCl ও পানি শোষণ ক্ষমতা বৃদ্ধি করে। • রক্তে প্লাজমার পরিমাণ বৃদ্ধি করে। • K⁺ এর রেচন হার বৃদ্ধি করে।
	৩. গোনাদো কর্টিকয়েড (অ্যান্ড্রোজেন)	<ul style="list-style-type: none"> • জন্মের যৌন বিভেদ নিয়ন্ত্রণ করে। • যৌন গ্রন্থি, যৌন অঙ্গ ও যৌন বৈশিষ্ট্যের বিকাশ ঘটায়।
মেডুলা	১. অ্যাড্রেনালিন (এপিনেফ্রিন) এটি একটি নিউরো ট্রান্সমিটার। (বিপদকালীন হরমোন)	<ul style="list-style-type: none"> • যকৃতে সঞ্চয়িত গ্লাইকোজেন থেকে গ্লুকোজ মুক্ত করে বিপাকের হার বৃদ্ধি করে। • দেহের উষ্ণতা নিয়ন্ত্রণ করে। • হৃৎপিণ্ড ও ধমনির অনৈচ্ছিক পেশির সংকোচন নিয়ন্ত্রণ, হৃৎগতি বৃদ্ধি করে।
	২. নর-অ্যাড্রেনালিন (নর এপিনেফ্রিন)	<ul style="list-style-type: none"> • হৃদপেশি উদ্দীপ্ত হয়, রক্ত চাপ বৃদ্ধি পায়। • দেহের অতিরিক্ত গ্লুকোজকে গ্লাইকোজেনে রূপান্তর করে।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❖ অন্যান্য অন্তঃক্ষরা গ্রন্থির অবস্থান, নিঃসৃত হরমোন ও কাজঃ

অন্তঃক্ষরা গ্রন্থি	নিঃসৃত হরমোন	কাজ
পিনিয়াল (অবস্থান- মস্তিষ্কের ওয় প্রকোষ্ঠ)	মেলাটোনিন	<ul style="list-style-type: none"> • ফসফরাস বিপাক দ্রুত করা। • যৌনাস্থের সক্রিয়তা ঘটানো।
অক্রাশয়	টেস্টোস্টেরন	<ul style="list-style-type: none"> • পুরুষদেহে যৌনাস্থের বৃদ্ধি ঘটানো। • সেকেন্ডারি যৌন বৈশিষ্ট্য প্রকাশে সহায়তা করে। • শুক্রাণু উৎপাদন অব্যাহত রাখা।
ভিছাশয়	এস্ট্রোজেন	<ul style="list-style-type: none"> • বয়ঃসন্ধিকালে স্ত্রী-দেহের বিভিন্ন যৌনলক্ষণ প্রকাশে সহায়তা। • রক্তচক্র নিয়ন্ত্রণ করা।
	প্রোজেস্টেরন	<ul style="list-style-type: none"> • স্ত্রী-দেহের গর্ভাবস্থায় জরায়ু, জন্ম ও অমরার বৃদ্ধি নিয়ন্ত্রণ করে।
আইলেটস অব ল্যাঙ্গার হ্যানস (অবস্থান-অগ্ন্যাশয়) (মোট অগ্ন্যাশয়ের ১-২%) (শুক্র ক্ষুদ্র দ্বীপের মত গ্রন্থি)	গ্লুকাগন(α কোষ)	<ul style="list-style-type: none"> • দেহের সঞ্চয়িত গ্লাইকোজেন ভেঙ্গে রক্তে গ্লুকোজের পরিমাণ বৃদ্ধি করে। (গ্লাইকোজেনোলাইসিস)
	ইনসুলিন (β কোষ)	<ul style="list-style-type: none"> • রক্তে গ্লুকোজের পরিমাণ হ্রাস করে। যকৃত ও পেশির গ্লাইকোজেন সংশ্লেষণ হার বৃদ্ধি করে। (গ্লাইকোজেনেসিস)
	প্যানক্রিয়েটিক পলিপেপটাইড(γ কোষ)	<ul style="list-style-type: none"> • অগ্ন্যাশয় রস ক্ষরণে বাঁধা দেয়।
	সোম্যাটোস্ট্যাটিন(δ কোষ)	<ul style="list-style-type: none"> • α ও β কোষের ক্ষরণ নিয়ন্ত্রণ করে।

[Ref: গাজী আজমল স্যার]



বিগত বছরের প্রশ্নসমূহ (রাসায়নিক সমন্বয়)

- ০১। মানবদেহের সবচেয়ে ছোট অনাল গ্রন্থি কোনটি? [MAT : 18-19]
- (a) থাইরয়েড (b) শুক্রাশয়
(c) পিটুইটারি (d) সুপ্রায়েনাল
- ০২। নিচের কোনটি মিশ্র গ্রন্থির উদাহরণ নয়? [DAT : 18-19]
- (a) ডিম্বাশয় (b) এড্রেনাল গ্রন্থি
(c) অগ্ন্যাশয় (d) অণ্ডীয় গ্রন্থি
- ০৩। মানব দেহে ক্যালসিয়াম ও ফসফরাসের বিপাক নিয়ন্ত্রণ করে কোন গ্রন্থি? [MAT : 17-18]
- (a) থাইমাস (b) থাইরয়েড
(c) প্যারাথাইরয়েড (d) অ্যাড্রেনালিন
- ০৪। নিচের কোনটি মিশ্র গ্রন্থি নয়? [MAT : 16-17]
- (a) অগ্ন্যাশয় (b) শুক্রাশয়
(c) ডিম্বাশয় (d) এড্রেনাল গ্রন্থি
- ০৫। কোনটি মিশ্র গ্রন্থি? [MAT : 15-16]
- (a) প্যারোটিড (b) সোয়েট
(c) অগ্ন্যাশয় (d) অশ্রু
- ০৬। নিম্নের কোনটি মিনারেলোকর্টিকয়েড হরমোন কাজ নয়? [MAT : 15-16]
- (a) বৃক্কের NaCl ও পানি শোষণ ক্ষমতা বৃদ্ধি করে (b) K^+ রেচন হার বৃদ্ধি করা
(c) রক্তের প্লাজমার পরিমাণ বৃদ্ধি করা (d) হৃৎক্রিয়া বৃদ্ধি করা
- ০৭। কোন গ্রন্থির ক্ষরণকাল আজীবন নয়? [MAT : 12-13]
- (a) সুপ্রেনাল (b) পিনিয়াল
(c) থাইমাস (d) টেসটিস
- ০৮। পিটুইটারি গ্রন্থি সম্পর্কে কোন তথ্যটি সঠিক নয়? [MAT : 11-12]
- (a) এটি হাইপোথ্যালামাসের সঙ্গে সংযুক্ত
(b) এটি তিনদিক থেকে অস্থি দ্বারা আবৃত
(c) এটি থেকে স্টেরয়েড হরমোন নিঃসৃত হয়
(d) এটি মূলত দুই ভাগে বিভক্ত
- ০৯। নিম্নের কোন গ্রন্থি মোমের মতো আঠালো পদার্থ তৈরি করে? [MAT : 10-11]
- (a) সিবিসিয়াস (b) সেরুমিনাস
(c) লালগ্রন্থি (d) মিবোমিয়ান
- ১০। নিম্নের কোনটি এককোষী গ্রন্থি? [MAT : 09-10]
- (a) গবলেট (b) অগ্ন্যাশয়
(c) লালা (d) যকৃত
- ১১। নিম্নের কোনটি হৃৎপিণ্ডের সংকোচনের শক্তিকে বাড়ায়? [MAT : 09-10]
- (a) ইনসুলিন (b) ভেগাস
(c) এড্রেনালিন (d) প্যারাথরমোন
- ১২। পোষ্টেরিয়র পিটুইটারি থেকে নিম্নের কোন হরমোন নিঃসরণ হয়? [MAT : 09-10]
- (a) অক্সিটোসিন (b) ল্যুটিনাইজিং হরমোন
(c) ক্যালসিটোনিন (d) সোম্যাটোট্রোপিন

- ১৩। নিম্নের কোন হরমোন থাইরয়েড গ্রন্থি থেকে নিঃসৃত হয় না? [MAT : 08-09]
 (a) থাইমোক্রাইসিন (b) থাইরক্সিন
 (c) ক্যালসিটোনিন (d) ট্রাই - আয়োডো - থাইরোনিন
- ১৪। সিবাম নিম্নের কোন গ্রন্থি থেকে নিঃসৃত হয়? [MAT : 07-08]
 (a) মিবোমিয়ান (b) সিবেসিয়াস (c) সেরুমিনাস (d) সাবলিঙ্গুয়াল
- ১৫। ইনসুলিন নিঃসৃত হয় নিম্নের কোনটি হতে? [MAT : 04-05]
 (a) থাইমাস গ্রন্থি (b) পিনিয়াল গ্রন্থি
 (c) অ্যাড্রেনাল বা সুপ্রারেনাল গ্রন্থি (d) অগ্ন্যাশয় গ্রন্থির আইলেটস অব ল্যান্গারহ্যান্স

উত্তরঃ	১। c	২। b	৩। c	৪। d	৫। c	৬। d	৭। c	৮। c
	০৯। b	১০। a	১১। c	১২। a	১৩। a	১৪। b	১৫। d	

৩৩ হরমোন

অবিষ্কার	• সুনির্দিষ্টভাবে হরমোন (সিঙ্ক্রোটিন) শনাক্ত করেন ও হরমোন নামে অভিহিত করেন ব্রিটিশ শারীরতত্ত্ববিদ William Bayliss এবং Ernest Starling.
বৈশিষ্ট্য	<ul style="list-style-type: none"> • হরমোন এক ধরনের ক্ষুদ্র ও জৈব অণু যা রক্ত বা লসিকা দ্বারা বাহিত হয়। • উৎপত্তিস্থল থেকে সংবহনতন্ত্রের মাধ্যমে দেহের দূরবর্তী স্থানে পরিবাহিত হয়ে নির্দিষ্ট অংশে (target) কাজ করে। • দ্রবণীয় জৈব অনুঘটকের কাজ করে। • স্বল্পমাত্রায় বা কম ঘনত্বে কার্যকরী হয় এবং ক্রিয়ার স্থায়িত্বকাল অনেকদিন বজায় থাকে। • হরমোন সাধারণত ভবিষ্যতের জন্য জমা থাকে না। • অধিকাংশ হরমোনের ক্রিয়া ধীরে সংঘটিত হয়। • স্থায়ী কার্য শেষে হরমোন বিনষ্ট হয় এবং রেচন প্রক্রিয়ায় দেহ হতে নিষ্কাশিত হয়। • কোষে কোষে রাসায়নিক সংযোগ সাধন করে এবং রাসায়নিক বার্তা প্রেরণ করে। • দেহের কোন ক্রিয়া বা প্রক্রিয়ার বিস্তারকে প্রভাবিত করে কিন্তু এসব ঘটনার সূচনা ঘটাতে পারে না। • রাসায়নিক ভাবে অধিকাংশ হরমোনই পেপটাইড, প্রোটিন, গ্লাইকোপ্রোটিন বা স্টেরয়েড জাতীয়। • হরমোনের ক্রিয়াকলাপ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ভিটামিনের সাথে সংশ্লিষ্ট থাকে। • অধিকাংশ হরমোনই পানিতে দ্রবণীয়।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❖ দেহের বৃদ্ধিতে হরমোনের ভূমিকাঃ

- মানবদেহের বৃদ্ধিতে দুটি হরমোন প্রধান ভূমিকা রাখে। যথা-

(i) গ্রোথ হরমোন	<ul style="list-style-type: none"> • তরুণাঙ্ক ও অস্থির বৃদ্ধি, অস্থিতে ক্যালসিয়াম আয়ন সঞ্চয়ে ভূমিকা রাখে। • অ্যামিনো এসিড গ্রহণ ও প্রোটিন সংশ্লেষণ হার বৃদ্ধি করে, ফলে দেহের পেশির বৃদ্ধি ঘটে। • অল্প থেকে ক্যালসিয়াম আয়ন শোষণ ও বৃদ্ধ থেকে বিভিন্ন আয়ন পুনঃশোষণ করে দেহের বিভিন্ন আয়নের পরিমাণ বৃদ্ধি করে। • ক্ষুধার্ত অবস্থায় রক্তে গ্লুকোজ ও মুক্ত ফ্যাটি এসিডের পরিমাণ বাড়িয়ে দেহের ক্ষয়-রোধ করে। • দেহের সকল নরম অঙ্গের (মস্তক ছাড়া) আকার বৃদ্ধি ও স্বাভাবিক অবস্থা বজায় রাখে। • বেশি দৃষ্টি উৎপাদনে স্তনপ্রস্থিকে প্রভাবিত করে যা শিশুর দৈনিক বৃদ্ধিতে প্রধান ভূমিকা রাখে। • এরিথ্রোপোয়েসিস প্রক্রিয়াকে উদ্দীপিত করে রক্তের লোহিত কণিকার সংখ্যা বৃদ্ধি করে।
(ii) থাইরক্সিন হরমোন	<ul style="list-style-type: none"> • পিটুইটারি গ্রন্থিকে গ্রোথ হরমোন ক্ষরণে উদ্দীপিত করে। • প্রোটিন সংশ্লেষণের হার বাড়িয়ে দেহের বৃদ্ধি ঘটায়। • কঙ্কাল পেশির বৃদ্ধি ও রক্ষণাবেক্ষণ নিয়ন্ত্রণ করে। • টিস্যুর বিভেদ ও পরিপক্বতার জন্য এটি অত্যাবশ্যিক। • খাদ্যের বিপাকীয় হার বৃদ্ধি করে।

[Ref: গাজী আজমল স্যার]

❖ হরমোন ক্ষরণজনিত জটিলতাঃ

হরমোন	বেশি নিঃসরণে ক্ষতি	কম নিঃসরণে ক্ষতি
গ্রোথ হরমোন	<ul style="list-style-type: none"> দৈত্যত্ব (Gigantism)- শিশুকালে অস্থি গঠনের পূর্বে। গরিলাত্ব (Acromegaly)- বয়স্ক অবস্থায়। 	বামনত্ব (Dwarfism)- শিশুকালে পর্যাপ্ত পরিমাণ গ্রোথ হরমোন ক্ষরণ না।
থাইরক্সিন	<ul style="list-style-type: none"> গলগন্ড (Goitre) Grave's disease থাইরোটক্সিনকোসিস। 	<ul style="list-style-type: none"> ক্রিটিনিজম- শিশুদের। মিক্সিডিমা (myxedema)- বয়স্কদের।
ট্রাই-আয়োডো - থাইরোনিন	<ul style="list-style-type: none"> এক্সোপ্যাথ্যালমিক গয়টার (চক্ষু স্ফীত হয়) 	<ul style="list-style-type: none"> গলগণ্ড হয়।
গ্লুকোকর্টিকয়েড (কর্টিসল)	<ul style="list-style-type: none"> কুশিং বর্ধিত রোগ (Cushing syndrome)। 	<ul style="list-style-type: none"> এডিসন্স রোগ (Addison's disease)।
প্যারাথরমোন	-	<ul style="list-style-type: none"> টিটানি।
ইনসুলিন	<ul style="list-style-type: none"> হাইপোগ্লাইসেমিয়া। 	<ul style="list-style-type: none"> ডায়াবেটিস মেলাইটাস।
গ্লুকাগন	<ul style="list-style-type: none"> হাইপারগ্লাইসেমিয়া। 	<ul style="list-style-type: none"> হাইপোগ্লাইসেমিয়া।

[Ref: আবদুল আলীম স্যার + আবুল হাসান স্যার]



জানা না অজানা ?

- মারিজ ব্যাধি /acromegaly: পূর্ববয়স্ক মানবদেহে অতিরিক্ত বৃদ্ধি হরমোন ক্ষরণের ফলে মুখমন্ডল, মাথা, হাত, পা, বুকের অস্বাভাবিক স্ফীতি।
- হাইপোগ্লাইসেমিয়াঃ রক্তে অস্বাভাবিক কম মাত্রায় গ্লুকোজের উপস্থিতি।

❖ দেহের শারীরবৃত্তীয় কাজে হরমোনের ভূমিকাঃ

ভূমিকা	হরমোনের নাম
খাদ্য পরিপাক	<ul style="list-style-type: none"> পৌষ্টিকনালির অন্তঃক্ষরা কোষ থেকে নিঃসৃত গ্যাষ্ট্রিন, সিক্রেটিন ও কোলেসিস্টোকিনি হরমোন পরিপাক ক্রিয়ার সাথে সংশ্লিষ্ট এনজাইমগুলোর ক্ষরণ নিয়ন্ত্রণ করে।
বিপাক	<ul style="list-style-type: none"> থাইরক্সিন, ইনসুলিন, গ্লুকাগন, গ্লুকোকর্টিকয়েড হরমোন শর্করা বিপাক করে। থাইরক্সিন হরমোন প্রোটিন, লেহ্রব্য ও খনিজ আয়ন বিপাক এবং টেস্টোস্টেরন ও ইস্ট্রোজেন হরমোন প্রোটিন বিপাক নিয়ন্ত্রণ করে।
বেচন	<ul style="list-style-type: none"> ADH হরমোন পানি শোষণ ও পানি সাম্য বজায় রাখে। বৃক্ক থেকে ক্ষরিত এরিথ্রোপোয়েটিন হরমোন লোহিত রক্তকণিকা উৎপাদন নিয়ন্ত্রণ করে। অ্যাড্রেনাল কর্টেক্স থেকে ক্ষরিত অ্যালডোস্টেরন Na^+, K^+ আয়ন সমতা রক্ষা করে।
প্রজনন	<ul style="list-style-type: none"> ইস্ট্রোজেন ঋতুচক্র ও স্তনগ্রন্থির বিকাশ নিয়ন্ত্রণ করে, প্রোজেস্টেরন জরায়ুর প্রাচীরে নিষিক্ত ডিম্বাণু স্থাপন এবং গর্ভাবস্থায় স্তনগ্রন্থির বিকাশ ঘটায়, টেস্টোস্টেরন শুক্রাণুজনন এ শুক্রাশয়কে উদ্বুদ্ধ করে। টেস্টোস্টেরন, ইস্ট্রোজেন ও গোনাদোকর্টিকয়েড হরমোন পৌণ যৌন বৈশিষ্ট্যের বিকাশ ঘটায়।
সন্তান প্রসব	<ul style="list-style-type: none"> প্রসবের সময় রিলাক্সিন শ্রোণদেশীয় লিগামেন্ট ও পেশির প্রসারণ ঘটিয়ে এবং অক্সিটোসিন জরায়ুর সংকোচন ঘটিয়ে প্রসব ত্বরান্বিত করে। গ্রোথ হরমোন, থাইরক্সিন, ইস্ট্রোজেন, প্রোল্যাকটিন সন্তান প্রসবকারী মায়ের স্তনগ্রন্থির বৃদ্ধি ও দুধ উৎপাদন ক্ষমতা বৃদ্ধি করে।

[Ref: গাজী আজমল স্যার]

❖ আচরণ পরিবর্তনে হরমোনের প্রভাবঃ

হরমোন	ভূমিকা
মেলাটোনিন (Melatonin)	মানুষের ঘুম-জাগ্রত আচরণ নিয়ন্ত্রণ করে।
এপিনেফ্রিন (Epinephrine)	মানুষের স্ফুধা নিয়ন্ত্রণ করে।
নরএপিনেফ্রিন (Norepinephrine)	মানুষের মানসিক চাপ, আক্রমণ ও পলায়ন আচরণ বৈশিষ্ট্য নিয়ন্ত্রণ করে।

[Ref: আবদুল আলীম স্যার]

❖ অনিয়ন্ত্রিত হরমোন ব্যবহারের ফলাফলঃ

হরমোন	অনিয়ন্ত্রিত ব্যবহারের ফলাফল
বৃদ্ধি হরমোন	• উচ্চ রক্তচাপ, রক্তে প্রচুর ফ্যাট, ডায়াবেটিস, সন্ধিব্যাথা, হার্ট ফেইলিউর এবং হাত, পা, মাথার হাড়, অস্বাভাবিক বড় হয়ে যায়।
থাইরক্সিন	• ছন্দা-গলগন্ড, দ্রুত হৃৎস্পন্দন উদরীয় ব্যথা, চিন্তাগ্রস্ততা, খিটখিটে মেজাজ, ওজন কমে যাওয়া, স্ফুধাবৃদ্ধি, মুখমন্ডল ও জিহ্বা ফুলে যাওয়া, হার্ট ফেইলিউর এবং রক্তে ক্যালসিয়াম ও ফসফরাস মাত্রার অস্বাভাবিক পরিবর্তন ঘটে।
এপিনেফ্রিন	• উচ্চ রক্তচাপ, মাথাব্যথা, ঝাপসা দৃষ্টি, দুঃশ্চিন্তা, বুকব্যথা, অনিয়মিত হৃৎস্পন্দন ইত্যাদি।
কর্টিস্টেরন	• গুরুশয়নে ব্যথা, দ্রুত বা মন্ডর হৃৎস্পন্দন, রক্তময় মলত্যাগ, মূত্রথলিতে ব্যথা, পিঠের দুপাশে বা মাঝখান ধরে ব্যথা, ডায়রিয়া প্রভৃতি।
ইস্ট্রোজেন	• স্তন দৃঢ় হয়ে যাওয়া, অতিরিক্ত রক্তস্রাব, মাথাব্যথা, বমিভাব ইত্যাদি।
ইনসুলিন	• অবসাদ, চুলচুলুভাব, মাথাব্যথা, স্ফুধা, মনোযোগে ব্যর্থ হওয়া, বমিভাব, স্নায়ুদৌর্বল্য, দ্রুত হৃৎস্পন্দন ইত্যাদি।

[Ref: গাজী আজমল স্যার]

❓ বিগত বছরের প্রশ্নসমূহ (হরমোন)

- ০১। নিচের কোন জোড়াটি লোকাল হরমোনের উদাহরণ? [DAT : 17-18]
- (a) ইনসুলিন ও অ্যাড্রেনালিন (b) থাইরক্সিন ও সিক্রিটিন
(c) সিক্রিটিন ও এস্টারোগ্যাস্ট্রিন (d) ইস্ট্রোজেন ও প্রজেস্টেরন
- ০২। রক্তে Na^+ ও K^+ এর সমতা রক্ষা করে কোন হরমোন? [DAT : 16-17]
- (a) ইনসুলিন (b) গ্লুকাগন
(c) এড্রেনালিন (d) অ্যাডালডেস্টেরন
- ০৩। নিয়ের কোন হরমোন আয়নের সমতা রক্ষায় কাজ করে? [MAT : 10-11]
- (a) প্রোজেস্টেরন (b) গ্যাস্ট্রিন
(c) থাইরক্সিন (d) অ্যাডালডেস্টেরন
- ০৪। হরমোনের বৈশিষ্ট্য নয় কোনটি? [MAT : 04-05]
- (a) হরমোন অনালি গ্রন্থি থেকে নিঃসৃত হয় (b) হরমোন রক্তের মাধ্যমে পরিবাহিত হয়
(c) হরমোন প্রধানত এক প্রকার শর্করা জাতীয় পদার্থ (d) হরমোন কার্যের শেষে নষ্ট হয়ে যায়

উত্তর	১। c	২। d	৩। d	৪। c
-------	------	------	------	------


অধ্যায়-০৯ : মানব জীবনের ধারাবাহিকতা

❖ মেডিকেল ও ডেন্টাল ভর্তি পরীক্ষার জন্য এই অধ্যায়ের গুরুত্বপূর্ণ টপিকসমূহঃ

গুরুত্ব	টপিক	ভর্তি পরীক্ষায় যে বছর প্রশ্ন এসেছে
❖❖	পুংপ্রজননতন্ত্র	MAT: 15-16, 12-13, 08-09, 03-04
❖❖	স্ত্রীপ্রজননতন্ত্র	MAT: 10-11, 09-10, DAT : 17-18
❖❖	রজঃচক্র	MAT: 08-09, 04-05
❖❖❖	গ্যামিটোজেনেসিস	MAT : 10-11, 07-08, 05-06, 03-04, 02-03, 01-02
❖❖	গর্ভধারণ বা ইমপ্লান্টেশন	MAT : 08-09, 05-06, 03-04, DAT : 09-10
❖❖❖	মানব ক্রমের পরিস্ফুটন	MAT : 14-15, 13-14, 08-09, 07-08, 04-05, 03-04, 02-03, DAT : 00-01
❖	গর্ভনিরোধক ও পরিবার পরিকল্পনা	MAT : 17-18,
❖❖	যৌনবাহিত রোগ	MAT: 14-15, DAT : 18-19

❖❖ পুরুষ প্রজননতন্ত্র

❖ অংশসমূহঃ



[Ref: গাজী আজমল স্যার]

❖ মুখ্য জননাজ বা শুক্রাশয়ঃ

দৈর্ঘ্য	• প্রায় ২ ইঞ্চি বা ৪-৫ সে.মি.।
ওজন	• ১০-১২ গ্রাম।
আকৃতি	• ডিম্বাকার।
অবস্থান	• ক্রোটিাম নামক থলির ভিতর শুক্রাশয়দুটি পাশাপাশি অবস্থান করে।
আবরণ	• প্রতিটি শুক্রাশয় ৩টি আবরণী দ্বারা আবৃত থাকে। বাইরে থেকে ভিতরের দিকে এরা যথাক্রমে- ক. টিউনিকা ভ্যাজাইনালিস খ. টিউনিকা অ্যালবুজিনিয়া গ. টিউনিকা ভাস্কুলোসা
গঠন	• প্রত্যেক শুক্রাশয়ের ভেতরে প্রায় ১০০০টি সূক্ষ্ম ও প্যাঁচানো সেমিনিফেরাস নালিকা থাকে। • সেমিনিফেরাস নালিকা কতকগুলো সংগ্রাহক নালিকায় উন্মুক্ত হয়ে যে জালিকার সৃষ্টি করে তাকে রেটি টেসটিস বলে। • রেটি টেসটিস থেকে প্রায় বিশটি ৪ - ৬ মিলিমিটার লম্বা ভাসা ইফারেপিয়া নামক সংগ্রাহক নালি সৃষ্টি হয়। ২০০-৩০০টি খণ্ড $\xrightarrow{\text{প্রত্যেক খণ্ড}}$ ২-৩টি সেমিনিফেরাস নালিকা $\xrightarrow{১০০০টি}$ রেটি-টেসটিস \rightarrow ভাসাইফারেপিয়া (২০টি)
কাজ	• শুক্রাণু মাতৃকোষ থেকে শুক্রাণু উৎপন্ন করে এবং টেস্টোস্টেরন নামক হরমোন ক্ষরণ করে।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার + আবুল হাসান স্যার]

❖ আনুষঙ্গিক জনন অঙ্গঃ

নাম	বর্ণনা
এপিডিডাইমিস	• ৪-৬ মিটার বা ২০ ফুট লম্বা প্যাঁচানো নালিকা। • শুক্রাণুর নিষেক ক্ষমতা বৃদ্ধি করে এবং পুষ্টি পদার্থ ক্ষরণ করে শুক্রাণুকে সতেজ রাখে।
ভাস ডিফারেপ বা শুক্রনালি	• ৪০-৫০ সে.মি. লম্বা নালি যা মূত্রথলি অতিক্রম করার পর অ্যাম্পুলা গঠন করে। • সংগমের সময় দ্রুত শুক্রাণু পরিবহন করে।
সেমিনাল ভেসিকল	• একজোড়া ছোট, আঙ্গুলের মতো কোঁচকানো থলিকা। • সিমেন তৈরির জন্য বিপুল পরিমাণ পিচ্ছিল থকথকে পদার্থ ক্ষরণ করে। • ক্ষরণের ফ্রুক্টোজ সচল শুক্রাণুর শক্তির উৎস হিসেবে কাজ করে।
ফেপননালি	• সেমিনাল থলিকার ক্ষরণসমূহ শুক্রাণুকে ইউরেথ্রায় পৌঁছে দেয়।
ইউরেথ্রা	• রেচনতন্ত্র ও প্রজনন তন্ত্রের সাধারণ নালি যা ২০ সে.মি. লম্বা। • এ নালির মাধ্যমে বীর্য বাইরে স্থলিত হয় এবং মূত্র নিষ্কাশিত হয়।

[Ref: গাজী আজমল স্যার]

❖ বহিঃযৌনাঙ্গঃ

নাম	বর্ণনা
ক্রোটিাম বা অন্তথলি	• ক্রোটিামে যে তরল থাকে তাকে হাইড্রোসিল বলে। • এর তাপমাত্রা স্বাভাবিক দেহ তাপমাত্রা হতে 2°C কম থাকে। • শুক্রাণু উৎপন্নের জন্য অনুকূল তাপমাত্রা রক্ষা করে। • শুক্রাশয়কে চাপজনিত ক্ষতি হতে রক্ষা করে।
শিশ্ন বা পুরুষাঙ্গ	• শিশ্নের অগ্রভাগকে গ্রান্ড পেনিস বলে। • এখানে সবচেয়ে বেশি স্নায়ুতন্ত্র উন্মুক্ত। • গ্রান্ড পেনিসকে যে চামড়া ঢেকে রাখে তাকে প্রীপিউস বলে। • শিশ্নদেহ ২ ধরনের ইরেকটাইল টিস্যুতে গঠিত।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❖ পুংজনন গ্রন্থিঃ

নাম	বর্ণনা
(i) প্রস্টেট গ্রন্থি (১টি)	<ul style="list-style-type: none"> নাশপাতি আকৃতির গ্রন্থি। একধরনের স্ফারীয় তরল (অ্যালকাইলাইন ফসফেটেজ) নিঃসৃত হয় যা বীর্যরসের পরিমাণ বৃদ্ধি করে এবং যোনির ভিতরের অম্লীয় অবস্থাকে প্রশমিত করে শুক্রাণুকে বেঁচে থাকতে সহায়তা করে।
(ii) বাবোইউরেথ্রাল বা কাওপার এর গ্রন্থি (২টি)	<ul style="list-style-type: none"> দেখতে মটর দানার মত। সঙ্গমের সময় মিউকাসের মতো পদার্থ স্রবণ করে।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার + আবুল হাসান স্যার]



মনে করো দেখি.....

মটর দানার মতো কাওপার এর গ্রন্থি ছাড়া আর কী গ্রন্থি আছে?
(উত্তর পরবর্তী পৃষ্ঠায় দেখো)

❖ পুরুষ প্রজননতন্ত্রের হরমোনাল ক্রিয়াঃ

হরমোন	উৎস	কাজ
(i) গোনাদোট্রোফিক রিলিজিং হরমোন	হাইপোথ্যালামাস	<ul style="list-style-type: none"> পিটুইটারি গ্রন্থিকে লুটিনাইজিং এবং ফলিকল স্টিমুলেটিং হরমোন স্রবণে উদ্বীগু করে। শুক্রাণু উৎপাদন ও টেস্টোস্টেরনের মাত্রা নিয়ন্ত্রণ করে।
(ii) ফলিকল স্টিমুলেটিং হরমোন	অগ্র পিটুইটারি গ্রন্থি	<ul style="list-style-type: none"> টেস্টোস্টেরনের স্রবণ ঘটায়।
(iii) লুটিনাইজিং হরমোন	অগ্র পিটুইটারি গ্রন্থি	<ul style="list-style-type: none"> টেস্টোস্টেরনের স্রবণ ঘটায়।
(iv) লুটিওট্রফিক হরমোন	পিটুইটারি গ্রন্থি	<ul style="list-style-type: none"> গৌণ যৌন অঙ্গের বিকাশ ঘটায়।
(v) গোনাদোকর্টিকয়েড	অ্যাডরেনাল গ্রন্থি	<ul style="list-style-type: none"> ক্রমের যৌন বিভেদ নিয়ন্ত্রণ করে এবং যৌন গ্রন্থি, যৌন অঙ্গ ও গৌণ যৌন বৈশিষ্ট্যের বিকাশ ঘটায়।
(vi) অ্যান্ড্রোস্টেরন	শুক্রাশয়	<ul style="list-style-type: none"> এটি পুরুষের গৌণ যৌন বৈশিষ্ট্যের বিকাশ ঘটায় এবং শুক্রাণু জননে শুক্রাশয়কে উদ্বীগু করে।
(vii) টেস্টোস্টেরন	শুক্রাশয়ের ইন্টারস্টিশিয়াল কোষ	<ul style="list-style-type: none"> পুরুষের মুখ্য ও আনুষঙ্গিক জননাস্রের বৃদ্ধি ও বিকাশ এবং গৌণ বা সেকেন্ডারি যৌন বৈশিষ্ট্যের বিকাশ ঘটায়।
(viii) ইনহিবিন	শুক্রাশয়ের সারটলি কোষ	<ul style="list-style-type: none"> এটি গোনাদোট্রোফিক রিলিজিং হরমোন এবং ফলিকল স্টিমুলেটিং হরমোন স্রবণ মাত্রা হ্রাস করে এবং শুক্রাণু তৈরিতে সাহায্য করে।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

[বি. দ্র.: প্রধান আট ধরনের হরমোন দ্বারা মানব পুং জননতন্ত্রের কার্যাবলি নিয়ন্ত্রিত।(উপরের i-viii)- আবদুল আলীম স্যার]



বিগত বছরের প্রশ্নসমূহঃ (পুরুষ প্রজননতন্ত্র)

- ০১। সিমেন তৈরির জন্য পিচ্ছিল পদার্থ ক্ষরণ করে কোন অঙ্গ? [MAT : 15-16]
- (a) এপিডিডাইমিস (b) সেমিনাল ভেসিকল
(c) মূত্রাশয় (d) ভাস ডিফারেন্স
- ০২। নিম্নের কোনটি পুরুষ প্রজননতন্ত্রের অন্তর্ভুক্ত নয়? [MAT : 12-13]
- (a) সেমিনাল ভেসিকল (b) প্রস্টেট গ্রন্থি
(c) বার্ধেলিন এর গ্রন্থি (d) কাওপার এর গ্রন্থি
- ০৩। নিম্নের কোন তথ্যটি সঠিক নয়? [MAT : 08-09]
- (a) শুক্রাশয়ের সারটলি কোষ টেস্টোস্টেরন নামক গুরুত্বপূর্ণ যৌন হরমোন নিঃসরণ করে
(b) এপিডিডাইমিস শুক্রাণুর চলনশক্তি বৃদ্ধি করে
(c) প্রস্টেট গ্রন্থি থেকে অ্যালকালাইন ফসফাটেজ নামক এক রকম ক্ষারকীয় রস নিঃসরণ হয়
(d) সেমিনাল রস প্রধানত শুক্রাণুর পুষ্টি জোগায়
- ০৪। স্ক্রোটামের অভ্যন্তরীণ তাপমাত্রা দেহগহ্বর অপেক্ষা কত কম বা বেশি? [MAT : 03-04]
- (a) ২ সেন্টিগ্রেড বেশি (b) ৩ সেন্টিগ্রেড বেশি
(c) ২ সেন্টিগ্রেড কম (d) ৩ সেন্টিগ্রেড কম


উত্তরঃ ১। b ২। c ০৩। a ০৪। c (Ref: আবদুল আলীম)

মনে করো দেখি.....

উত্তরঃ পিটুইটারি গ্রন্থি।

০০ স্ত্রী প্রজননতন্ত্র

❖ অংশসমূহঃ



[Ref: গাঙ্গী আজমল সান্না]



❖ ডিম্বাশয়ঃ

অবস্থান	• জরায়ুর দুপাশে ইউটেরটারের নিচে বাদাম আকৃতির একজোড়া ডিম্বাশয় অবস্থিত।
ওজন	• ২.০ - ৩.৫ গ্রাম।
আকার	• ৩-৫ সে.মি লম্বা, ২-৩ সে.মি. চওড়া ও ০.৬-১.৫ সে.মি পুরু।
আবরণ	• মেসোভেরিয়াম নামক পেরিটোনিয়াল পর্দা দ্বারা আবৃত।
গঠন	• ডিম্বাশয়ের প্রাচীর জার্মিনাল এপিথেলিয়াম দ্বারা গঠিত। • প্রাপ্তবয়স্ক মহিলাদের ডিম্বাশয়ে যেসব গঠন দেখা যায় সেগুলো হলো- ইন্টারস্টিশিয়াল কোষ, টিউনিকা অ্যালবুজিনিয়া স্ট্রোমা, প্রাইমোর্ডিয়াল ফলিকুল, গ্রাফিয়ান ফলিকুল, কর্পাস লুটিয়াম ইত্যাদি।
বিশেষ তথ্য	• প্রতিটি ডিম্বাশয় ব্রুড লিগামেন্ট দিয়ে জরায়ুর প্রাচীরে আটকানো থাকে।
কাজ	• ডিম্বানু উৎপাদন করা প্রধান কাজ। • ইস্ট্রোজেন, প্রোজেস্টেরন ও রিলাক্সিন হরমোন ক্ষরণ করে।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

জানা না অজানা ?

- বয়ঃসন্ধিকালে ডিম্বাশয়দ্বয়ে প্রায় ৩ লক্ষ থেকে ৪ লক্ষ প্রাইমোর্ডিয়াল ফলিকুল (primordial follicle) থাকে এবং প্রত্যেক চান্দ্র মাসে এরা (কয়েকটি হরমোনের প্রভাবে) বড় হতে থাকে। এদের মধ্যে যে ফলিকুল সবচেয়ে বেশি পরিপক্বতা লাভ করে তাকে গ্রাফিয়ান ফলিকুল (Graffian follicle) বলে।
- স্ত্রীলোকের প্রজননকাল প্রায় ১৩-৫০ বয়স পর্যন্ত স্থায়ী হয় এবং এ সময়ে ৪৫০টি ডিম্বাণু পরিপক্বতা লাভ করে।

❖ আনুষঙ্গিক জনন অঙ্গঃ

ডিম্বনালি বা ফেলোপিয়ান নালি	<ul style="list-style-type: none"> • ১২ সে.মি. দীর্ঘ নালি। • ৪টি অংশ নিয়ে গঠিত। যথা- ক) আঙ্গুলের মতো প্রবর্ধন যুক্ত ঝালর বা ফিমব্রি, খ) ফানেলাকার ইনফান্ডিবুলাম, গ) স্বকীত অ্যাম্পুলা ও ঘ) জরায়ু সংলগ্ন ইসথমাস। • ডিম্বাশয় থেকে মুক্ত পরিণত ডিম্বাণুকে গ্রহণ করে জরায়ুতে পৌঁছে দেয়। • রস ক্ষরণ করে শুক্রাণুকে উর্ধ্বপ্রান্তে উঠে ডিম্বাণুকে নিষিক্তকরণে সাহায্য করে।
জরায়ু	<ul style="list-style-type: none"> • উল্টানো নাশপাতির মতো এবং ৮ সে.মি. লম্বা, ৫ সে.মি. চওড়া ও ৩ সে.মি. পুরু। • জরায়ুর ওজন ৬০ গ্রাম কিন্তু গর্ভাবস্থায় জরায়ু প্রায় ২০ গুণ বৃদ্ধি পায়। • উপরের অংশকে জরায়ুদেহ (Body) এবং নিচের দিকের সরু অংশকে সারভিক্স (Cervix) বলে। • প্রাচীর তিন স্তর বিশিষ্ট- বহিঃস্থ পেরিমেট্রিয়াম, মধ্যস্থ মায়োমেট্রিয়াম এবং অন্তঃস্থ এন্ডোমেট্রিয়াম। • জরায়ুতে তিনটি ছিদ্রপথ আছে- দুটি ফেলোপিয়ান নালির জন্য ও একটি যোনির জন্য।
যোনি	<ul style="list-style-type: none"> • ৮-১০ সেন্টিমিটার লম্বা। • যোনির প্রাচীরের ভাজগুলোকে রুগী বলে।
বহিঃযোনাঙ্গ	<ul style="list-style-type: none"> • লেবিয়া মেজোরা, লেবিয়া মাইনরা ও ক্লাইটোরিস বা ভগাঙ্গুর নিয়ে গঠিত। • লেবিয়া মাইনরার অন্তর্ভুক্ত বাথেলিন এর গ্রন্থি থাকে।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার + আবুল হাসান স্যার]

❖ স্ত্রী প্রজননতন্ত্রের হরমোনাল ক্রিয়াঃ

হরমোন	উৎস	কাজ
(i) গোন্যাডোট্রফিন রিলিজিং হরমোন	হাইপোথ্যালামাস	<ul style="list-style-type: none"> লুটিনাইজিং এবং ফলিকল স্টিমুলেটিং হরমোন ফরণে উদ্দীপিত করে। ডিহ্যাণ্ড উৎপাদন ও ইস্ট্রোজেনের মাত্রা নিয়ন্ত্রণ করে।
(ii) ফলিকল স্টিমুলেটিং হরমোন	পিটুইটারি গ্রন্থি	<ul style="list-style-type: none"> ওভারিয়ান ফলিকলের বৃদ্ধি, ওভুলেশন ও ইস্ট্রোজেন সৃষ্টিতে ক্রমিক রাখে।
(iii) লুটিনাইজিং হরমোন	পিটুইটারি গ্রন্থি	<ul style="list-style-type: none"> এর প্রভাবে গ্রাফিয়ান ফলিকল করপাস লুটিয়ামে পরিণত হয়।
(iv) লুটিওট্রফিক হরমোন	পিটুইটারি গ্রন্থি	<ul style="list-style-type: none"> স্ত্রীদের স্তন গ্রন্থি বিকাশ ও দুগ্ধ ফরণ ঘটায়।
(v) গোন্যাডোকটিকয়েড	অ্যাডরেনাল গ্রন্থি	<ul style="list-style-type: none"> যৌন গ্রন্থি যৌন অঙ্গ ও গৌন যৌন বৈশিষ্ট্যের বিকাশ ঘটায়। অণের যৌন বিভেদ নিয়ন্ত্রণ করে।
(vi) ইস্ট্রোজেন	ডিহ্যাণ্ড (কর্পাস লুটিয়াম)	<ul style="list-style-type: none"> স্ত্রী দেহের স্তনের এবং এন্ডোমেট্রিয়ামের বৃদ্ধি ঘটায়। স্ত্রী চরিত্রের পরিষ্ফুটন এবং পরিণত বয়সে মাসিক বা রজঃচক্র নিয়ন্ত্রণ করে।
(vii) প্রোজেস্টেরন	ডিহ্যাণ্ড (কর্পাস লুটিয়াম)	<ul style="list-style-type: none"> অণের পরিষ্ফুটনের জন্য জরায়ুর ভেতর উপযুক্ত পরিবেশ সৃষ্টি করে।
(viii) রিলাক্সিন	ডিহ্যাণ্ড ও অমরা	<ul style="list-style-type: none"> মহিলাদের প্রসবের সময় শ্রোণীদেশীয় লিগামেন্ট ও পেশির প্রসারণ ঘটায়।
(ix) HCG (Human Chorionic Gonadotropin)	অমরা	<ul style="list-style-type: none"> স্ত্রী জননাস্রের বৃদ্ধি, দুগ্ধ ফরণ ও ফিটাসের বর্ধনের জন্য গ্লুকোজ সরবরাহ নিশ্চিত করে।

[Ref: গাজী আজমল সার + আবদুল আশীম সার]

[নি. দ্র.: প্রধান আট ধরনের হরমোন দ্বারা মানব স্ত্রী জননতন্ত্রের কার্যাবলি নিয়ন্ত্রিত। (উপরের i-viii)- আবদুল আশীম সার]

বিগত বছরের প্রশ্নসমূহঃ (স্ত্রী প্রজননতন্ত্র)	
০১। মানব দেহে নিম্নে প্রক্রিয়া কোথায় সংঘটিত হয়? [DAI : 17-18]	
(a) জরায়ু	(b) ডিহ্যালি
(c) ডিহ্যাণ্ড	(d) সারভিঞ্জ
০২। মানুষের জরায়ু গর্ভাবস্থায় নিম্নের কতগুণ বৃদ্ধি পায়? [MAT : 10-11]	
(a) 30	(b) 20
(c) 40	(d) 10
০৩। নিম্নের কোন তথ্যটি সঠিক নয়? [MAT : 09-10]	
(a) প্রোল্যাকটিনের প্রভাবে মাতৃদুগ্ধ নিঃসৃত হয়	
(b) জরায়ু প্রাচীরের এন্ডোমেট্রিয়াম স্তরে মানব অণের ইমপ্ল্যান্টেশন হয়	
(c) প্রথম নিঃসৃত দুগ্ধকে শাল দুধ বলে	
(d) ডিহ্যাণ্ড থেকে রিলাক্সিন নিঃসরণ হয়	

উত্তরঃ	১। b	২। b	০৩। a
--------	------	------	-------

প্রজননের বিভিন্ন পর্যায় ও দশা

পর্যায় ও দশা	ক. বয়ঃপ্রাপ্তি গ. গ্যামিট সৃষ্টি ঙ. ইমপ্ল্যান্টেশন ছ. জ্ঞানের বিকাশ	খ. রজঃচক্র ঘ. নিষেক চ. জ্ঞানের পরিষ্ফুটন
---------------	---	--

[Ref: গাজী আজমল স্যার]

❖ বয়ঃপ্রাপ্তি বা বয়ঃসন্ধিকালঃ

সংজ্ঞা	<ul style="list-style-type: none"> নব জীবনের যে পর্যায়ে সেকেন্ডারি যৌন বৈশিষ্ট্য সমূহ বিকশিত হয় তাকে বয়ঃপ্রাপ্তি বা বয়ঃসন্ধি বলে।
সময়কাল	<ul style="list-style-type: none"> পুরুষ: ১৩-১৫ বছরের মধ্যে নারী: ১২-১৩ বছরের মধ্যে গ্রীষ্মপ্রধান দেশে ১৩-১৪ বছর বয়সে এবং এবং মেয়েদের ১০-১২ বছর বয়সে বয়ঃসন্ধিকাল শুরু হয়।
মেয়েদের বয়ঃসন্ধিকালীন পরিবর্তন	<ul style="list-style-type: none"> স্তন বা ব্রেস্ট বিকশিত হতে শুরু করে, যা মেয়েদের দেহের প্রথম পরিবর্তন; একে থেলার্চি (Thelarche) বলে। অঙ্গুলি (বগল) ও পিউবিক লোম গজাতে শুরু করে, একে পিউবার্চি (Pubarche) বলে। রজঃচক্র (মাসিক) শুরু হয়। প্রথম রজঃচক্রের সূত্রপাতকে মেনার্চি (Menarche) বলে।
ছেলেদের বয়ঃসন্ধিকালীন পরিবর্তন	<ul style="list-style-type: none"> কন্ঠস্বর ভারী ও গভীর হয়। সেমিনাল ফ্লুইডে ট্রুটোজের আবির্ভাব ঘটে। হৃৎপিণ্ডের গতি ও রক্তচাপ বৃদ্ধি পায়। মৌলিক বিপাকীয় হার বৃদ্ধি পায়।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

০০ রজঃচক্র

পর্যায়কাল	<ul style="list-style-type: none"> বয়ঃপ্রাপ্ত নারীর সমগ্র যৌন জীবনে প্রায় নিয়মিত গড়ে ২৮ দিন (২৪-৩২ দিন) পরপর রজঃচক্র সম্পূর্ণ হয়।
ব্যাপ্তিকাল	<ul style="list-style-type: none"> ১২-১৫ বছর বয়সে এর সূত্রপাত ঘটে এবং ৪৫-৫০ বছর পর্যন্ত অব্যাহত থাকে।
রজঃস্রাবের উপাদান	<ul style="list-style-type: none"> ক. রক্ত, খ. মিউকাস, গ. এন্ড্রোমেট্রিয়ামের ভগ্নাংশ ও ঘ. ধ্বংসপ্রাপ্ত অনিষ্কৃত ডিম্বাণু।
নিয়ন্ত্রক হরমোন	<ul style="list-style-type: none"> FSH, LH, Estrogen, Progesteron.
তাৎপর্য	<ul style="list-style-type: none"> মেয়েদের প্রজনন ক্ষমতার সূচনা ঘটায়। প্রতিমাসে একবার গর্ভসঞ্চারের সুযোগ সৃষ্টি করে। নিয়মিত রজঃচক্র মেয়েদের প্রজননিক সুস্থতার বহিঃপ্রকাশ।

[Ref: গাজী আজমল স্যার]

❖ রজঃচক্রের পর্বঃ

- জরায়ুর এন্ডোমেট্রিয়ামের পরিবর্তনের ভিত্তিতে চারটি পর্বে ভাগ করা যায়। যথা-

পর্বের নাম	স্থায়িত্ব	গুরুত্বপূর্ণ ঘটনা	এন্ডোমেট্রিয়ামের পুরুত্ব
(i) নিরাময় পর্ব/ Regenerative/ Repairing/ Resting phase	৩য়-৬ষ্ঠ দিন	• সমুখ পিটুইটারি গ্রন্থি থেকে FSH ও LH এর ক্ষরণ সামান্য বৃদ্ধি পায়।	১ মি.মি.
(ii) বৃদ্ধি পর্ব/Proliferative phase	৭ম- ১৪ তম দিন/ সময়কাল প্রায় ১০ দিন	• ফলিকুল কোষ থেকে প্রচুর পরিমাণ এস্ট্রোজেন হরমোন ক্ষরিত হয়। • ১৪ দিনের মাথায় ডিম্বপাত ঘটে। • কর্পাস লুটিয়াম প্রোজেস্টেরন হরমোন ক্ষরণ করে।	প্রায় ৩-৪ মি.মি./ ২-৪ মি.মি.
(iii) প্রাক-রজঃস্রাবীয় পর্ব/ Premenstrual phase/ সিক্রেটরি দশা	১৫ তম -২৮ তম দিন	• কর্পাস লুটিয়ামের থেকে প্রচুর পরিমাণ প্রোজেস্টেরন ও অল্প পরিমাণ ইস্ট্রোজেন ক্ষরণ ঘটে।	৫-৬ মি.মি.
(iv) রজঃস্রাবীয় বা ব্লিডিং পর্ব/ Menstrual/Destructive phase	৪-৫ দিন	• ইস্ট্রোজেন, প্রোজেস্টেরন, ফলিকুল স্টিমুলেটিং হরমোন ও লুটিনাইজিং হরমোন) ক্ষরণ মাত্রাই নিম্নতম পর্যায়ে থাকে। • প্রত্যেক রজঃস্রাবের পরিমাণ ৩০ - ৪০ মিলিলিটার।	

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]



বিগত বছরের প্রশ্নসমূহ (রজঃচক্র)

- ০১। নিম্নের কোন তথ্যটি সঠিক নয়? [MAT : 08-09]
- ইস্ট্রোজেন এবং প্রোজেস্টেরন গুরুত্বপূর্ণ নারী যৌন হরমোন
 - ইস্ট্রোজেনের প্রভাবে মেয়েদের নারীসুলভ লক্ষণ বিকশিত হয়
 - করপাস লুটিয়াম থেকে লুটিনাইজিং হরমোন নিঃসৃত হয়
 - ডিম্বাশয়ের সবচেয়ে পরিপক্ব ফলিকুলটিকে গ্রাফিয়ান ফলিকুল বলে
- ০২। সাধারণত রজঃচক্র কত দিন স্থায়ী হয়? [MAT : 04-05]
- ৩-৪
 - ৮-১০
 - ২-৩
 - ৪-৫

উত্তর

১। c

২। d


০০০ গ্যামিট সৃষ্টি বা গ্যামিটোজেনেসিস

সংজ্ঞা	<ul style="list-style-type: none"> প্রাণিদেহে শুক্রাণু ও ডিম্বাণু সৃষ্টির প্রক্রিয়াকে গ্যামিটোজেনেসিস বলে।
স্পার্মাটোজেনেসিস	<ul style="list-style-type: none"> শুক্রাণু উৎপন্নের প্রক্রিয়া। স্পার্মাটোজেনেসিস প্রক্রিয়ার ধাপ চারটি। যথা- <ol style="list-style-type: none"> সংখ্যাবৃদ্ধি পর্যায়, পরিবর্ধন বা বৃদ্ধি পর্যায়, পূর্ণতাপ্রাপ্তি পর্যায় ও স্পার্মিওজেনেসিস।

উওজেনেসিস	<ul style="list-style-type: none"> • ডিম্বাণু উৎপন্নের প্রক্রিয়া। • উওজেনেসিস প্রক্রিয়ার ধাপ চারটি। যথা- <ul style="list-style-type: none"> ক. সংখ্যাবৃদ্ধি পর্যায়, খ. পরিবর্ধন বা বৃদ্ধি পর্যায়, গ. পূর্ণতাপ্রাপ্তি পর্যায় ও ঘ. রূপান্তর।
গ্যামিটের উৎস	<ul style="list-style-type: none"> • পুরুষের শুক্রাণু এবং স্ত্রীর ডিম্বাণুতে বিদ্যমান জার্মিনাল এপিথেলিয়াম কোষ।

[Ref: গাজী আজমল স্যার]

❖ গ্যামেটোজেনেসিস প্রক্রিয়ার প্রবাহ চিত্রঃ



www.bdniiyog.com

❖ বিশেষ তথ্যঃ

স্পার্মাটোজেনেসিস	<ul style="list-style-type: none"> জার্মিনাল এপিথেলিয়ামের মধ্যবর্তী কোষ সারটলি কোষ, যা বর্ধনশীল শুক্রাণুতে পুষ্টি যোগায়। সারটলি কোষ কেবলমাত্র স্তন্যপায়ী প্রাণিতে পাওয়া যায়। স্পার্মাটোগেনিয়ামকে (2n) শুক্রাণু মাতৃকোষও বলা হয়। প্রাইমারি স্পার্মাটোসাইটের নিউক্লিয়াস আয়তনে বেশ বড় এবং ক্রোমোজোমগুলোতে মিয়োসিসের ইন্টারফেজ দশার লক্ষণ প্রকাশ পায়। স্পার্মাটোজেনেসিস প্রক্রিয়া সম্পন্ন হতে ৬০-৭০ দিন সময় লাগে।
উওজেনেসিস	<ul style="list-style-type: none"> প্রাইমারি উওসাইট (2n) ফলিকুল কোষ দ্বারা আবৃত হয়ে প্রাইমারি ফলিকুল এ পরিণত হয়। পরিপক্ব প্রাইমারি ফলিকুলকে গ্রাফিয়ান ফলিকুল বলে। পূর্ণতাপ্রাপ্তি পর্যায়ে একটি প্রাইমারি উওসাইট থেকে একটি বৃহৎ উওটিড ও তিনটি ছোট পোলার বডি সৃষ্টি হয়। উওটিড রূপান্তরিত হয়ে ওভাম বা ডিম্বাণু-তে পরিণত হয়। সকল পোলার বডি বিনষ্ট হয়ে পরিত্যক্ত হয়।
স্পার্মিওজেনেসিস	<ul style="list-style-type: none"> চলাচলে অক্ষম, গোলাকার স্পার্মাটিড ধারাবাহিক ও সম্পূর্ণ আঙ্গিক পরিবর্তনের মাধ্যমে আর কোন বিভাজন ছাড়াই সচল শুক্রাণুতে পরিণত হয়। স্পার্মাটিডের নিউক্লিয়াসটি পানি, RNA, নিউক্লিয়াস ত্যাগ করে মাথা গঠন করে। স্পার্মাটিডের গলজি বডি থেকে অ্যাক্রোসোম সৃষ্টি হয় যা শুক্রাণুর মাথায় টুপির মতো অবস্থান করে। অক্ষীয় সূত্র ও লেজ (Flagellum) গঠন: সেন্ট্রিওল থেকে। মধ্যাংশ গঠন-মাইটোকন্ড্রিয়া দ্বারা।

[Ref: গাজী আজমল স্যার]

❖ শুক্রাণুর গঠনঃ [চিত্র-২৯(খ), পৃষ্ঠা-xiv দেখো]

বিশেষ তথ্য	<ul style="list-style-type: none"> মানুষের শুক্রাণুর দৈর্ঘ্য ৫০ μm, ব্যাস ২.৫ μm। মানুষের শুক্রাণু প্রতি সেকেন্ডে ১-৪ মিলিমিটার পথ অতিক্রম করে। 	
অংশসমূহ	<ul style="list-style-type: none"> মানুষের শুক্রাণু ৪টি প্রধান অংশ নিয়ে গঠিত। যথা- 	
	(i) মস্তক	<ul style="list-style-type: none"> কোণাকৃতি বা লেন্সের মতো এবং মূলত নিউক্লিয়াস দ্বারা গঠিত। নিউক্লিয়াসের উপর টুপির মত অ্যাক্রোসোম থাকে যা গলজি বডি থেকে সৃষ্টি এবং এতে ডিম্বাণুর ঝিল্লী বিগলনকারী এনজাইম থাকে।
	(ii) গ্রীবা	<ul style="list-style-type: none"> পরস্পর সমকোণে ২ টি সেন্ট্রিওল থাকে।
	(iii) মধ্যাংশ	<ul style="list-style-type: none"> সাইটোপ্লাজম, মাইটোকন্ড্রিয়া ও অক্ষীয় সূত্রে গঠিত। মাইটোকন্ড্রিয়া শুক্রাণুর চলনের শক্তি যোগায়।
	(iv) লেজ বা ফ্লাজেলাম	<ul style="list-style-type: none"> শুক্রাণুর চলাচলে সাহায্য করে। এটি শুক্রাণুর দীর্ঘতম অংশ।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

❖ ডিম্বাণুর গঠনঃ [চিত্র-২৯(ক), পৃষ্ঠা-xiv দেখো]

পরিপক ডিম্বাণুকে তিনটি অংশে ভাগ করা যায়। যথা-

(i) ডিম্বাণু ঝিল্লি	<ul style="list-style-type: none"> ডিম্বাণুতে তিন ধরনের আবরণী দেখা যায়। যথা- ক. ভাইটেলিন আবরণ: ডিম্বাণুর প্লাজমামেমব্রেনকে ভাইটেলিন আবরণী বলে। এটি লিপোপ্রোটিন সমৃদ্ধ। খ. প্রাইমারি আবরণ: এটিকে জোনা পেলুসিডা বলে। গ. সেকেণ্ডারি আবরণ: এটিকে করোনা রেডিয়েটা বলে।
(ii) উৎপাদন	<ul style="list-style-type: none"> ডিম্বাণুর সাইটোপ্লাজমকে উৎপাদন বলে। এতে প্রচুর গলজি বডি, মাইটোকন্ড্রিয়া, এন্ডোপ্লাজমিক রেটিকুলাম ও কৰ্টিক্যাল গ্রানিউল থাকে। অধিকাংশ ডিম্বাণুর সাইটোপ্লাজমে সঞ্চিত খাদ্য হিসেবে কুসুম বা ডিওটারোপ্লাজম থাকে। কুসুম সাইটোপ্লাজমে সমানভাবে ছড়ানো থাকে। তাই মানুষের ডিম্বাণুকে মাইক্রোলেসিথাল ডিম্বাণু (microlecithal egg) বলে।
(iii) নিউক্লিয়াস	<ul style="list-style-type: none"> ডিম্বাণুর নিউক্লিয়াস বেশ বড় তবে কেন্দ্র থেকে একটি সরে অবস্থান করে। নিষেকের সময় নিউক্লিয়াসটি কেন্দ্রে আসে। এতে প্রচুর RNA ও হ্যাণ্ডয়েড (n) সংখ্যক বা ২৩টি ক্রোমোজোম থাকে।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আশীম স্যার]

❖ কুসুমের পরিমাণের ভিত্তিতে ডিম্বাণুর প্রকারভেদঃ

প্রকারভেদ	বৈশিষ্ট্য	উদাহরণ
(i) অ্যালেসিথাল	এসব ডিম্বাণুতে কুসুম থাকে না বা অত্যন্ত কম থাকে।	মানুষের ডিম্বাণু।
(ii) মাইক্রোলেসিথাল	এসব ডিম্বাণুতে কুসুম কম থাকে।	অ্যান্টিঅক্সাসের ডিম্বাণু।
(iii) ম্যাক্রোলেসিথাল	এসব ডিম্বাণুতে কুসুম বেশি থাকে।	মুরগী, হাঁস ও অন্যান্য পাখির ডিম্বাণু।

[Ref: আবুল হাসান স্যার]

❓ বিগত বছরের প্রশ্নসমূহ (গ্যামিটোজেনেসিস)

০১। মানুষের শুক্রাণু প্রতি সেকেন্ডে কত মিলিমিটার পথ অতিক্রম করতে পারে? [MAT : 10-11]

- (a) 1 - 8 (b) 1 - 4
(c) 5 - 8 (d) 8 - 12

০২। নিম্নের কোন তথ্যটি সঠিক নয়? [MAT : 07-08]

- (a) একটি জনন মাতৃকোষ থেকে একটি সক্রিয় ডিম্বাণু তৈরি হয়
(b) DNA হচ্ছে ক্রোমোসোমের একমাত্র স্থায়ী রাসায়নিক পদার্থ
(c) RNA শুধুমাত্র নিউক্লিয়াসে থাকে
(d) প্রতি সেকেন্ডে এক হাজারের বেশি শুক্রাণু তৈরি হয়

০৩। কোনটি উত্তজেনেসিসে ঘটে না? [MAT : 05-06]

- (a) একটি জনন মাতৃকোষ থেকে একটি সক্রিয় ডিম্বাণু এবং তিনটি নিষেক-এ ভূমিকাহীন পোলার বডি সৃষ্টি হয়
(b) উত্তজেনেসিসের মাধ্যমে উৎপন্ন ডিম্বাণুর সংখ্যা অনেক কম
(c) উৎপন্ন ডিম্বাণু ছোট, সক্রিয় ও চলাচলে সক্ষম
(d) এ প্রক্রিয়ায় প্তী গ্যামিট বা ডিম্বাণু উৎপন্ন হয়

০৪। নিম্নের কোনটি গ্যামিটোজেনেসিস এর জন্য সঠিক নয়? [MAT : 05-06]

- (a) শুক্রাণু নিউক্লিয়াসের সমুখপ্রান্তে গলজি বডি থেকে অ্যাক্রোসোম সৃষ্টি হয়
(b) ব্যাণ্ডের সাইটোপ্লাজমসহ ডিম্বাণু নিউক্লিয়াসটি কুসুম থেকে পৃথক হয়ে ডিম্বাণুর নিম্নপ্রান্তে জুড়ে থাকে
(c) প্রত্যেকটি উৎপাদনীয় ডিম্বাণু (2n) সংখ্যক ক্রোমোসোম বহন করে
(d) স্পার্মাটোজেনেসিসে হ্যাণ্ডয়েড ক্রোমোসোম সেটের DNA অপরিবর্তিত থাকে

- ০৫। জননকোষের বৈশিষ্ট্য কোনটি? [MAT : 03-04]
- (a) জাইগোট মাইটোসিস বিভাজনের ফলে সৃষ্টি হয়
(b) প্রধানত চার ধরনের
(c) ফ্রোমোসোমের সংখ্যা হ্যাপ্লয়েড
(d) উপরের সব কয়টি
- ০৬। কোনটি উওজেনেসিসের জন্য প্রয়োজ্য নয়? [MAT : 02-03]
- (a) নিউক্লিয়াস ও সাইটোপ্লাজম একই সাথে পূর্ণতা প্রাপ্ত হয়
(b) মুখ্যঝিল্লি সৃষ্টি করে
(c) পূর্ণতা প্রাপ্তির শেষ পর্যায়ে ডিম্বাশয়ের ভেতর সম্পন্ন হয়
(d) অ্যানিমেল ও ভেজিটাল মেরুর সৃষ্টি হয়
- ০৭। কোনটি সত্য নয়? [MAT : 02-03]
- (a) বৃদ্ধি পর্যায়ে স্পার্মাটোগোনিয়া বিপুল পরিমাণ পুষ্টিদ্রব্য ও ফ্রোমাটিন পদার্থ সংরক্ষণ করে
(b) স্পার্মাটোজেনেসিসে মুখ্যঝিল্লি সৃষ্টি হয় না
(c) উওজেনেসিসে মুখ্যঝিল্লি সৃষ্টি হয়
(d) স্পার্মাটোজেনেসিসে পূর্ণতা প্রাপ্তির সমস্ত প্রক্রিয়া শুক্রাশয়ে সম্পন্ন হয় না
- ০৮। কোনটি উওজেনেসিস এর ক্ষেত্রে প্রয়োজ্য নয়? [MAT : 01-02]
- (a) একটি উওগোনিয়াম থেকে চারটি কার্যক্ষম ডিম্বাণু সৃষ্টি হয়
(b) পরিণত ডিম্বাণু সঙ্গে সঙ্গেই নিষিক্ত হওয়ার ক্ষমতা প্রাপ্ত হয়
(c) জার্মিনাল এপিথেলিয়াম থেকে বিচ্ছিন্ন প্রিমোর্ডিয়াল জননকোষগুলি ডিম্বাণু সৃষ্টি করে
(d) পরিণত ডিম্বাণুর চারদিকে কয়েকটি আবরণ দেখা যায়

উত্তরঃ	১। b	২। c	০৩। c	০৪। b	০৫। c	০৬। c	০৭। d	০৮। a
--------	------	------	-------	-------	-------	-------	-------	-------

নিষেক

❖ নিষেকের প্রকারভেদঃ

সংঘটন স্থলের ভিত্তিতে		গ্যামিটের উৎপত্তিগত দিক থেকে	
(ক) অন্তঃনিষেক	(খ) বহিঃনিষেক	(ক) স্বনিষেক	(খ) পরনিষেক
সরিসৃপ, পাখি ও স্তন্যপায়ীসহ স্থলে বসকাসকারী অধিকাংশ প্রাণিতে ঘটে।	মাছ, উভচরসহ অধিকাংশ পানিচর প্রাণিতে ঘটে।	Platyhelminthes পর্বের ফিতাকৃমি, যকৃতকৃমি ইত্যাদির নিষেক।	আরশোলা, ব্যাঙ, মুরগী ও মানুষের নিষেক।

[Ref: গাজী আজমল স্যার]

❖ মানবদেহে নিষেক প্রক্রিয়াঃ

সংজ্ঞা	• সেকেন্ডারি উওসাইট ও পরিণত শুক্রাণুর নিউক্লিয়াসের একীভবন।
কোথায় ঘটে	• স্ত্রীর ডিম্বনালি বা ফেলোপিয়ান নালিতে সংঘটিত হয়।
বিশেষ তথ্য	• স্থলিত শুক্রাণুগুলোর অ্যাক্রোসোম থেকে হায়ালুরোনিডেজ নামক এনজাইম ক্ষরিত হয়। • শুক্রাণু ডিম্বাণুতে প্রবেশের ফলে সেকেন্ডারি উওসাইটটি উদ্দীপ্ত হয়ে দ্বিতীয় মিয়োটিক বিভাজন ঘটায়। • পুরুষ প্রোনিউক্লিয়াসটি ডিম্বাণুর কেন্দ্রের দিকে অগ্রসর হয়ে স্ত্রী প্রোনিউক্লিয়াসের সাথে একীভূত হলে ডিম্বাণুটি ডিপ্লয়েড জাইগোটে ($n + n = 2n$) পরিণত হয়।

[Ref: গাজী আজমল স্যার + আবদুল আলীম স্যার]

৩৩ গর্ভধারণ বা ইমপ্লান্টেশন

সংজ্ঞা	<ul style="list-style-type: none"> নিষেকের পর ৬ থেকে ৯ দিনের মধ্যে যে প্রক্রিয়ায় জাইগোটটি ব্লাস্টোসিস্ট অবস্থায় জরায়ুর এন্ডোমেট্রিয়ামে সংস্থাপিত হয়, তাকে ইমপ্লান্টেশন বলে।
ধাপসমূহ	<ul style="list-style-type: none"> নিষেকের পর জাইগোটে দ্রুত কোষ বিভাজন শুরু হয়। জাইগোটের বিভাজনকে ক্লিভেজ বলে। জাইগোট বিভাজিত হয়ে যে কোষপুঞ্জ গঠন করে তাকে মরুলা বলে। মরুলা বিভাজিত হয়ে এক স্তরবিশিষ্ট ব্লাস্টুলা বা ব্লাস্টোসিস্ট গঠন করে। ব্লাস্টোসিস্টে প্রায় ১০০টির মতো কোষ থাকে। প্রতিটি কোষকে ব্লাস্টোসিস্টের বলে। ব্লাস্টোসিস্টের স্তরকে ট্রিফোলারুল বলে। ৪-৫ দিনের ভিতর ব্লাস্টোসিস্ট জরায়ুতে এসে পৌঁছালে দুদিনের মধ্যে এর জোনা পেলুসিডা আবরণ অদৃশ হয়ে যায়।

[Ref: গাজী আজমল স্যার]

❖ অমরা বা প্লাসেন্টাঃ

বৈশিষ্ট্য	<ul style="list-style-type: none"> পূর্ণ গঠিত প্লাসেন্টার ওজন প্রায় ৬০০ গ্রাম, ব্যাস ১৫-২০ সে.মি. ও পুরুত্ব ৩ সে.মি.। জর্ভীয় ও মাতৃকলায় গঠিত চাকতি আকৃতির গঠন।
গঠন	<ul style="list-style-type: none"> প্লাসেন্টায় ফিটাসের অংশ হচ্ছে কোরিওনিক কোষ ও মাতৃদেহের অংশ এন্ডোমেট্রিয়ামের প্রবর্ধনসমূহ। নিষেকের ১২ সপ্তাহ পর গঠিত হয়।
কাজ	<ul style="list-style-type: none"> সংস্থাপন: জর্ভকে জরায়ু-প্রাচীরে সংস্থাপিত করে। পুষ্টি: মায়ের দেহ থেকে জর্ভের দেহে সরবরাহ করে। গ্যাসীয় বিনিময়: জর্ভের শ্বসনে সাহায্য করে। রেচন: জর্ভের রেচনবর্জ্য মায়ের দেহে পরিবহন করে। অনাক্রম্যতা: ডিপথেরিয়া, হাম, গুটিবসন্ত, স্কারলেট জ্বর প্রভৃতির বিরুদ্ধে। জীবাণু বহন: সিফিলিস, হাম, জলবসন্ত, গুটিবসন্ত, রুবেলা প্রভৃতি ভাইরাস মায়ের দেহ থেকে জর্ভে প্রবেশ করে। ঔষধ পরিবহন: ক্ষতিকর ঔষধ জর্ভের দেহে মারাত্মক ক্ষতি করে। সঞ্চয়: স্নেহ, গ্লাইকোজেন ও আয়রন সঞ্চিত থাকে। হরমোন নিঃসরণ: ইস্ট্রোজেন, প্রোজেস্টেরন, হিউম্যান প্লাসেন্টাল ল্যাকটোজেন ও কোরিওনিক গোন্যাডোট্রফিন।

[Ref: গাজী আজমল স্যার]

❖ জর্ভ আবরণীঃ

- পরিষ্কৃটনকালে মানবজর্ভের চারদিকে ৪টি কিল্লি থাকে। এগুলোকে বহিঃজর্ভীয় আবরণী বলা হয়। যথা-


নাম	কাজ
(i) অ্যামনিওন	<ul style="list-style-type: none"> জর্ভকে শুষ্কতার হাত থেকে রক্ষা করে। ঝাঁকুনিজনিত আঘাত থেকে জর্ভকে রক্ষা করে। অঙ্গ-প্রত্যঙ্গের সুষ্ঠু বিকাশে সাহায্য করে। তরলে পূর্ণ হওয়ায় বাইরের চাপ জর্ভদেহে সমানভাবে ছড়িয়ে পড়ে।
(ii) অ্যালানটয়েস	<ul style="list-style-type: none"> জর্ভের শ্বসনে ও রেচনে সাহায্য করে। কোরিওনের সঙ্গে মিলিতভাবে প্লাসেন্টা গঠনে সক্রিয় অংশ গ্রহণ করে।
(iii) কোরিওন	<ul style="list-style-type: none"> অ্যালানটয়েসের সঙ্গে মিলিতভাবে শ্বসনে ও পুষ্টি সরবরাহে সাহায্য করে। প্লাসেন্টা গঠনে অংশগ্রহণ করে।
(iv) কুসুম থলি	<ul style="list-style-type: none"> কুসুম থলি স্টেম কোষ (stem cell)-এর উৎস হিসেবে কাজ করে। এসব কোষ থেকে রক্তকণিকা ও লিম্ফয়েড কোষ উৎপন্ন হয়।

[Ref: গাজী আজমল স্যার]

Unmesh Special

কিভাবে ভুলে যাই তোমায়.....

❖ জ্ঞানের আবরণঃ কুসুম কোরিয়ায় একবারই আইলো।



?✓ বিগত বছরের প্রশ্নসমূহঃ (গর্ভধারণ বা ইমপ্লান্টেশন)

০১। নিম্নের কোনটি সঠিক নয়? [MAT : 08-09]

- (a) আমিষ জাতীয় খাদ্য বিপাকের ফলে নাইট্রোজেন যুক্ত বর্জ্য পদার্থ সৃষ্টি হয়
 (b) ডিম্বাশয় থেকে কোরিওনিক গোনাডোট্রপিন নিঃসৃত হয়
 (c) অ্যামাইনো এসিড আমিষের গঠনমূলক একক
 (d) চোখের অগ্র প্রকোষ্ঠ অ্যাকুয়াস হিউমার দিয়ে পূর্ণ থাকে

০২। নিম্নের কোন জীবাণু মৃতদেহ থেকে অমরার মাধ্যমে ফিটাসে যায়? [MAT : 05-06, DAT : 09-10]

- (a) কলেরা (b) রুবেলা
 (c) ডিপথেরিয়া (d) টিটেনাস

০৩। কোনটি অ্যালানটয়েসের কাজ নয়? [MAT : 05-06]

- (a) অঙ্গ - প্রত্যঙ্গের সৃষ্টি বিকাশে সাহায্য করে
 (b) অ্যালানটো কোরিওন প্লাসেন্টা গঠনে সক্রিয় অংশ-গ্রহণ করে
 (c) জ্ঞানের শ্বসনে সাহায্য করে
 (d) জ্ঞানের রেচনে সাহায্য করে

০৪। যেটি গর্ভাবস্থায় অমরার কাজ নয়? [MAT : 03-04]

- (a) লুটিনাইজিং হরমোন নিঃসৃতকরণ
 (b) রিলাক্সিন হরমোন নিঃসৃতকরণ
 (c) প্রোজেস্টেরন হরমোন নিঃসৃতকরণ
 (d) এর মাধ্যমেই মাতা ও জ্ঞানের মধ্যে প্রয়োজনীয় পদার্থ সমূহ ও বর্জ্য পদার্থের আদান-প্রদান হয়

উত্তর

১। b

২। b

০৩। a

০৪। a

০০০ মানব জ্ঞানের পরিস্ফুটন

❖ ব্যক্তিজনিক পরিস্ফুটনের ধাপসমূহঃ [চিত্র-৩০, পৃষ্ঠা-xv দেখো]

ক্রিভেজ	<ul style="list-style-type: none"> এ প্রক্রিয়ায় জাইগোট মাইটোসিস প্রক্রিয়ায় বিভাজিত হয়ে অসংখ্য জ্ঞণ কোষ তৈরি করে। জ্ঞণ ব্লাস্টুলায় পরিণত হলে ক্রিভেজ দশার সমাপ্তি ঘটে। ব্লাস্টুলার প্রাচীরকে ব্লাস্টোডার্ম এবং তরলপূর্ণ গহুরকে ব্লাস্টোসিল বলে।
গ্যাস্টুলেশন	<ul style="list-style-type: none"> এ পর্যায়ে জ্ঞণে আর্কেস্টেরন নামক প্রাথমিক খাদ্য গহুর সৃষ্টি হয়। গহুরটি যে ছিদ্রপথে বাইরে উন্মুক্ত থাকে, তাকে ব্লাস্টোপোর বলে। এ পর্যায়ে জ্ঞণীয় স্তর সৃষ্টি হয়। এ প্রক্রিয়া শেষ হলে জ্ঞণ, গ্যাস্টুলা রূপ ধারণ করে।
অর্গানোজেনেসিস	<ul style="list-style-type: none"> গ্যাস্টুলেশনে সৃষ্ট জ্ঞণীয় স্তর থেকে জ্ঞণের অঙ্গকুড়ি সৃষ্টির প্রক্রিয়াকে অর্গানোজেনেসিস বলে।

[Ref: গান্ধী আজমল স্যার + আবদুল আসীম স্যার]

❖ তিনটি জর্ণীয় স্তরের পরিণতিঃ


জর্ণীয় স্তর	পূর্ণাঙ্গ প্রাণিদেহে যে সমস্ত অঙ্গ গঠিত হয়
